The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 861 | 14 March 2025 | শুক্রবার ২৯ ফাল্গুন ১৪৩১



Eric Adams, Andrew Cuomo and Adrienne Adams running for City mayor >> Page 18



Judge blocks effort to deport Palestinian activist >> Page 18



Anora wins best picture at Oscars >> Page 19



No mercy for rapists, ensure the highest form of punishment: Mim >> Page 19

# ভারতীয় দূরবীনে জাতিসংঘ মহাসচিবের সফর

হাসান মাহমুদ



বাংলাদেশের অন্তর্বর্তীকালিন ড. মোহাম্মদ ইউনূস সরকার যখন দেশের অর্থনীতি, প্রশাসন, জিও পলিটিক্স এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে কোণঠাসা সেই সময়ে জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরাঁস বাংলাদেশে ব্যস্ততম দিন অতিবাহিত করছেন। সারা বিশ্ব তাঁর এই সফরের দিকে তাকিয়ে আছে। 'জিও পলিটিক্সে'র অত্যন্ত গুরুত্বপূর্ণ এক সন্ধিক্ষণে তাঁর সফরকে ভারত সরকার দূরবিনের সামনে রেখেছে বলে কূটনৈতিক মহলে ব্যাপক আলোচনা হচ্ছে। বাংলাদেশে রাজনীতির ক্রান্তিকালে ভারতের একচ্ছত্র সমর্থনে গঠিত আওয়ামী লীগ সরকার যখন নির্বাসিত তখন জাতিসংঘ মহাসচিবের এবারের সফর অনেক তাৎপর্য বহন করছে বলে মনে করা হচ্ছে। বাংলাদেশ নিয়ে ভারতীয় মিডিয়ার মিথ্যাচারও গত ৭ মাসে ব্যাপক নৈরাজ্য তৈরি করেছে বলে অভিযোগ রয়েছে।

আন্তোনিও গুতেরাঁসকে নিয়ে বাংলাদেশ সময় বৃহস্পতিবার বিকালে ৫টায় এমিরেটসের এয়ারলাইন্সের একটি ফ্লাইট (ইকে-৫৮৬) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। এ সময় তাঁকে উষ্ণভাবে স্বাগত জানান পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা মো. তৌহিদ হোসেন। এ সময় বিমানবন্দরে বাংলাদেশ সেনাবাহিনীর কঠোর নিরাপত্তা ব্যবস্থা ছিল। বিমানবন্দরের আনুষ্ঠানিকতা শেষে জাতিসংঘ মহাসচিবকে সরাসরি রমনায় হোটেল ইন্টারকন্টিনেন্টালে নিয়ে যাওয়া হয়। এরপর ৪১ পৃষ্ঠায়

# যুক্তরাষ্ট্রে বিদ্যুৎ বন্ধের হুমকি কানাডার



আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রকে বিদ্যুৎ বন্ধের হুমকি দিয়েছে কানাডা। যুক্তরাষ্ট্রে রপ্তানি করা বিদ্যুতের ওপর ২৫ শতাংশ শুল্কারোপের কথা উল্লেখ করে অন্টারিও রাজ্যের প্রধানমন্ত্রী ডগ ফোর্ড বলেছেন, যুক্তরাষ্ট্র যদি তাদের পদক্ষেপ চলমান রাখে তাহলে দেশটিতে সম্পূর্ণরূপে বিদ্যুৎ সরবরাহ বন্ধ করে দেবেন। এমন খবর দিয়েছে সিএনএন।

গত ১০ মার্চ থেকেই যুক্তরাষ্ট্রে রপ্তানি করা বিদ্যুতের ওপর ২৫ শতাংশ শুল্ক বৃদ্ধি কার্যকর হয়েছে বলে জানিয়েছেন ফোর্ড। এরপর ৩৮ পৃষ্ঠায়

ধর্ষিতা শিশুর মৃত্যু

# স্তম্ভিত বাংলাদেশ

## জানাজায় লাখো মানুষের কান্না

মাসুদ করিম, *ঢাকা থেকে*

মাগুরায় অচেতন অবস্থায় উদ্ধারের পর চিকিৎসাধীন অবস্থায় মারা যাওয়া শিশুটির মরদেহ সেনাবাহিনীর একটি হেলিকপ্টারে বৃহস্পতিবার সন্ধ্যা ছয়টার দিকে মাগুরায় নেয়া হয়। জেলা স্টেডিয়ামে নামার পরে সন্ধ্যা সাতটায় শহরের নোমানী ময়দানে শিশুটির জানাজা অনুষ্ঠিত হয়। এরপর ৪১ পৃষ্ঠায়

# সম্প্রীতির বন্ধনে সোসাইটির ইফতার অনুষ্ঠিত



আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে জন্ম নেয়া ও বেড়ে ওঠা নতুন প্রজন্মের মধ্যে ইসলামের মূল্যবোধ জাগ্রত করা ও কুরআনের গুরুত্ব তুলে ধরতে রমজান উপলক্ষ্যে কোরআন তেলাওয়াত প্রতিযোগিতা ও ইফতার মাহফিল আয়োজন করে বাংলাদেশ সোসাইটি। গত ৯ মার্চ কুইন্সের উডহ্যাভেনের জয়া হলে অনুষ্ঠিত প্রবাসীদের আমব্রেলা সংগঠনের ইফতার মাহফিলে এরপর ৩৮ পৃষ্ঠায় আরো ছবি ১৪ ও ১৫ পৃষ্ঠায়



# কাদেরের কললিস্টে নায়িকাদের সয়লাব

আজকাল রিপোর্ট

পতিত হাসিনা সরকারের দাপুটে মন্ত্রী ছিলেন ওবায়দুল কাদের। ছিলেন সরকারের যোগাযোগ মন্ত্রণালয়ের দায়িত্বে। সিনে পাড়ায় তার জনপ্রিয়তার আলোচনা ছিল তুঙ্গে। তার সাথে সখ্যতা ছিল একাধিক নায়িকার। তার টেলিফোন কল লিস্টে বহু নায়িকা ও মডেল তারকার নাম মিলেছে। ক্ষমতায় থাকাকালীন ওবায়দুল কাদেরের সঙ্গে বিভিন্ন নায়িকা ও এরপর ৩৬ পৃষ্ঠায়

# সিলেটের রহস্যময়ী হেলেনকে নিয়ে তোলপাড়



মিজানুর রহমান, *সিলেট থেকে*

হেলেন আহমেদ। সিলেটে বহুল আলোচিত একটি নাম। সামরিক-বেসামরিক সরকার, অন্তর্বর্তী বা কেয়ারটেকার- সব আমলেই কম-বেশি ক্ষমতাধর এরপর ৩৭ পৃষ্ঠায়

# ড. ইউনূস-শি জিনপিং বৈঠক ২৮ মার্চ

আজকাল রিপোর্ট

প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস বেইজিংয়ে চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে বসবেন ২৮ মার্চ। বৃহস্পতিবার (১৩ মার্চ) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক মুখপাত্র এ তথ্য এরপর ৩৭ পৃষ্ঠায়

# ট্রাম্প জমানায় মুসলিম বিদ্বেষে রেকর্ড

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে মুসলিম এবং আরবদের বিরুদ্ধে বৈষম্য ও হামলা ২০২৪ সালে রেকর্ড সংখ্যক বেড়েছে। অ্যাডভোকেসি গ্রুপ কাউন্সিল অন আমেরিকান-ইসলামিক রিলেশন্স (সিএআইআর) মঙ্গলবার (১১ মার্চ) এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে। সংস্থাটি বলেছে, গত বছর যুক্তরাষ্ট্রে মুসলিম ও আরব বিদ্বেষ বিষয়ক ৮ হাজার ৬৫৮টি অভিযোগ দায়ের করা হয়। যা গত এরপর ৩৮ পৃষ্ঠায়

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকালাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

RAJIB AHMED, PRESIDENT & CEO, LICENSED REAL ESTATE EXPERT
MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
Uber lyft NYC TAXI
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting, IRS Enrolled Agent, IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA, President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight
HealthSystem
Anthem.
Hamaspik
MANAGED CARE
MetroPlusHealth
SWH
Senior Whole Health.
FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT
MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416








সাপ্তাহিক আজকাল
Friday, 14 March 2025, Issue 861, www.ajkalnewyork.com
PAGE 03




# রমজানে বিএএসজের খাদ্যসামগ্রী বিতরণ

আজকাল রিপোর্ট

রমজান উপলক্ষে নিউজার্সির আটলান্টিক সিটিতে বিনামূল্যে খাদ্যসামগ্রী বিতরণ করেছে বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জারসি (বিএএসজে)। গত ৮ মার্চ আটলান্টিক এভিনিউস্থ মসজিদ আল হেরার সামনে এই খাদ্য সামগ্রী বিতরণে সহযোগীতায় ছিল কমিউনিটি ফুড ব্যাংক অব নিউ জার্সি। বিএএসজে সভাপতি জহিরুল ইসলাম বাবুল বলেন, রমজান আত্মশুদ্ধির মাস, পবিত্র মাস। এই সিয়াম সাধনার মাসে কমিউনিটির পাশে থাকার লক্ষ্যেই এই প্রয়াস। করোনাকালীন সময়কাল থেকে কমিউনিটিতে খাদ্য সহায়তা দিয়ে আসছি, তারই এরপর ৪২ পৃষ্ঠায়

# শাপলা ওয়েলফেয়ারের ইফতার ও দোয়া মাহফিল

আজকাল রিপোর্ট

প্রবাসে পেশাজীবীদের সংগঠন শাপলা ওয়েলফেয়ার অ্যাসোসিয়েটস নিউইয়র্ক ইনকের ইফতার ও দোয়া মাহফিল ভাবগম্ভীর পরিবেশে গত ৮ মার্চ সন্ধ্যায় জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে অনুষ্ঠিত হয়। ইফতার ও দোয়া মাহফিলে শাপলা পরিবারের সদস্য ছাড়াও কমিউনিটির সর্বস্তরের গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

শাপলা ওয়েলফেয়ার অ্যাসোসিয়েটসের সভাপতি ওয়াসিম উদ্দীন ভূইয়ার সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ রুহুল আমিনের পরিচালনায় অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, সাবেক সাধারণ সম্পাদক ও সংগঠনের উপদেষ্টা রুহুল আমিন সিদ্দিকী, উপদেষ্টা আনিসুল ইসলাম চৌধুরী, উপদেষ্টা এরপর ৩৪ পৃষ্ঠায়

## নিউইয়র্কে অভিযানের আগে গভর্নরকে হুঁশিয়ারি

# ‘আইস এজেন্ট’ দিয়ে সয়লাব করে দেয়া যায়

আজকাল রিপোর্ট

অবৈধ অভিবাসিদের নিয়ে প্রশাসন থেকে কঠোর হুঁশিয়ারি দেয়া হয়েছে নিউইয়র্ক সিটির গভর্নরকে। বর্ডার জার টম হোমান বলেছেন, গভর্নর হোকুল ফেডারেল অভিবাসন কাজে সহযোগিতা না করলে ‘আইস এজেন্ট’ দিয়ে নিউইয়র্ক ভাসিয়ে দেওয়া সম্ভব। বর্ডার জার টম হোমান গত বুধবার হুঁশিয়ারি দিয়েছেন যে, সরকার নিউইয়র্ক স্টেইট ‘আইস এজেন্ট’দের দিয়ে সয়লাব করে দিতে পারে।




গভর্নর ক্যাথি হোকুল সরকারের অভিবাসন ক্র্যাকডাউনে সহযোগিতা করছেন না- এমনটাই প্রশাসন থেকে বলা হচ্ছে। তবে প্রশাসনের সাথে কাজ করায় মেয়র এরিক অ্যাডামসের প্রশংসা করেন হোম্যান।

হোম্যান মনে করেন, নিউইয়র্কের রাজধানী আলবানি রিপাবলিকানদের পাশে দাঁড়িয়েছে। ক্যাথি হোকুল এবং রাজ্য ডেমোক্র্যাটদের অভয়ারণ্য শহরের নীতি রক্ষার বিরুদ্ধে সতর্ক করে বক্তব্য রাখেন টম হোমান। তিনি বলেন, আলবানি রিপাবলিকানদের সাথে যোগ দিয়েছে।

তিনি বলেন, অভয়ারণ্য শহরগুলি ঠিক যা চায় না, তা পেতে চলেছে। তিনি বলেন, ‘আপনার কমিউনিটিতে যথেষ্ট আইস এজেন্ট রয়েছে। প্রয়োজন হলে আমরা জনবল দ্বিগুণ করব। একজন অফিসার একজন খারাপ লোককে গ্রেপ্তার করার পরিবর্তে, এখন সেখানে একটি সম্পূর্ণ দল পাঠাতে হবে।’ নিউইয়র্কের মেয়র এরিক অ্যাডামস ফেডারেল সরকারের এই এরপর ৩৪ পৃষ্ঠায়

# মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটির ইফতার

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে বসবাসরত মৌলভীবাজার জেলার প্রবাসীদের সংগঠন ‘মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটি অব ইউএসএ ইনক’-এর ইফতার ও দোয়া মাহফিল গত ৮ মার্চ এস্টোরিয়াস্থ বয়েজ এন্ড গার্লস পার্টি হলে অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি সোহান আহমদ টুটুলের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক সৈয়দ রুহেলের সঞ্চালনায় এতে প্রধান অতিথি ছিলেন জালালাবাদ এসোসিয়েশন ইউএসএ'র সভাপতি বদরুল হোসেন খান।

বিশেষ অতিথি ছিলেন এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির উপদেষ্টা এমাদ আহমদ, সিরাজ উদ্দিন আহমদ সোহাগ, সোসাইটির উপদেষ্টা কমরেড মিয়া মোহাম্মদ আলতাফ হোসেন, সালেহ চৌধুরী, এরপর ৪৬ পৃষ্ঠায়



# প্রবাসী টাঙ্গাইলবাসীর ইফতার মাহফিল

আজকাল রিপোর্ট

আঞ্চলিক সামাজিক সংগঠন ‘প্রবাসী টাঙ্গাইলবাসী ইউএসএ'র ইফতার মাহফিল গত ৯ মার্চ জ্যামাইকার ইকরা পার্টি হলে অনুষ্ঠিত হয়। ধর্মীয় ভাব-গম্ভীর পরিবেশে অনুষ্ঠিত এই মাহফিলে সংগঠনের নেতৃবৃন্দ ও সদস্য সহ বিপুল সংখ্যক প্রবাসী টাঙ্গাইলবাসী সপরিবারে অংশ নেন।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন মাহি রহমান। এরপর বিশেষ দোয়া মুনাজাত পরিচালনা করেন সংগঠনের সাবেক সাধারণ সম্পাদক আতিকুর রহমান আনিস। এরপর ৪২ পৃষ্ঠায়

# চবি অ্যালামনাইয়ের ইফতার ও দোয়া মাহফিল

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে বসবাসরত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের সংগঠন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন অব ইউএসের ইফতার ও দোয়া মাহফিল গত ৭ মার্চ জ্যাকসন হাইটস সানাই রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আয়োজক সংগঠনের সভাপতি প্রফেসর সোলাইমান। সঞ্চালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক মোহাম্মদ বদিউল আলম। ইফতার মাহফিলে উপস্থিত ছিলেন উপদেষ্টা প্রফেসর ড. শওকত আলী, সাবেক সভাপতি শামসুল ইসলাম মজনু, সাবেক সভাপতি ড. মোহাম্মদ কাসেম, সাবেক সভাপতি এমদাদ হোসেন ফয়সল, এরপর ৪৬ পৃষ্ঠায়




# অ্যাটাব'র ইফতার মাহফিল

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে বাংলাদেশি ভ্রমণ খাতের ব্যবসায়ীদের সংগঠন আমেরিকান ট্রাভেল এজেন্ট এসোসিয়েশন অব বাংলাদেশ-আটাব'র ইফতার মাহফিল গত ১১ মার্চ জ্যাকসন হাইটসের মামাস পার্টি হলে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইফতার মাহফিলের আহ্বায়ক এস্টোরিয়া ডিজিটাল ট্রাভেলসের সিইও নজরুল ইসলাম সংগঠনের সভাপতি এরপর ৪৬ পৃষ্ঠায়


রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনে বাড়ি
পাবলিক অকশনে বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শরট-সেল ও REO প্রপার্টি
কল করুনঃ
৫১৬ ৪৫১ ৩৭৪৮
150 Groat Nack Road, Groat Nack, New York-11021
nurulazim67@gmail.com
Nurul Azim

ট্যাক্স-ট্যাক্স-ট্যাক্স
Phone Consultation
Tax Returns & Planning
E-Filing
Book Keeping
দ্রুত এবং নির্ভুল ট্যাক্স ফাইল করতে এখনই কল করুন
+1 (347)-448-1863
+1 (212)-814-7022
coxbtaxservices@gmail.com
TAX TIME
COX B TAX SERVICES
Shafiul Chowdhury
Federal & State Registered Tax Expert

আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যাবস্থা করে থাকি।
শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে সহযোগীতা প্রদান করা হয়
Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com

OPEN 24 HOURS
PANSHI NEVER SLEEP
আমরা সব ধরনের ক্যাটারিং করি
ভাল খাবার, সুন্দর পরিবেশ, ভাল সার্ভিস, কমদামে উপভোগ করুন।
$6.99 Midnight & Driver Special
PANSHI RESTAURANT & PARTY HALL
168-37/39 Hillside Ave, Jamaica, NY 11432
Tel: 718-480-8516, Fax: 718-480-8531

US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646-361-0250
Authorized IRS e-file Provider
One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com
Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি



ZAM ZAM
TRAVEL US

## আমাদের সার্ভিস সমূহ

- এয়ার টিকেটিং
- হজ্ প্যাকেজ সার্ভিস প্রোভাইডার
- হোটেল বুকিং
- ভিসা প্রোসেসিং
- ওমরাহ্ প্যাকেজ সার্ভিস প্রোভাইডার

## কেন আমাদের সার্ভিস নিবেন?

- ✓ বিশেষজ্ঞ দল
- ✓ যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- ✓ প্রিমিয়াম সহায়তা
- ✓ নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير ITHRAA ALKHAIR

## এয়ার লাইন সমূহ

السعودية SAUDIA · QATAR AIRWAYS القطرية · Emirates · TURKISH AIRLINES

**ঢাকা অফিস**
**+88 017 1133 6292**
*Tropical Mollah Tower*
*Shop no: 08 (4th Floor), Progoti Sharoni*
*Middle Badda, Dhaka 1212, Bangladesh*

**নিউইয়র্ক অফিস**
**+1 718 395 9697**
*37-15 73 Street (Suite-207),*
*Jackson Heights, NY-11372*
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

## সম্পাদকীয়

# আছিয়া আমাদের ক্ষমা করো

মাগুরার শিশুটি আমাদের বোন। কারও ভাতিজী। ভাগ্নী কিংবা মেয়ে। লজ্জা আমাদের। আমাদের কথিত পুরুষ জাতির। আলোচিত ধর্ষণের শিকার শিশুটি ফুটবার আগেই পৃথিবী থেকে ঝড়ে পড়লো। এ লজ্জা আমাদের সকলের। ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালের শিশু বিভাগের নিবিড় পরিচর্যা কেন্দ্রে তার প্রাণ বাঁচানোর জন্য চিকিৎসকেরা সর্বোচ্চ চেষ্টা করেছেন। সরকার তার সুচিকিৎসার সব প্রচেষ্টা অব্যাহত রেখেছিল। এরই মধ্যে এ ঘটনায় মামলা হয়েছে। ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে চারজনকে গ্রেপ্তারও করা হয়েছে। তাদের জন্য মঞ্জুর করা হয়েছে রিমান্ড। ঘটনার প্রতিক্রিয়া বা ধর্ষণ ও নিপীড়নের বিরুদ্ধে সারা দেশ ফুঁসে উঠেছে। জোরেশোরে প্রশ্ন উঠেছে, এসব অপরাধে ন্যায়বিচার প্রাপ্তি নিয়ে। সব মিলিয়ে বিষয়টিতে সামগ্রিক বা সামাজিক প্রতিরোধ গড়ে উঠছে। এটি অত্যন্ত ইতিবাচক দিক। তবে বর্বরতার শিকার শিশুটির প্রাণপ্রদীপ চিরতরে নিভে গেল। প্রেসিডেন্ট, প্রধান উপদেষ্টা ও বিএনপির মহাসচিব সহ অসংখ্য নেতানেত্রী তার মৃত্যুতে শোক প্রকাশ করেছেন। এ শোক প্রকাশ কি আগামীতে আর কোন আছিয়ার এ পরিণতি যেন না হয় তার নিশ্চয়তা দিতে পারে? রাষ্ট্র কি আছিয়াদের মৃত্যু, ধর্ষণ ও নির্যাতনের দায় এড়াতে পারে?

> তাই, ধর্ষণ-নিপীড়নের বিরুদ্ধে সমাজের এই ঐক্যবদ্ধ-সোচ্চার অবস্থানের তাৎপর্য অত্যন্ত গভীর। আমাদের বিশ্বাস, বর্তমান সরকার এই পরিস্থিতিতে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে এ বিষয়ক আইন ও তার বাস্তবায়নের কার্যকর উপায় বাতলাবে এবং সে পথেই ন্যায়বিচার প্রাপ্তির পথ সুগম হবে। পাশাপাশি পর্যাপ্ত সতর্কতা অবলম্বন করতে হবে যেন এমন আইন না করা হয়, যার অপব্যবহারে নিরপরাধ ব্যক্তির অপূরণীয় ক্ষতি শিকারের সম্ভাবনা থাকে

এদিকে গত শনিবারের মতো রোববারও ধর্ষণ-যৌন নিপীড়নের বিচার দাবিতে উত্তাল ছিল সারা দেশ। স্লোগানে স্লোগানে প্রকম্পিত হচ্ছে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান। ঘৃণা প্রকাশের সঙ্গে সম্মিলিত কণ্ঠে উচ্চারিত হচ্ছে ধর্ষক-নিপীড়কদের ফাঁসিতে ঝোলানোর দাবি। ধর্ষণ ও যৌন নিপীড়নের প্রতিবাদে দেশের বিভিন্ন জায়গায় পালিত হয়েছে বিক্ষোভ মিছিল, প্রতিবাদ সমাবেশ-মানববন্ধন কর্মসূচি। ধর্ষকদের প্রতি ঘৃণা প্রদর্শন করে মুখে লাল কাপড় বেঁধে প্রতিবাদ মিছিল, মশাল ও লাঠি মিছিল হয়েছে দেশের বিভিন্ন স্থানে। এ সময় তারা আমার সোনার বাংলায়, ধর্ষকদের ঠাঁই নাই; সারা বাংলায় খবর দে, ধর্ষকদের ফাঁসি দে; 'হ্যাং দ্য রেপিস্ট, উই ওয়ান্ট জাস্টিস' এমন নানা স্লোগান দেন। এ ছাড়া ধর্ষণের ঘটনায় দ্রুত বিচার এবং ধর্ষকের সর্বোচ্চ শাস্তির দাবির পাশাপাশি দাবি উঠছে ধর্ষকের প্রকাশ্যে ফাঁসি। গত সোমবারও বিভিন্ন পর্যায়ে প্রতিবাদ-বিক্ষোভ ছিল অব্যাহত। ঢাকার ইন্টারকন্টিনেন্টাল হোটেলের সামনে প্রতিবাদী ছাত্রছাত্রীদের সাথে পুলিশের অনাকাংখিত ঘটনা ঘটলো। আহত হলো পুলিশ ও বিক্ষোভকারীরা। গত বুধবার পর্যন্ত সারাদেশে আরও ধর্ষণ ও নারী নির্যাতনের খবর এসেছে মিডিয়ায়। লক্ষনটি শুভ নয়। জাতি হিসেবে যখন এগিয়ে যাবার কথা। তখন দিনদিন আমরা পিছিয়ে যাচ্ছি।

এদিকে আদালত থেকে শিশুটি ও তার বোনের নিরাপত্তা নিশ্চিত করতে ২৪ ঘণ্টার মধ্যে মাগুরা জেলা সমাজসেবা কর্মকর্তাকে নির্দেশ দেওয়া হয়েছে। এ ছাড়া শিশুটি ধর্ষণের ঘটনায় করা মামলার তদন্ত ৩০ কার্যদিবসের মধ্যে সম্পন্ন করতে এবং সংশ্লিষ্ট নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালকে ছয় মাসের মধ্যে বিচার শেষ করতে নির্দেশনা দেওয়া হয়েছে। এসব আদেশ প্রতিপালনের বিষয়ে আগামী ১৭ মার্চ সংশ্লিষ্ট বিবাদীদের অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে নির্দেশ দিয়ে ওইদিন এ বিষয়ে পরবর্তী শুনানির দিন ধার্য করেছেন হাইকোর্ট। আইন, বিচার ও সংসদবিষয়ক উপদেষ্টা গত রোববার আইন মন্ত্রণালয়ের সভাকক্ষে বলেন, ৯০ দিনের মধ্যে ধর্ষণের মামলার বিচার সম্পন্ন করতে হবে। ১৫ দিনের মধ্যে ধর্ষণ মামলার তদন্তকাজ সম্পন্ন করতে হবে। বিচার ৯০ দিনের মধ্যে শেষ না হওয়ার অজুহাতে কাউকে জামিন দেওয়া যাবে না। বর্তমান আইনে রয়েছে ১৮০ দিনের মধ্যে বিচার না হলে জামিন দেওয়া যেত।

সব মিলিয়ে ধর্ষণের ঘটনায় দ্রুত বিচার এবং ধর্ষকের সর্বোচ্চ শাস্তির দাবি এখন সামগ্রিক দাবি হয়ে ধীরে ধীরে এক অনন্য মাত্রায় পৌঁছেছে। সমাজ জাগলে রাষ্ট্র অবশ্যই জাগবে। তাই, ধর্ষণ-নিপীড়নের বিরুদ্ধে সমাজের এই ঐক্যবদ্ধ-সোচ্চার অবস্থানের তাৎপর্য অত্যন্ত গভীর। আমাদের বিশ্বাস, বর্তমান সরকার এই পরিস্থিতিতে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে এ বিষয়ক আইন ও তার বাস্তবায়নের কার্যকর উপায় বাতলাবে এবং সে পথেই ন্যায়বিচার প্রাপ্তির পথ সুগম হবে। পাশাপাশি পর্যাপ্ত সতর্কতা অবলম্বন করতে হবে যেন এমন আইন না করা হয়, যার অপব্যবহারে নিরপরাধ ব্যক্তির অপূরণীয় ক্ষতি শিকারের সম্ভাবনা থাকে।

# কোন পথে বাংলাদেশের রাজনীতি?

## সামছুদ্দীন আজাদ



২০২৪ সালের ৫ আগস্ট বাংলাদেশে শেখ হাসিনার সরকারকে ক্ষমতাচ্যুত করা হয়েছে। ক্ষমতায় বসানোর মত তাদের কোন রাজনৈতিক নেতা না থাকায় ডঃ মুহাম্মদ ইউনুসকে ক্ষমতায় বসানো হয়। এর নেপথ্যে কাজ করেছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন প্রশাসন। শেখ হাসিনা সরকার ২০০৯ থেকে ২০২৪ সাল পর্যন্ত দীর্ঘ ১৬ বছর এক নাগাড়ে রাষ্ট্র ক্ষমতায় ছিলেন। এই দীর্ঘ সময়ে মৌলবাদী জঙ্গীরা বিভিন্ন রূপ ধারণ করে দেশে বিশৃংখলা সৃষ্টি করে ছিল। সাথে বিএনপিতো ছিলই। কিন্তু আওয়ামী লীগ কঠিনভাবে সব ষড়যন্ত্রকারীদের মোকাবেলা করলে তারা পিছু হটে যায়। আর এতে তাদের ক্ষমতায় যাওয়ার স্বাদ অপূর্ণ থেকে যায়। তারা হাল ছাড়েনি। শেষ পর্যন্ত সফল হয় ২০২৪ সালের ৫ আগস্ট। তারা আওয়ামী লীগকে ক্ষমতাচ্যুত করে বলছে, তারা স্বৈরাচারের পতন ঘটিয়েছে এবং নতুন স্বাধীনতা ফিরিয়ে এনেছে দেশে। তাদের ভাষায় তারা গণতন্ত্রের শাসন তথা সুশাসন কায়েম করবে। আইনের শাসন কায়েম করবে। বিচার ব্যবস্থায় শৃংখলা ফিরিয়ে আনবে। এক কথায় বলতে গেলে দেশে তারা গণতন্ত্রের সু-বাতাস বইয়ে দেবে। আর এ লক্ষ্য বাস্তবায়নে আওয়ামী লীগের মন্ত্রী, এমপি, সিনিয়র জুনিয়র নেতা, ছাত্রলীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ, মহিলা আওয়ামী লীগের হাজার হাজার নেতা কর্মীকে জেলে ভরিয়ে রিমান্ডের নামে নির্যাতন করছে। আর যারা বাইরে আছে তাদের ধরে এনে মারধর ও শরীরে বিভিন্ন অঙ্গ প্রত্যঙ্গ কেটে ফেলে তাদের চিরদিনের জন্য পঙ্গু করে দেয়া হচ্ছে। তাদের বাড়ি-ঘর লুটপাট করে সব নিয়ে গিয়ে পরে আগুন দিয়ে পুড়িয়ে ছাই করে রেখে যায়। আওয়ামী লীগের বাকি নেতা শেখ হাসিনা সহ যারা দেশের বাইরে পালিয়ে যেতে বাধ্য হয়েছে তাদের বিরুদ্ধে মিথ্যা প্রতিশোধমূলক মামলা দিয়ে অপরাধ ট্রাইবুনালে তৈরী করে রাখা হয়েছে। আদালত তবন সাজানো হয়েছে। যেখানে বসে ওনাদের দলীয় বিচারক রায় দেবেন আওয়ামী লীগ নেতাদের ফাঁসীতে ঝোলানোর জন্য।

> একে অপরের পরিপুরক। রাষ্ট্র সংস্কার একটা চলমান প্রক্রিয়া। শুরু না করলে সেই প্রক্রিয়া অগ্রসর হবে না। কেউ না কেউ শুরু করতে হবে। তবেই আমাদের সমস্ত জঞ্জাল পরিষ্কার হবে। অন্তর্বর্তীকালীন সরকার যে প্রক্রিয়া শুরু করেছে। জাতীয় স্বার্থে যতস্বল্প সময়ের মধ্যে এই বিষয় গুলো নিয়ে সকলের মধ্যে ঐক্যমত হবে ততই দেশ ও জাতির জন্য মঙ্গল

আওয়ামী লীগকে ক্ষমতাচ্যুত করে তারা গণতন্ত্র প্রতিষ্ঠার শপথ নিয়ে তারা প্রথম ধানমন্ডির ৩২ নম্বর বাড়িতে হামলা চালিয়ে পুরা বাড়ির সব কিছু লুটপাট করে নিয়ে যায়, এরপর আগুন দিয়ে পুরো বাড়ি পুড়িয়ে দেয়। এরপর গণভবন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাষ্ট্রীয় বাসভবন সেখানে তারা লুটপাট করে হামলা চালায়। সব কিছু ভেঙ্গে চুড়ে দিয়ে বাড়িতে থাকা সব কিছু লুটপাট করে নিয়ে যায়। সারা দেশে যেখানে শেখ হাসিনা ও বঙ্গবন্ধুর ছবি ছিল সব ভেঙ্গে চুড়ে মাটির সাথে মিশিয়ে দেয়।

এভাবে তাদের গণতন্ত্র প্রতিষ্ঠার প্রথম পদক্ষেপ শুরু হয়। তাদের নেতা ড. মোহাম্মদ ইউনুস অন্তর্বর্তী সরকারের প্রধানের দায়িত্ব বুকে নিয়ে মার্কিন প্রেসক্রিপসনে কিছু এনজিও মালিককে উপদেষ্টা হিসাবে নিয়োগ দেয়। আর কিছু জামাত বিএনপি ঘড়নার লোকজনকে উপদেষ্টা হিসেবে নিয়োগ দেয়। উপদেষ্টারা এর মধ্যে সিদ্ধান্ত নিয়েছেন তারা দেশে আইনের শাসন প্রতিষ্ঠা করবেন, সুষ্ঠু নির্বাচনের ব্যবস্থা করবেন। আর এটি বাস্তবায়নের জন্য তারা অনেক গুলি সংস্কার কমিশন গঠন করেছেন। যেমন: নির্বাচন কমিশন সংস্কার কমিশন, সংবিধান সংস্কার কমিশন, পুলিশ বিভাগ সংস্কার কমিশন, দুদক সংস্কার কমিশন সহ আরও অনেক গুলি সংস্কার কমিশন। দীর্ঘ ৫ মাস ধরে এই কমিশন দিবারাত্রি জেগে সংস্কারের কাজ করছেন। এর মধ্যে কয়েকজন সংস্কারক কিছু কিছু সংস্কারের প্রস্তাবনা জমা দিয়েছেন প্রধান উপদেষ্টার হাতে যা টেলিভিশনে দেখানো হয়েছে। প্রধান উপদেষ্টা এখনো সেই সংস্কার কমিশনের প্রস্তাবিত ফাইল খুলে দেখার সময় হয়নি। যার কারণে সংস্কারের প্রস্তাবনাগুলি জাতি এখনও জানতে পারেনি।

বাকী যে সংস্কারের ফাইল এখনও জমা হয়নি সেগুলো জমা হলে জাতি হয়তো জানতে পারবে। সংবিধান সংস্কারের যিনি প্রধান তিনি একদা জাসদ করতেন পরবর্তীতে বিএনপির রাজনীতির সাথে সম্পৃক্ত হয়েছেন অধ্যাপক আলী রিয়াজ। আমরা কিছুটা জেনেছি তিনি বাংলাদেশের নাম পরিবর্তন করে দেওয়ার প্রস্তাব করেছেন, সংবিধানের চার মূলনীতি পরিবর্তন করার প্রস্তাব ও তিনি লিপিবদ্ধ করেছেন, ৭২ এর সংবিধান পরিবর্তন করে নতুন সংবিধান রচনা করবেন যেখানে থাকবে জঙ্গীবাদ মৌলবাদ সহ ধর্মান্ধ সাম্প্রদায়িকতার বিষবাষ্প যেখানে বাংলাদেশকে পুরাপুরি জঙ্গী তালেবান রাষ্ট্র বানানোর স্পিরিট থাকবে। এভাবেই চলছে মোটামোটি সংস্কার কার্যক্রম। ইতিমধ্যে কোন সংস্কার ছাড়া নির্বাচন কমিশন নিয়োগ দেওয়া হয়ে গেছে। এক দিকে বলা হলো নির্বাচন কমিশনের সংস্কার ছাড়া এরপর ২৮ পৃষ্ঠায়

# বঙ্গবন্ধু, সোহরাওয়ার্দী এবং সুরমা মেল

## মাহবুবুর রহমান

ষাট দশক। সিলেটের পরের স্টেশন মোগলাবাজার। ('খালেরমুখ বাজার' পরে স্থাপিত হয়)। স্টেশন সংলগ্ন বাড়ীটি আমাদের। সকাল-বিকাল যখন মন চায় স্টেশনে এসে ঘুরাফিরা করি। ট্রেনের আসা-যাওয়া, যাত্রীদের ওঠা-নামা দেখি। দেখা-সাক্ষাৎ হয় পরিচিত-অপরিচিত অনেকের সাথে। সিলেট-ঢাকা সরাসরি ট্রেন 'সুরমা মেল'। রাত আটটায় যায়, সকালে আসে ঢাকা থেকে। এ ট্রেনের আলাদা আকর্ষণ। আত্মীয়-স্বজন ছাড়াও গুরুত্বপূর্ণ ব্যক্তিরা এ ট্রেনে থাকেন।

'৬৩ সালের কোন এক সকাল। মেল ট্রেন প্লাটফরমে ঢুকেছে। স্টেশন মাস্টার বারী সাহেবকে ফলো করলাম। যে বগীতে শুধু প্রথম শ্রেণী, সেদিকে এগিয়ে গেলেন। জানালা দিয়ে কামরার ভেতর থেকে কথা বলছেন একজন। চিনতে পারলাম না। চাদর মুড়ি দেয়া। মুখাবয়বে বয়সের ছাপ। গাল ভেঙ্গে পড়েছে। বারী সাহেবের সঙ্গে টুকটাক আলাপ হলো। ট্রেন ছেড়ে দিয়েছে। বারী সাহেব বললেন, সোহরাওয়ার্দী সাহেব। হোসেন শহীদ সোহরাওয়ার্দী। আজ মনে নেই, সম্ভবতঃ দৌড়াচ্ছিলাম হাত মেলাতে ও আরেকবার দেখতে। এর কিছুদিন পর রেডিওতে সংবাদ শুনলাম, পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী হোসেন শহীদ সোহরাওয়ার্দী বৈরুতে ইন্তেকাল করেছেন।

আরেকদিন। সম্ভবত '৬৭ হবে। ৬ দফা ঘোষণার পর। মোগলাবাজার রেল প্লাটফরমে দাঁড়িয়ে আছি। মেল ট্রেন ঢোকার সাথে সাথে প্রথম শ্রেণীর এক কামরার দিকে ছুটে চললেন কয়েকজন। তারা সবাই স্থানীয় আওয়ামী লীগ নেতা-কর্মী। আমি তাদের অনুসরণ করলাম। ছোট্ট এক কামরা। ওই কামরায় আছেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। বিকেলে রেজিস্ট্রী মাঠের জনসভায় ভাষণ দিবেন। সবাই ঠেলাঠেলি করে ওই কামরায় উঠে পড়লাম। বঙ্গবন্ধু বসা ছিলেন। দাঁড়িয়ে হাসিমুখে স্বাগত জানালেন সবাইকে। ট্রেন ছেড়ে দিল। শুনলাম বঙ্গবন্ধু জিজ্ঞেস করছেন, আজিজ কেমন আছো? আমাদের সঙ্গে ছিলেন নেগালের সৈয়ুরা সরপঞ্চের পুত্র আব্দুল আজিজ। তিনি স্থানীয় আওয়ামী লীগ নেতা। মোগলাবাজার ইউনিয়নের চেয়ারম্যানও ছিলেন। আমি ভেবে অবাক হই, বঙ্গবন্ধু তাঁর দলের ইউনিয়ন পর্যায়ের কর্মীকেও ব্যক্তিগতভাবে চিনেন। এ জন্যই তাঁর পক্ষে এত বড় দল গঠন সম্ভবপর হয়েছিল, এ জন্যই তিনি জাতির পিতা। যাহোক, আলাপে আলাপে ট্রেন এসে পৌঁছলো সিলেট স্টেশনে। স্টেশনে দেওয়ান ফরিদ গাজী সহ শত শত কর্মী-সমর্থক উপস্থিত হয়েছেন বঙ্গবন্ধুকে সংবর্ধনা জানাতে। সঙ্গে ব্যান্ড পার্টি। বর্ণাঢ্য মিছিল করে আমরা গেলাম শেখঘাটে গাজী সাহেবের বাসায়। সারাদিন সেখানেই অবস্থান করলাম। বিকেলে রেজিস্ট্রী মাঠের জনসভা শুনে মোগলাবাজার ফিরলাম।



মোগলাবাজার রেল স্টেশনের কাছেই ছিল উত্তর পাড়ার তোফাজ্জল আলীর টং দোকান। চা-বিস্কুট, বিড়ি-সিগারেট, পান-সুপারি সহ দোকানের প্রধান আকর্ষণ ছিল আড্ডা। তোফাজ্জল আলী সচেতন সংস্কৃতিপ্রেমী রাজনৈতিক কর্মী ছিলেন। আওয়ামী লীগ করতেন। হরগৌরীর ফরিদ আহমদ ছিলেন লীগের মোগলাবাজারের প্রধান। শায়েস্তা মিয়া ছিলেন কোতয়ালী থানা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। জাহানপুরের আইয়ুব আলী একনিষ্ঠ কর্মী। এই দোকানে সবার আসা-যাওয়া ছিল। ঘণ্টার পর ঘণ্টা আমরা আড্ডা দিতাম। আশরাফ, ইরশাদ ভাইও থাকতেন। নানা বিষয়ে আলাপ হতো। রাজনীতি, সংস্কৃতি, খেলাধুলা, সমাজ ইত্যাদি ইত্যাদি। ট্রেন দুর্ঘটনায় তোফাজ্জল আলীর মৃত্যু সংবাদে আমি যারপর নাই কষ্ট পেয়েছি।

ষাটের দশকে আওয়ামী লীগের নানা কর্মসূচীতে থাকতাম। ছাত্র ইউনিয়নের কর্মী, তবে রাজনৈতিক সংশ্লিষ্টতা আওয়ামী লীগে। ফেঞ্চুগঞ্জ, বরমচাল সহ বিভিন্ন জায়গার জনসভায় বক্তৃতার আমন্ত্রণ পেতাম। সে সব সভায় সিরাজউদ্দিন আহমদ (পরবর্তীতে রেডক্রস চেয়ারম্যান), আব্দুল মোমেন, জমির উদ্দিন প্রমুখ জেলা আওয়ামী লীগ নেতৃবৃন্দ উপস্থিত থাকতেন। মনে আছে, আমার বক্তৃতায় মতিয়া চৌধুরী, সাইফুদ্দিন মানিক, শামসুদ্দোহা প্রমুখ ছাত্র ইউনিয়ন নেতাদের নাম আসতো। তখন পিছন থেকে নেতৃবৃন্দ আব্দুর রাজ্জাক, ফেরদৌস আহমদ কোরেশীর নাম বলার জন্য মনে করিয়ে দিতেন।

আইয়ুব বিরোধী হরতাল সফল করার জন্য আমরা আগের রাতেই মোগলাবাজার থেকে সিলেট শহরে চলে যেতাম। ফরিদ আহমদ, শায়েস্তা মিয়া, আইয়ুব আলী, তোফাজ্জল আলী, উস্তার মিয়া সহ অন্যান্যরা থাকতেন। এক রাতে শহরে পৌঁছে কীনব্রিজের দক্ষিণ পাশে চাঁদনীঘাটে কাশেম আর্টের কাছে এক দোতালায় গিয়ে দেখি সিরাজ ভাই (সিরাজউদ্দিন আহমদ) লেপ মুড়ি দিয়ে বিছানায়। আমাদের দেখে উঠে বসলেন। হরতাল উপলক্ষে তিনিও আগেভাগে শহরে এসেছেন কুচাই থেকে। আলো ফোটার আগেই আমরা কীনব্রিজের উত্তর পাশে কোর্টের সামনের রাস্তায়। সেখানে বিশালদেহী ধলা বারী তাঁর দলবল নিয়ে শুরু করেছেন অ্যাকশন। রিকশার বাতাস ছেড়ে দেয়া। কিছুক্ষণের মধ্যেই রাস্তা যানবাহনশূণ্য। দোকানপাটও খুলেনি। সফল হরতাল।

সত্তরের দশক। আম্বরখানা ইলেকট্রিক সাপ্লাই রোডে যুগভেরী অফিসের কয়েক গজ এরপর ২৮ পৃষ্ঠায়

> পরে বুঝলাম, আগামী নির্বাচনে একই আসনে উভয়ে প্রতিদ্বন্দ্বিতা করবেন। সুতরাং এই সাবধানতা। পরে আমেরিকায় আসার পর শুনলাম, এই ছবি সিলেটের এক দৈনিকে ছাপা হয়েছে। ক্যাপশনে যা লেখা ছিল তার সার সংক্ষেপ হলো 'বিশিষ্ট সাংবাদিক মাহবুবুর রহমানের সাথে সিলেট-৩ আসনের সংসদ সদস্য প্রার্থী শফি চৌধুরী, তাঁর গুলশানের বাসায়। উল্লেখ্য, মাহবুবুর রহমান সিলেট-৩ আসনের অপর সংসদ সদস্য প্রার্থী আতিকুর রহমান আতিকের বড়ভাই'

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

**Weekly Ajkal**
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# ধর্ষণের বিরুদ্ধে বিক্ষোভ আমাদেরকে আশাবাদী করে

## মোশাররফ হোসেন মুসা

৭১ সনে মহান মুক্তিযুদ্ধের পর দেশের বিভিন্ন স্থানে মুক্তিযুদ্ধ কমান্ড কাউন্সিল স্থাপিত হয়। সেসব অফিসের সাইনবোর্ডে একটি লোগো রয়েছে। একজন মুক্তিযোদ্ধা একটি বেয়নেটধারী রাইফেল ধরে দাঁড়িয়ে আছেন। নিচে লেখা রয়েছে- সদা জাগ্রত বাংলার মুক্তি বাহিনী। দুঃখজনক হলেও সত্য যে, শাসককুল ক্ষমতার স্বার্থে তাদেরকে ব্যবহার করার কারণে তাঁরা সদা জাগ্রত থাকতে পারেন নি। কমান্ড কাউন্সিল শাসকদের দুর্নীতি,অনিয়ম ও অপশাসনের বিরুদ্ধে বক্তৃতা-বিবৃতি দিয়েছে- এমন ঘটনা চোখে পড়ে নি। কিন্তু নতুন প্রজন্ম একটি কর্তৃত্ববাদী শাসনের অবসান ঘটিয়ে থেমে থাকে নি। ধর্ষনের বিরুদ্ধে নজিরবিহীন বিক্ষোভ করে প্রমাণ করেছে- তারা সদা জাগ্রত । গত ৬ মার্চ মাগুরা জেলা শহরে ৮ বছর বয়সী আছিয়া নামে এক কিশোরী ভগ্নিপতির বাড়িতে বেড়াতে এসে ধর্ষণের শিকার হয়। মেয়েটিকে ধর্ষণ শেষে হত্যার চেষ্টা করা হয়। মেয়েটিকে মরণাপন্ন অবস্থায় বর্তমানে সম্মিলিত সামরিক হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনাটি সামাজিক মিডিয়ায় প্রচারিত হলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেয়েরা মধ্যরাতে রাস্তায় নেমে এসে বিক্ষোভ করতে থাকে। তাদের সাথে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা যুক্ত হয়ে আন্দোলন শুরু করে। আছিয়া ধর্ষণের ঘটনাকে কেন্দ্র করে দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে উত্তাল অবস্থা বিরাজ করছে । যদিও আগে থেকেই দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ও দেশের বিভিন্ন স্থানে মেয়েদের প্রতি যৌন নির্যাতনসহ মব জাস্টিসের ঘটনা ঘটায় পরিস্থিতি উত্তপ্ত ছিল। আন্দোলনকারী শিক্ষার্থীরা স্বরাষ্ট্র মন্ত্রীর পদত্যাগ ও ১৫ দিনের মধ্যে অপরাধীকে শাস্তি দেয়া সহ ৯ দফা দাবি পেশ করেছে। নতুন রাজনৈতিক দল 'এনসিপি' বলেছে- নারীর প্রতি সহিংসতা জুলাই গণঅভ্যুত্থান বিরোধী। ইতোমধ্যে ঘটনায় জড়িত ৪ জনকে পুলিশ গ্রেফতার করেছে। আছিয়ার মা বলেছেন- অভাবের তাড়নায় সে তার ১৪ বছর বয়সী ১ম মেয়েকে বিয়ে দিতে বাধ্য হয় । আছিয়া দ্বিতীয় মেয়ে। প্রথম মেয়ে এর আগে নালিশ করেছিল, তার শ্বশুর তাকে যৌন নিপীড়ন করে। আছিয়া তার বোনের বাড়িতে যেতে চায় নি। তিনি জোর করে মেয়ের বাড়িতে আছিয়াকে পাঠিয়েছিলেন। সেজন্য তার দুঃখের শেষ নেই। বিক্ষোভকারী শিক্ষার্থীরা ছাড়াও দেশের বিভিন্ন স্থান থেকে দাবি উঠেছে অপরাধীকে দৃষ্টান্তমূলক শাস্তি দেয়ার। কেউ কেউ প্রকাশ্যে ফাঁসির দাবি তুলেছে। এরকম ঘটনা ও এরকম শাস্তির দাবি এবারই প্রথম নয়। আধুনিক বিশ্বে দৃষ্টান্তমূলক শাস্তির প্রয়োগ দেখা যায় না। সৌদি আরবসহ কয়েকটি কর্তৃত্ববাদী দেশে দৃষ্টান্তমূলক শাস্তির উদাহরণ রয়েছে। শাস্তি সাধারণত চার প্রকার: দৃষ্টান্তমূলক শাস্তি, প্রতিশোধমূলক শাস্তি, প্রতিরোধমূলক শাস্তি ও সংশোধনমূলক শাস্তি। বিশ্বের বিভিন্ন প্রাচীন গ্রন্থেও বিভিন্ন শাস্তির কথা বলা আছে। যেমন-মনু সংহিতায় চার ধরণের শাস্তির কথা বলা আছে: যথা- বাকদন্ড (উপদেশ), ধিক দন্ড (নিন্দা), ধন দন্ড (জরিমানা), বধ দন্ড (মৃত্যুদণ্ড)। ইসলাম ধর্মেও অনুরূপ শাস্তির কথা বলা আছে: দৃষ্টান্তমূলক শাস্তি, সংশোধনমূলক শাস্তি, প্রতিশোধমূলক শাস্তি ও ইনসাফ ভিত্তিক শাস্তি (স্থানাভাবে ব্যাখা দেয়া হলো না)।



যখন কোনো অপরাধ ভয়াবহ ভাবে ঘটতে দেখা যায়, প্রচলিত আইনে ঠেকানো সম্ভব হয় না, তখনই দৃষ্টান্তমূলক শাস্তির প্রয়োগ করা হয় (দৃষ্টান্তমূলক শাস্তি সকল সময়ে বহাল থাকলে প্রমাণ হয়, দেশের মানুষ সংশোধন হচ্ছে না)। প্রতিশোধমূলক শাস্তি হলো অপরাধের সমানুপাতিক শাস্তি। জীবনের বদলে জীবন, চোখের বদলে চোখ, দাঁতের বদলে দাঁত ইত্যাদি। প্রতিরোধমূলক শাস্তির বেলায় বলা আছে- যে ব্যক্তি সমাজের জন্য বিপজ্জনক। সাজা ভোগ করার পরে মুক্তি পেলে অনুরূপ অপরাধ করতে পারে, সেরকম ব্যক্তিকে এ আইনে আটক রাখা যেতে পারে। উল্লেখ্য, নরওয়ে ২০১১ সালের ২২ জুলাই এন্ডার্স বেহরিং ব্রেইভিক ৭৭ জনকে গুলি করে হত্যা করে এবং দুই শতাধিক ব্যক্তিকে আহত করে। সেদেশে মৃত্যুদণ্ড না থাকায় তাকে এ আইনে ২১ বছর কারাদণ্ড দেয়া হয়। সংশোধনমূলক শাস্তিতে অপরাধীকে সংশোধন ও পুনর্বাসনের কথা বলা আছে। বর্তমান গণতান্ত্রিক বিশ্বে সংশোধনমূলক শাস্তির প্রয়োগ বেশি (এদেশের কারাগারগুলোকে সংশোধনাগার নাম দেয়া হয়েছে)। এ শাস্তির দর্শন হলো- অপরাধীকে কঠোর শাস্তি দেয়া সমাধান নয়। রাষ্ট্রের কাজ হলো অপরাধ করার কারণ সমূহদূর করা। মনোবিজ্ঞানের দৃষ্টিতে মানুষ বিভিন্ন কারণে অপরাধ করে থাকে। যেমন-যখন অপরাধ করে ধরা পড়ার ঝুঁকির চেয়ে অপরাধের মাধ্যমে অর্জিত সুবিধা বেশি দেখে, তখন সে অপরাধ করে। যখন অপরাধের মাধ্যমে অন্যকে সুবিধা পেতে দেখে, তখন সে অপরাধ করতে উৎসাহী হয়। আবার কেউ কেউ অপরাধের জিনগত প্রবৃত্তি নিয়ে জন্মায়। কারোর মস্তিষ্কে আঘাতপ্রাপ্ত হয়ে অপরাধ নিয়ন্ত্রণকারী অংশ ক্ষতিগ্রস্ত হয়ে পড়লে সে সহজেই আক্রমণকারী ভূমিকায় নেমে পড়ে। তাছাড়া সমাজে অস্থিরতা বৃদ্ধি পেলে এবং ধর্মীয় মূল্যবোধ, নৈতিক মূল্যবোধ, সাংস্কৃতিক মূল্যবোধ সর্বোপরি অর্থনৈতিক নিরাপত্তা হারালে মানুষ অপরাধ এরপর ২৮ পৃষ্ঠায়



> কিন্তু কতিপয় ধর্মান্ধ ব্যক্তিদের ভয়ে অধিকাংশ স্কুল মেয়েদের এ শিক্ষা দিচ্ছে না। উন্নত বিশ্বে কেউ যদি অপরিচিত শিশু-কিশোরকে আদর করতে চায়, তাহলে আঙুলের ডগা কিংবা মাথায় হাত দিয়ে আদর করলে দোষ হিসেবে দেখা হয় না। সেসব দেশে এ আইন দীর্ঘ পরীক্ষা-নিরীক্ষার পর এসেছে। মেয়েদের কথা মেয়েদের বলার জন্য রাজনৈতিক ক্ষমতায়ন জরুরি। 'সিডিএলজি' দীর্ঘদিন যাবৎ সমহারে-সমগুরুত্বে নরনারীর গণতান্ত্রিক ক্ষমতায়নের কথা বলে আসছে। প্রথমে আইন পরিষদে তাদেরকে সমহারে নির্বাচিত করতে হবে এবং স্থানীয় সরকারে সংসদ সৃষ্টি করে সেখানেও সমহারে প্রতিনিধিত্ব করার ব্যবস্থা করতে হবে। সর্বোপরি কোনো মেয়ে যেন যৌন নিপীড়নের কথা গোপন না রাখে এবং গোপন রাখার দৃষ্টিভঙ্গির বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে

# পাঠ্যবই কবে দেবেন

## ওমর শেহাব

> আমাদের সন্তানেরা যে এখনো পাঠ্যবই পেল না, এটি একটি জাতীয় জরুরি অবস্থা। সরকার দেশের শিশুদের মৌলিক অধিকার রক্ষা করতে ব্যর্থ হয়েছে। যদি এই সমস্যা অবিলম্বে সমাধান করা না হয়, তাহলে বাংলাদেশের ভবিষ্যৎ দীর্ঘ মেয়াদে ক্ষতিগ্রস্ত হবে। ড. ইউনূস, আপনার এখনই পদক্ষেপ নেওয়া উচিত। দুর্নীতির বিরুদ্ধে লড়াই করুন, দায়ীদের বরখাস্ত করুন এবং একটি জরুরি কর্মপরিকল্পনা গ্রহণ করুন, যাতে প্রত্যেক শিক্ষার্থী দ্রুত তাদের পাঠ্যপুস্তক পেতে পারে। শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টারা সুযোগ পেয়েছেন এবং তাঁরা ব্যর্থ হয়েছেন। এখন আপনার দায়িত্ব এই বিশৃঙ্খলা দূর করা। বাংলাদেশের শিক্ষার্থীরা আর অপেক্ষা করতে পারে না। পাঠ্যপুস্তক এখনই বিতরণ করুন

মার্চ মাস চলছে। এখনো লাখ লাখ শিক্ষার্থী তাদের সম্পূর্ণ পাঠ্যপুস্তক পায়নি। এটিকে যদি আমরা জাতীয় জরুরি অবস্থা না বলি, তাহলে আর কোনটাকে বলব? শিক্ষাব্যবস্থা সম্পূর্ণ বিপর্যস্ত। প্রথম দিকে আমরা দেখলাম বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানদের বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও সমন্বয়কদের নামে হেনস্তা করা হচ্ছে। সরকার সেটি ঠেকাতে পারেনি, কেবল কিছু দাপ্তরিক চিঠি দিয়ে দায় সেরেছে। এরপর এখন আবার শুরু হয়েছে শিক্ষাঙ্গনে বিভিন্ন ছাত্রসংগঠনের মধ্যে মারামারি। যথারীতি সরকার সেটিও ঠেকাতে পারছে না। ঢাকার কিছু কলেজে কয়েক দিন ধরে ঘোষণা দিয়ে মারপিট হলো, কিন্তু সরকার কিছু করল না। এত রক্তারক্তির মধ্যে তাই স্কুলের শিক্ষার্থীরা যে বই না পেয়ে বসে আছে, সেটি নিয়ে মানুষের খুব বেশি বিচলিত হওয়ার কথাও নয়। পাঠ্যবই বিতরণের এই ভয়াবহ ব্যর্থতা কেবল শিক্ষা উপদেষ্টা এবং প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টার অযোগ্যতা নয়, বরং সরকারের অভ্যন্তরের দুর্নীতিও প্রকাশ করছে। পাঠ্যপুস্তক সমন্বয় কমিটি, যারা সময়মতো সরবরাহ নিশ্চিত করার দায়িত্বে ছিল, তারা তাদের সম্পূর্ণ অক্ষমতা প্রমাণ করেছে। আমরা কেউই জানি না, কারা এই পাঠ্যবই সংস্কারের সঙ্গে জড়িত ছিলেন, তাঁদের কার্যতালিকা ও কর্মপরিধি কী ছিল, কত দিন ধরে কাজ করেছেন, কী কী সিদ্ধান্ত নিয়েছেন। কেনই-বা তাঁরা বইগুলো সঠিক সময়ে বিতরণ করতে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে পারলেন না।



বাংলাদেশের বর্তমান প্রশাসনের ব্যর্থতা কেবল পাঠ্যপুস্তক বিতরণেই সীমাবদ্ধ নয়। আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতিও প্রমাণ করে যে সরকার সুশাসন বজায় রাখতে পুরোপুরি ব্যর্থ। অপরাধ, রাজনৈতিক অস্থিরতা ও অর্থনৈতিক অব্যবস্থাপনা দেশটিকে আরও অনিশ্চয়তার দিকে ঠেলে দিয়েছে। মূল্যস্ফীতির হার কমাতে সরকার সম্পূর্ণ ব্যর্থ হয়েছে, যার ফলে সাধারণ মানুষ দৈনন্দিন জীবনে চরম কষ্ট ভোগ করছে।

পাঠ্যপুস্তক বিতরণের এই ব্যর্থতা শেখ হাসিনা সরকারের নতুন পাঠ্যক্রম বাস্তবায়নের সময়কার অব্যবস্থাপনাকে স্মরণ করিয়ে দেয়। এটি এখন স্থগিত। একসময় এটিতে বিষয় বিশেষজ্ঞ হিসেবে আমি জড়িত থাকায় ভেতর থেকে এসব কাজের পদ্ধতি দেখার কিছুটা সুযোগ হয়েছিল। সেই শিক্ষাক্রম ছিল প্রযুক্তিগত ও সাংস্কৃতিকভাবে ভিন্ন। কাজেই এটি বাস্তবায়নের কাজ শুধু মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের ওপর ন্যস্ত থাকার কথা না। যেহেতু এটি আমাদের শিক্ষক ও অভিভাবকদের দৈনন্দিন অভিজ্ঞতায় পরিবর্তন এনেছিল, শেখ হাসিনা সরকারের উচিত ছিল একদম সর্বোচ্চ পর্যায় থেকে সরকারের সব অংশকে সুসংহতভাবে কাজে লাগানো। সেটি করা হয়নি, যে কারণে আমরা বিভিন্ন মন্ত্রীর মধ্যে এ নিয়ে যোগাযোগহীনতা দেখেছি। স্থানীয় সরকারের জনপ্রতিনিধিদেরও কোনো রকম প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়নি, অথচ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের পরিচালনা কমিটি তারাই চালান। এখন ড. ইউনূস সরকার একই ভুলের পুনরাবৃত্তি করছেন-তাঁর অগ্রহণযোগ্য নিষ্ক্রিয়তা ও জরুরি পদক্ষেপের অভাব শেখ হাসিনার শিক্ষাব্যবস্থার সংস্কার কার্যকর করতে ব্যর্থতার প্রতিচ্ছবি ছাড়া আর কী বলব!

পত্রিকায় যেসব খবর দেখছি, তা লজ্জাজনক। কালোবাজারিরা শিক্ষার্থীদের আগেই বই পেয়েছে-এটি শুধু কষ্টের নয়, এটি একটি জাতীয় কেলেঙ্কারি। আমাদের সন্তানেরা কী দেখল? যাদের টাকা আছে, তারা পাঠ্যবই আগে পাবে। এতে তাদের মন কি ছোট হয়ে যায়নি? এভাবে যদি আমরা জীবনের শুরুতেই তাদের স্বপ্নগুলো ভেঙে দিই, তারা কীভাবে দেশ পাল্টানোর স্বপ্ন দেখবে? প্রশাসনের ভেতরে কারা এই 'ডেভিল', যারা এটি হতে দিল? ড. ইউনূস, আপনি কি এই দুর্নীতির তদন্ত করবেন, নাকি এটিও অন্য অনেক ব্যর্থতার মতো ধামাচাপা পড়ে যাবে?




বাংলাদেশের শিক্ষাব্যবস্থা এখন চরম সংকটে, যেখানে শিক্ষার্থীদের শাস্তি পেতে হচ্ছে নেতাদের ব্যর্থতার কারণে। সরকারের অযোগ্যতা ও দুর্নীতি শুধু একটি বিশৃঙ্খলার সৃষ্টি করছে না-এটি দেশের ভবিষ্যৎকেই ধ্বংস করছে।

ড. ইউনূস, আমরা জানতে চাই, আপনি কতবার শিক্ষামন্ত্রী এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রীর কাছে ব্যাখ্যা চেয়েছেন? উপদেষ্টা পরিষদের সভায় কতবার এই প্রসঙ্গটি তুলেছেন? কতবার প্রতিবেদন চেয়েছেন? আপনি কী ব্যবস্থা নিয়েছেন? যদি না নিয়ে থাকেন, তাহলে আপনিও এই বিপর্যয়ের জন্য দায়ী।

আমি চাই, সরকার এই সংকটের বিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রকাশ করুক, যার মধ্যে থাকবে:

ক. শিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত গ্রহণের স্বচ্ছ দিনলিপি।

খ. কীভাবে এবং কেন পাঠ্যপুস্তক উৎপাদনে দেরি হলো, তার বিস্তারিত ব্যাখ্যা।

গ. কালোবাজারি কার্যক্রমে জড়িত সমস্ত ব্যক্তির তালিকা।

ঘ. যাতে ভবিষ্যতে এ সমস্যা না হয়, সে বিষয়ে একটি সুস্পষ্ট কর্মপরিকল্পনা।

আমাদের সন্তানেরা যে এখনো পাঠ্যবই পেল না, এটি একটি জাতীয় জরুরি অবস্থা। সরকার এরপর ৪২ পৃষ্ঠায়

# সেকেন্ড রিপাবলিক, একটা বাক্যবিলাস ছাড়া আর কিছু নয়

> এখন যদি আমরা সংশোধিত সংবিধানকে নতুন সংবিধান নামে অভিহিত করতে চাই, তাতে আমাদের আপত্তি নেই, সেটা বলা যায়। কিন্তু এখন সেই নতুন সংবিধানের জন্য যদি আমরা এটাকে দ্বিতীয় রিপাবলিক হিসেবে ঘোষণা করতে চাই, সেটা একটা বাক্যবিলাস ছাড়া আর কিছু হবে না। এখনো আমরা যদি আবেগপ্রবণ হয়ে বাক্যবিলাসের মধ্যে থাকি, সেটা জাতির জন্য সুসংবাদ নয়। আমি আশা করব, আমাদের নতুন বন্ধুরা, যাঁরা পরিবর্তনের জন্য রাজনীতিতে এসেছেন-সমাজের পরিবর্তনের জন্য এবং একটি বৈষম্যহীন সমাজ বিনির্মাণের জন্য, একটি শক্তিশালী গণতান্ত্রিক রাষ্ট্র বিনির্মাণের জন্য-তাঁদের আমরা অনুরোধ করব, আমরা যেন সম্মিলিতভাবে ফ্যাসিবাদবিরোধী জাতীয় ঐক্যকে ঊর্ধ্বে তুলে ধরে এ জাতিকে এগিয়ে নিয়ে যাই। ঐক্যের মধ্যে যেন কোনোভাবে ফাটল সৃষ্টি হতে না পারে, সেদিকে খেয়াল রাখি

সালাহ উদ্দিন আহমদ



ছাত্রদের নেতৃত্বে যে নতুন রাজনৈতিক দলের সূচনা হয়েছে, 'জাতীয় নাগরিক পার্টি', এটাকে আমরা স্বাগত জানাই। আমরা আশা করি, একটি গণতান্ত্রিক দল হিসেবে তাদের ভূমিকা থাকবে বাংলাদেশে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের মধ্য দিয়ে নতুন যে জাতীয় সংসদ গঠিত হবে, সেই সংসদে সবারই প্রত্যাশা অনুযায়ী বর্তমান অগণতান্ত্রিক সংবিধানের গণতান্ত্রিক সংস্কার হবে, সংশোধনী হবে। সেটাতে তারাও ভূমিকা রাখবে, আমরাও রাখব, সে প্রত্যাশা আমাদের আছে।

তবে ছাত্রদের নেতৃত্বে গঠিত নতুন দলটি প্রাথমিক লক্ষ্য হিসেবে ঘোষণা দিয়েছে, একটি নতুন রিপাবলিক (প্রজাতন্ত্র), সেকেন্ড রিপাবলিক তারা চায়। সেটা প্রতিষ্ঠার জন্য গণপরিষদের মাধ্যমে তারা একটি নতুন সংবিধান রচনা করতে চায়। আমরা মনে করি, এ কথাগুলো পরস্পরবিরোধী। কারণ, আমাদের একটি সংবিধান আছে। আমরা নতুন করে একটি রাষ্ট্র হিসেবে এখন আত্মপ্রকাশ করিনি।

১৯৭১ সালে আমরা এ রাষ্ট্র পেয়েছি। যেখানে রাষ্ট্র নতুনভাবে স্বাধীন হয় এবং সংবিধান রচিত থাকে না, সেখানে সংবিধান নতুনভাবে রচনা করার জন্য গণপরিষদের প্রয়োজন হয়। এখানে আমাদের একটি রাষ্ট্র আছে, যা স্বাধীন-সার্বভৌম। এখন সেই রাষ্ট্র পুরোপুরি গণতান্ত্রিক কি না, সেটা নিয়ে প্রশ্ন থাকতে পারে।

আমাদের এ রাষ্ট্রের প্রথম রিপাবলিক প্রতিষ্ঠা হয়েছে সংবিধান রচনার মধ্য দিয়ে। সেটা ১৯৭১ সালের স্বাধীনতাযুদ্ধের পরে, আমাদের বিজয় অর্জনের পরে যে গণপরিষদ ঘোষণা করা হয়েছিল আগের নির্বাচিত প্রতিনিধিদের দিয়ে। সেই গণপরিষদের মাধ্যমে একটি সংবিধান গৃহীত হওয়ার মধ্য দিয়ে আমাদের রিপাবলিক (প্রজাতন্ত্র) রচনা হয়ে যায়।

রিপাবলিকের প্রধানতম বৈশিষ্ট্য, নির্বাচিত জনপ্রতিনিধিদের মাধ্যমে রাষ্ট্র পরিচালনা হবে এবং নির্বাচিত প্রতিনিধিরা আবার নির্বাচনের মাধ্যমে পরিবর্তন হবেন। সেই রাষ্ট্রের হেড অব স্টেট থাকবে। সেটা নমিনেটেড (মনোনীত) হোক বা ইলেকটেড (নির্বাচিত) হেড অব দ্য স্টেট হোক। সে চরিত্র ও বৈশিষ্ট্য এ রাষ্ট্রের আছে। অর্থাৎ আমরা একটা রিপাবলিকের মধ্যেই আছি।




এই রিপাবলিকের মধ্যে অনেক সময় অনেক রকমের সিস্টেম পরিবর্তন হয়েছে। যেমন একদলীয় শাসনব্যবস্থার মধ্য দিয়ে শেখ মুজিবুর রহমান সাহেব এই রিপাবলিকের চরিত্র পরিবর্তন করেছিলেন। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান সাহেবের সময় পঞ্চম সংশোধনীর মধ্য দিয়ে বহুদলীয় গণতন্ত্রের বৈশিষ্ট্য পুনঃস্থাপন করা হয়। তখন বিচার বিভাগের ওপর যে হস্তক্ষেপ বাকশালের মধ্য দিয়ে হয়েছিল, সেটাকে আবার সংশোধিত করে সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিল স্থাপন করা হয় সংবিধানের ৯৬ ধারায়, যেটা এখনো বহাল।

...এভাবে পরবর্তীকালে আমরা প্রেসিডেনশিয়াল সিস্টেম থেকে ১৯৯২ সালে সংসদীয় ব্যবস্থায় এলাম। তো এগুলো রিপাবলিকের মধ্যে বিভিন্ন রকমের পরিবর্তন ও সংশোধনী আসে। তারপর তত্ত্বাবধায়ক সরকারের প্রবর্তন হয়েছে। এগুলো সবই ন্যাচারাল পরিবর্তন হয় সংবিধানের। রাষ্ট্র, সমাজ ও জনগণের চাহিদা অনুসারে এসব পরিবর্তন ও সংস্কার আনতে হয়।

কিন্তু প্রতিবারই যদি আমরা এই সংবিধান সংশোধনগুলোয় একটা রিপাবলিকের ক্রমিক নম্বর দিই, সেটা অসুবিধা। কারণ, এতে রিপাবলিকের পরিবর্তন হয় না। রিপাবলিকের যে চরিত্র, যে বৈশিষ্ট্য, তার মধ্যে কিছু সংস্কার, কিছু সংশোধনী আসে। কিন্তু আমরা একটি রাষ্ট্রে আছি এবং সেই রাষ্ট্র স্বাধীন-সার্বভৌম। তাকে পুরোপুরি গণতান্ত্রিক ধারায় নিয়ে আসার জন্য আমরা রিপাবলিকের চলনের মধ্যে, ধরনের মধ্যে, পরিচালনার মধ্যে বৈশিষ্ট্যের পরিবর্তন করি জনগণের প্রত্যাশা অনুযায়ী।

জনপ্রত্যাশা অনুযায়ী এটা করতে গেলে যেমন বিভিন্ন আইন লাগে, সংবিধানেও সে রকম পরিবর্তন আনতে হয়, আনব। কিন্তু সেটার জন্য গণপরিষদের প্রয়োজন নেই; যেহেতু আমরা নতুন রাষ্ট্র নই, একটা প্রতিষ্ঠিত রাষ্ট্র। দ্বিতীয় রিপাবলিক বলতে তারা (ছাত্রনেতৃত্ব) যেটা বোঝাচ্ছে, তারা সেটা না বুঝে হয়তো নামকরণ করছে। আমাদের এই রিপাবলিকের পরিচালনার জন্য বিভিন্ন রকমের সাংবিধানিক ও আইনি সংশোধনী যেগুলো প্রয়োজন, সেটা আমরা আনব।

আরেকটি হচ্ছে নতুন সংবিধান, আসলে সংবিধান সংশোধনীর মাধ্যমে যে সংবিধান আমরা হাতে পাব সামনে। সেটাও অনেকটা ব্যাপক সংস্কারযুক্ত, সংশোধনীযুক্ত সংবিধান আমরা পাব। যেটাকে আমরা বলব একটা বৃহত্তর কনসেনশাসের (ঐকমত্য) মধ্য দিয়ে গণতান্ত্রিক সংস্কার হবে আমাদের সংবিধানের। সেটা আমাদের প্রতিশ্রুতি ছিল, আমাদের ৩১ দফায়ও ছিল, বর্তমানে সংস্কার কমিশনগুলোর গঠনের মধ্য দিয়ে অন্তর্বর্তী সরকার সে উদ্যোগ নিয়েছে। আমরাসহ সংশ্লিষ্ট রাজনৈতিক দলগুলো সেখানে প্রস্তাব দিয়েছি। এ ব্যাপারে এখনো আলাপ-আলোচনা চলছে। সেই সংবিধানকে আমরা নতুন সংবিধান বলতে পারি।

এখন যদি আমরা সংশোধিত সংবিধানকে নতুন সংবিধান নামে অভিহিত করতে চাই, তাতে আমাদের আপত্তি নেই, সেটা বলা যায়। কিন্তু এখন সেই

এরপর ৪২ পৃষ্ঠায়







# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

**মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।**

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**

(To Schedule Appointment Only)
**Call:917-282-9256**
E-mail: moinlaw@gmail.com



**Moin Choudhury**
Attorney at Law

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**
**Manhattan Office By Appointment Only.**
**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

KARNAFULLY TRAVEL INC. (Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# আপা, খুব জানতে ইচ্ছে করে

> যাকে বিশ্বাস করেছে সেই বিষ মাখানো তীর মেরেছে জনতাকে লক্ষ্য করে। এখন মানুষ কাউকে বিশ্বাস করতেও ভয় পায়। তাই তারা ক্ষুব্ধ, বিক্ষুব্ধ। দেশের মালিক যাদের বলা হয় সেই জনতাকে পিষ্ট করতে আপনি যেমন ছাড়েননি আপা, অন্যরাও একটু হলেও এ দোষে দোষি। তাই তো কেউ কেউ বলছে আগামী নির্বাচনে জামায়াতের নেতৃত্বে ইসলামী দলগুলো এগিয়ে যাবে। কারণ তাদের সঙ্গে যাবে বৈষম্যবিরোধীরা। এমনটা হলে অবাক হওয়ার কিছু থাকবে না। তারপরও বলবো রাজনীতিতে শেষ কথা বলতে কিছু নেই। আপা, ভালো থাকুন। দূর-দূরান্তে আপনার অতিশয় পাগল ভক্তদের জন্য দোয়া করবেন। কারণ তারা কখন কি করে বসে তা বুঝা মুশকিল। চারদিক খেয়াল করে চলবেন। হিসাব করে, মেপে মেপে কথা বলবেন। নিশ্চয় আল্লাহ আপনার মঙ্গল করবেন

শামীমুল হক



আচ্ছা, হাসু আপা- খুব জানতে ইচ্ছে করে, কোন শক্তির বলে আপনি বলতেন আওয়ামী লীগ সরকারকে ক্ষমতা থেকে সরাবে এমন কোনো শক্তি নেই। অথচ বাণী চিরন্তনে একটা কথা আছে-ক্ষমতা চিরস্থায়ী নয়। আপনার দেশ থেকে পালিয়ে যাওয়াও এটাই প্রমাণ করে। কিন্তু দুঃখের বিষয় হলো- কোনো ক্ষমতাবানরাই বাণী চিরন্তনের এ বাণীকে বিশ্বাস করেন না। যেমনটা আপনিও করতেন না।

তবে, আপা- গত ছয় মাসে আপনি একটি বাতাস এ দেশে সুন্দর করে ছড়িয়ে দিতে পেরেছেন। এজন্য আপনাকে বাহবা দিতেই হয়। আপনার পক্ষে এখন মাঝে মাঝে সামাজিক যোগাযোগ মাধ্যমে কেউ কেউ ঘেউ ঘেউ করেন। আপনার পালিয়ে যাওয়াকে তাড়িয়ে দেয়া উপাধি দিয়েছেন তারা। আর বলছেন, এটা ঠিক হয়নি। খুব সূক্ষ্মভাবে তারা ইনিয়ে বিনিয়ে কথা বলেন। কিন্তু তারা একবারও চিন্তা করেন না আপনার দীর্ঘ প্রায় ষোল বছর শাসনামলে দেশ পরিণত হয়েছিল রাক্ষসপুরীতে। কথা বললেই গুম, খুন। নির্বাচন ব্যবস্থাকে ধ্বংস করেছেন নিজ হাতে। যাতে করে পাঁচ বছর পর পর ভোট হবে। কিন্তু আপনি ও আপনার দল থেকে যাবে ক্ষমতায়। হাসিমুখে আপনি বঙ্গভবনে গিয়ে শপথ নিবেন। কেবল প্রধানমন্ত্রী হওয়ার সংখ্যা বাড়বে। মানে কতোবার প্রধানমন্ত্রী হয়েছেন সেটা মানুষ আঙ্গুলের কড়ায় গুনবে। প্রধানমন্ত্রী হয়ে শপথ ভাঙার কার্যক্রমে নামবেন। রাগ-অনুরাগের বশবর্তী হয়ে একের পর এক কাজ করবেন। যাকে খুশি ধরে এনে শাস্তি দেবেন।

আওয়ামী লীগ ছাড়া আর কোনো দল দেশে থাকতে পারবে না- এমন হুংকার দিবেন। অসংখ্যবার এমন হুংকার দিয়েছেন। আজও সামাজিক যোগাযোগ মাধ্যমে আপনার ভাইরাল বক্তব্য শুনে এলাম। যেখানে আপনি বলছেন- পাড়া-মহল্লা থেকে একটা একটা বিএনপিকে ধরে এনে শাস্তি দিতে হবে। বিএনপি'র এদেশে রাজনীতি করার অধিকার নেই। হাসু আপা, ও আপা- নিজের নাক কেটে অন্যের যাত্রা ভঙ্গের কথা তো আমরা সবাই শুনেছি। আপনিও ঠিক তেমনই। নিজের নাক কেটে পরের যাত্রা ভঙ্গ করতে সব সময় চেষ্টা করেছেন। আখেরে কোনো লাভ হয়নি। শুধু নিজের কাটা নাক নিয়েই এখন ভিনদেশে বাস করছেন। বড় আফসোস হয় নিজের দেশ থেকেও আজ আপনি বিশ্বের মধ্যে এক নরাধম, যার কোনো দেশ নেই। যে রিফিউজির মতো অন্যের দেশের গলগ্রহে থাকছেন। ক্ষমতার লোভ আপনাকে এমন উচ্চতায় নিয়ে গিয়েছিল যে, আপনি নিজেকে গড ভাবতে শুরু করেন। তাই তো এদেশে যখন মিয়ানমারের আরাকান রাজ্য থেকে দলে দলে রোহিঙ্গা প্রবেশ করতে থাকে তাদের বাধা দেননি। বরং বলেছেন, আমার বোন রেহানা আমাকে বলেছে দেশের ষোল কোটি মানুষকে তুমি খাওয়াতে পারছো আর এই ১০ লাখ মানুষকে খাওয়াতে পারবে না। নাউজুবিল্লাহ। আপা নিজেকে গড না ভাবলে এভাবে কোনো মানুষ বলতে পারে? একটি কথাই ধরুন না। এই যে আপনি জোর গলায় বলতেন, এমন কোনো শক্তি নেই আওয়ামী লীগ সরকারকে ক্ষমতা থেকে নামানো। আচ্ছা এখন তো দেখছি শক্তি আছে। জানি আপনি বিশ্বাস করবেন না। কারণ আপনি এখনো জুলাই-আগস্টকে ষড়যন্ত্র হিসেবে দেখছেন। কিন্তু ষোল বছর যে অত্যাচার, নির্যাতন চালিয়েছেন দেশবাসীর ওপর। বিরোধী দলের ওপর। বিরোধী মতের ওপর। সেটার কথাতো বলেন না। বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে বাড়িতে থাকতে দিয়ে বলেছেন, দয়া করে দিয়েছেন। আবার তার পুত্র তারেক রহমানের প্রতি রুষ্ট হয়ে বলেছেন, বেশি বাড়াবাড়ি করলে জেলে পুরে দেবো। আপনার এই কথায় প্রমাণ হয় ইচ্ছে করে খালেদা জিয়াকে জেল দিয়েছেন। আবার খালেদা জিয়ার ক্যান্টনমেন্টের বাড়ি থেকে বের করে দেয়ার পণ করেছিলেন বহু আগেই- সেই কথাও প্রকাশ্যে বলেছেন। অথচ আপনি শপথ নিয়েছিলেন রাগ-অনুরাগের বশবর্তী হয়ে কোনো কাজ করবেন না। ওইদিনই তো আপনার প্রধানমন্ত্রী থেকে পদত্যাগ করা উচিত ছিল।



হাসু আপা, এই লেখা যখন লিখছি- তখন আমার সামনে আওয়ামী লীগপন্থি শীর্ষ এক সাংবাদিক নেতা বসা। তিনি বলছিলেন, শেখ হাসিনার বড় ভুল তিনি এমন অবস্থায় পৌঁছেছিলেন যে কাউকেই পাত্তা দিতেন না। নিজে যা মনে করতেন সেটাই করতেন। আর যাদের সঙ্গে পরামর্শ করতেন তারাও সঠিক পরামর্শ দিতে সাহস করেন নি। কারণ এ স্বাধীনতাও তাদের ছিল না। পরামর্শ দিতে গিয়ে যদি শেখ হাসিনার মতের বিরুদ্ধে যায় তাহলে তো তার ওপর ঝড় বইয়ে যাবে। তিনি বলছিলেন, আমরা আওয়ামী লীগ করি বঙ্গবন্ধুকে দেখে। কিন্তু বঙ্গবন্ধুর আদর্শের ছিটেফোঁটাও ছিল না শেখ হাসিনার মাঝে। শেখ হাসিনার পতনের জন্য শেখ হাসিনা নিজেই দায়ী। তিনি কেন সর্বশেষ নির্বাচনটা করতে গেলেন এভাবে? পরপর তিনবার প্রধানমন্ত্রী হওয়ার পর আর কি থাকে? চতুর্থবারের নির্বাচনটা সবাইকে নিয়ে সুষ্ঠুভাবে করলে আজ তার এই দশা হয় না। বিরোধী দল হয়ে সংসদে থাকতে পারতো। পরের বার তো ক্ষমতায় আসতো? আসলে সবই হলো লোভ।

হাসু আপা, আপনাকে এখন সুসংবাদ দিতে চাই। আপনিবিহীন বাংলাদেশে এখন রাজনৈতিক দলগুলোর মধ্যে নরম গরম বাতাস চলছে। সরকারের এরপর ২৪ পৃষ্ঠায়

# যে কারণে আওয়ামী লীগ বারবার গণবিরোধী হয়ে ওঠে

মারুফ মল্লিক

রাজনীতিতে আওয়ামী লীগের থাকা না-থাকা নিয়ে বিস্তর আলাপ-আলোচনা হচ্ছে। কেউ কেউ নমনীয় অবস্থানে থাকলেও রাজনীতিতে আওয়ামী লীগের আর ফেরার সুযোগ নেই বলে অনেকেই মনে করছেন। তাঁদের যুক্তি, গণহত্যাকারী দল হিসেবে আওয়ামী লীগের আর দেশের রাজনীতি পুনর্বাসিত হওয়া সম্ভব নয়।

বারবারই দেশের মানুষের রক্তে আওয়ামী লীগের হাত রঞ্জিত হয়েছে। আওয়ামী লীগের হাতেই দেশে মানুষ সবচেয়ে বেশি খুন, হত্যা ও গুমের শিকার হয়েছে। স্বাধীনতার পর থেকেই আওয়ামী লীগ এটা শুরু করেছে।

যুদ্ধবিধ্বস্ত সদ্য স্বাধীন দেশে আওয়ামী লীগই প্রথম পুলিশ ও রক্ষী বাহিনী দিয়ে হত্যা ও গুম শুরু করে। পরবর্তী সময়ে দুই দফায় ক্ষমতায় আসা আওয়ামী লীগের একই অভ্যাস বজায় ছিল।

আওয়ামী লীগ সব সময়ই নিজ সমর্থক গোষ্ঠীর বাইরের অংশকে দমনের চেষ্টা করেছে। এটা তারা ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের পরপরই শুরু করে। তারা সব সময়ই কর্তৃত্ববাদী শাসন প্রতিষ্ঠা করতে চেয়েছে। যে কারণে জনগণকে সব সময় প্রতিপক্ষ হিসেবে বিবেচনা করেছে।

জুলাই-আগস্ট বিপ্লবের সময়ও আওয়ামী লীগ নির্বিচারে দেশের মানুষকে হত্যা করেছে। আওয়ামী লীগ দেশের নিরস্ত্র জনসাধারণের ওপর যুদ্ধাস্ত্র ব্যবহার করেছে। আপাতত মনে হতে পারে, আওয়ামী লীগ তো এ দেশেরই রাজনৈতিক দল। কিন্তু জনসাধারণকে সব সময় প্রতিপক্ষ হিসেবে বিবেচনা করে কেন? সব সময় ক্ষমতা কুক্ষিগত করে রাখতে চায় কেন?

এ দুই প্রশ্নের উত্তর মেলাতে পারলেই আওয়ামী লীগের খুনি চরিত্রের হিসাব মেলানো যাবে। মূল বিষয় হচ্ছে, আওয়ামী লীগ এই ভূখণ্ডের রাজনৈতিক দলে হলেও মূলত ভারতপন্থী দল হিসেবে পরিচিত। দলটি বরাবরই নিজ দেশের মানুষের স্বার্থের চেয়ে ভারতের স্বার্থকে গুরুত্ব দিয়ে বিবেচনা করেছে। এ কারণে বরাবরই দলটি জনসাধারণের বিপক্ষে অবস্থান নিয়েছে।

আওয়ামী লীগ মূলত ভারতের নীতি-কৌশল সম্প্রসারণে কার্যকর ভূমিকা রাখে। এ হিসাবে বলা যায়, আওয়ামী এই দেশের সাধারণ মানুষের ওপর আস্থা রাখতে পারে না। পারা সম্ভবও নয়। আওয়ামী লীগের রাজনীতিতে ভারতীয় কংগ্রেসের রাজনৈতিক কৌশল-আদর্শের ছাপ দেখা যায়। কংগ্রেস যেমন ধর্মনিরপেক্ষ ও অসাম্প্রদায়িক দল হিসেবে পরিচিত; আওয়ামী লীগও নিজেদের অসাম্প্রদায়িক ও ধর্মনিরপেক্ষ দল হিসেবে পরিচয় দিয়ে থাকে। কিন্তু এই দুটি দলই দুই দেশে ক্ষমতায় থাকাকালে ধর্মীয় ও জাতিগত সংখ্যালঘুদের ওপর হামলা হয়েছে। দুই দলই ধর্মকে প্রয়োজনের সময় রাজনীতিতে ব্যবহার করেছে। আবার দুই দলই সংখ্যালঘু সম্প্রদায়ের ভোট নিজেদের বলে মনে করত।

জাতীয় নিরাপত্তার দিক থেকে বিবেচনা করলে দেশে আওয়ামী লীগ ও সামরিক বাহিনী একসঙ্গে থাকতে পারাও সম্ভব নয়। দেশের নিরাপত্তার প্রধান রক্ষক হিসেবে বিবেচনা করলে হয় সেনাবাহিনী থাকবে, আর যদি জাতীয় স্বার্থকে খাটো করে ভারতের সঙ্গে সমঝোতা করা হয়, তবে আওয়ামী লীগ টিকে থাকবে। এই প্রতিষ্ঠানের একসঙ্গে থাকা সম্ভব নয়। মূলত এ কারণেই সামরিক বাহিনীর মধ্যে আওয়ামী লীগে গ্রহণযোগ্যতা কম।



দুর্ভাগ্যজনক হলেও সত্য, আওয়ামী লীগ ভারতের একধরনের সম্প্রসারিত অংশে পরিণত হয়েছে। এটা আমাদের রাজনীতির জন্য শুধু দুর্ভাগ্যজনকই নয়, এ ধরনের রাজনৈতিক দলের অস্তিত্ব থাকা দেশের ভবিষ্যতের জন্যও ঝুঁকিপূর্ণ। বিশেষ করে দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বের প্রশ্নে আওয়ামী লীগ ঝুঁকিপূর্ণ একটি দল।

সামরিক প্রেক্ষাপটে বিবেচনা করলে বিষয়টি আরও পরিষ্কার হবে। ভূরাজনীতি ও সামরিক দৃষ্টিকোণ থেকে দেখলে বাংলাদেশের নিরাপত্তার জন্য বড় ঝুঁকির কারণ হতে পারে ভারত। এরপর মিয়ানমারের অবস্থান। ভবিষ্যতে সরাসরি যুদ্ধ হলে এ দুই দেশের সঙ্গেই হবে। এর বাইরে তৃতীয় কোনো পক্ষের সঙ্গে যুদ্ধে জড়ানোর শঙ্কা কম, যদি না বিশ্বের বড় কোনো শক্তি বাংলাদেশ দখল না করে বা হামলা না করে। ভারত ও মিয়ানমার অতিক্রম করে এসে চীন বাংলাদেশে হামলা করবে না। অথবা যুক্তরাষ্ট্রও এসে দখল করবে না। ইরাক, আফগানিস্তান বা লিবিয়ার মতো অবস্থা বাংলাদেশের হবে না বলেই মনে করা হয়।

তবে এ রকম কোনো দেশের হামলার বিষয়টি অবশ্যই আমাদের প্রতিরক্ষানীতি ও সামরিক কৌশলে থাকবে। কিন্তু সামরিক কৌশল মূলত নির্ধারিত হবে ভারত ও মিয়ানমারকে কেন্দ্র করে। এই দুটি দেশই সরাসরি বাংলাদেশের জন্য বড় ধরনের সামরিক হুমকির কারণ হতে পারে।

ভারতের স্বার্থকে প্রাধান্য দেওয়ার কারণেই আমাদের সামরিক বাহিনীর সঙ্গে আওয়ামী লীগের সম্পর্ক ঐতিহাসিকভাবেই খুব বেশি উষ্ণ ছিল না; বরং সামরিক কর্মকর্তারা আওয়ামী লীগকে সন্দেহের চোখে দেখে থাকেন। ১৯৭১ সালের স্বাধীনতাযুদ্ধে আমাদের সামরিক কর্মকর্তাদের উল্লেখযোগ্য অংশগ্রহণ ও অবদান ছিল। ভারতের সঙ্গে আওয়ামী লীগের বিশেষ সখ্যর বিষয়টি তাঁরা ওই সময় থেকেই পর্যবেক্ষণ এরপর ২৮ পৃষ্ঠায়



> কিন্তু বাংলাদেশের দিক থেকে দেখলে এটা সার্বভৌমত্বের জন্য ভয়ংকর হতে পারে। একমাত্র ভারতের স্বার্থ ঠিক রাখতে আওয়ামী লীগ এ দেশের মানুষের ভোটাধিকার হরণ করেছে। পাখির মতো গুলি করে মানুষ হত্যা করেছে; যদিও নির্বিচার পাখি হত্যা করাও গ্রহণযোগ্য নয়। কিন্তু আওয়ামী লীগ নির্দয়ভাবে মানুষ হত্যা করেছে। এ নিয়ে আওয়ামী লীগের মধ্যে কোনো অনুশোচনা বা অনুতাপ পরিলক্ষিত হয়নি; বরং তারা এখনো পলাতক অবস্থায় হুমকি দিয়ে যাচ্ছে। নানাভাবে দেশকে অস্থিতিশীল করার চেষ্টা করছে। ঠিক এ কারণেই আওয়ামী লীগের পক্ষে রাজনীতিতে আর ফিরে আসা সম্ভব নয়। ফিরে আসতে দেওয়া উচিতও হবে না। যদি কখনো আওয়ামী লীগ ফিরতে পারে, তবে দেশের জাতীয় নিরাপত্তা আবারও ঝুঁকির মুখে পড়বে


বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯+
JFK-Dhaka-JFK Return
Mohammad B Hossain (Belal)
President & CEO
Saudi Arabian Airlines
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
Emirates
AmericanAirlines
ETIHAD
Emirates
QATAR AIRWAYS
KUWAIT AIRWAYS
দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ
কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ
মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ
জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ
7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)
Phone: 917-396-4140, 917-592-7828
Price Can Be Change Anytime.
digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com
OPEN 7 DAYS: 11AM -10PM
*Terms & Condition may apply. See store for details.

# নতুন দল ও নতুন রাজনীতি এক কথা নয়

ড. মঞ্জুরে খোদা

জুলাই অভ্যুত্থান ও অন্তর্বর্তী সরকার গঠনের পর থেকেই একটি নতুন রাজনৈতিক দল গঠনের আলাপ-তৎপরতা শুরু হয়। অবশেষে ২৮ ফেব্রুয়ারি অভ্যুত্থানে নেতৃত্ব দানকারী 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের' নেতৃত্বে 'জাতীয় নাগরিক পার্টি' (ন্যাশনাল সিটিজেনস পার্টি-এনসিপি) নামের সেই সংগঠনটির আত্মপ্রকাশ ঘটে। শুধু তা-ই নয়, এই সংগঠনের সাবেক সমন্বয়কদের নেতৃত্বে 'বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদ' নামের একটি নতুন ছাত্রসংগঠনের জন্ম হয় ২৬ ফেব্রুয়ারি। এই সংগঠনের আদর্শ-কর্মসূচি, মূল দর্শন ও নীতি কী, তা এখনো পরিষ্কার নয়। শিগগিরই হয়তো সেই বিষয়গুলো জানা যাবে। তবে এই বিষয়গুলো নিয়ে বিভিন্ন ধরনের আলোচনা হচ্ছে। এই সংগঠনের নেতৃত্ব যেভাবে নতুন বাংলাদেশ ও নতুন রাজনীতির কথা বলছেন, সেটা নিয়ে মানুষের কৌতূহল অধিক। তাঁরা আসলে কী নতুন রাজনীতি জন্ম দিতে চাইছেন? অভ্যুত্থানের মাধ্যমে মানুষের মধ্যে যে আকাঙ্ক্ষা ও উদ্দীপনা তৈরি হয়েছিল, গত সাত মাসে তার অনেকটাই মিলিয়ে গেছে। সেই কারণে নতুন দলের আত্মপ্রকাশে অনেকেই বলছেন, রাতারাতি একটি নতুন দল গঠন করার কাজটা যতটা সহজ, একটি নতুন রাজনীতি গড়ে তোলা ততটাই কঠিন।

একটি নতুন দল গঠনের প্রাথমিক কাজ হচ্ছে তার মূলনীতি ঘোষণা ও গঠনপ্রক্রিয়া তৈরি করা। তার ভিত্তিতে জনমত গঠন ও ঘোষিত নীতি-কর্মসূচির আলোকে সম্মেলন-কনভেনশনের আহ্বান করা। সেখানে সদস্যদের মতামত ও অংশগ্রহণের মাধ্যমে গণতান্ত্রিক প্রক্রিয়ায় নেতৃত্ব নির্বাচন ও সংগঠনের করণীয় ও লক্ষ্য অর্জনের কৌশল নির্ধারণ করা, এটাই সাধারণ রীতি।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সমন্বয়কদের নেতৃত্বে 'গণতান্ত্রিক ছাত্র সংসদ' ও 'জাতীয় নাগরিক পার্টি' ছাত্র ও অভিভাবক সংগঠনের জন্ম দেওয়া হলো, সে ক্ষেত্রে এমন কোনো কিছু অনুসরণ করা হয়নি। দুই সংগঠনের নেতৃত্ব নির্বাচন নিয়ে যথেষ্ট জটিলতা ও দলাদলি হয়েছে, বিশেষ করে ছাত্রসংগঠনের নেতৃত্ব নির্বাচন নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে রীতিমতো প্রকাশ্যে সংঘাত পর্যন্ত হয়েছে। সংগঠনের আত্মপ্রকাশের শুরুতেই তাদের মধ্যে যে সংঘাতের ঘটনা ঘটল, তা প্রচণ্ড হতাশার। এই যদি নতুন সংগঠনের শুরুর চিত্র হয় তাহলে এর ভবিষ্যৎ নিয়ে কীভাবে আশাবাদী হই?

যাঁরা এত দিন শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্ররাজনীতি বন্ধ ও লেজুড়বৃত্তিক ছাত্রসংগঠন বন্ধের কথা বলেছেন, হাসিনাবিরোধী আন্দোলনে যে ৯ দফা দেওয়া হয়েছিল, তাতে 'দলীয় লেজুড়বৃত্তিক ছাত্ররাজনীতি নিষিদ্ধের' কথা ছিল। তাঁরাই এখন ছাত্রসংগঠন করলেন। তারপর ছাত্রসংগঠনের প্রতিষ্ঠালগ্নেই যে দৃশ্য মানুষ দেখল, তা ছাত্রলীগের ভয়ংকর রূপের কথাই মনে করিয়ে দেয়নি কি? একটি সংগঠনের মধ্যে মারামারি, দ্বন্দ্ব-বিভেদ হয় সাধারণত সংগঠনটির নীতি-আদর্শ ও নেতৃত্ব নির্বাচনের প্রক্রিয়ার কারণে। নেতৃত্ব নির্বাচনের প্রক্রিয়া যদি সুষ্ঠু ও সুস্থ গণতান্ত্রিক হয় তাহলে সেখানে এসব হওয়ার কথা নয়।



সংগঠনের উদ্দেশ্য যদি ব্যক্তি ও গোষ্ঠীস্বার্থ উদ্ধার হয়, সেখানে যদি সামাজিক দায় না থাকে, ক্ষমতাকেন্দ্রিক রাজনীতিই মুখ্য হয়ে ওঠে, তাহলে সংঘাত হবেই। ছাত্ররাজনীতির বিরুদ্ধে যে অভিযোগকে পুঁজি করে নতুন সংগঠনের জন্ম, সে-ও যদি একই রাজনীতি অনুসরণ করে, তাহলে সেখানে নতুনত্বের কী ঘটল? এই চিত্র কি ছাত্ররাজনীতি সম্পর্কে মানুষের মনে আরও নেতিবাচকতার জন্ম দেবে না? জাতীয় নাগরিক পার্টির আত্মপ্রকাশ অনুষ্ঠানে অনেকের বক্তব্যে যেমন আশার কথা ছিল, আবার সেখানে কিছু বিষয় এসেছে যা অনেকের কাছে দুর্বোধ্য ও অনভিপ্রেত। যেমন, সেখানে সেকেন্ড রিপাবলিক তথা দ্বিতীয় স্বাধীনতার কথা বলা হয়েছে। বিএনপি নেতা মির্জা আব্বাস বলেছেন যে তিনি বোঝেন না আসলে সেকেন্ড রিপাবলিক বিষয়টি কী। বিএনপির আরেক নেতা রিজভী বলেছেন, এরা সভায় অনেক ভালো ভালো কথা বলেছে কিন্তু তাদের বক্তব্যে কোনো রাজনৈতিক দর্শন তিনি পাননি।

নতুন বাংলাদেশ ও নতুন ধারার রাজনীতির কথা যাঁরা বলছেন তাঁদের কর্ম ও কথাবার্তায় তেমন ব্যতিক্রম কিছু চোখে পড়ছে না। অবস্থাদৃষ্টে মনে হয়েছে তাঁরা বর্তমান পরিস্থিতিকে একটি সুযোগ মনে করছেন। কারণ, তাঁদেরই কোনো কোনো সহপাঠী-সহযোদ্ধা চাকরির সামান্য দাবি থেকে ক্ষমতার শীর্ষ পদে আছেন। সর্বোচ্চ বেতন-ভাতা-সম্মান, অর্থবিত্তের মালিক হয়েছেন, তাহলে তাঁরা কেন বঞ্চিত হবেন? সুতরাং যেকোনোভাবে রাজনৈতিক দল গঠনের মাধ্যমে নেতৃত্ব অর্জন করতে পারলে সম্মান-প্রতিষ্ঠা, বিত্ত অর্জন করতে পারবেন-হয়তো এই মানসিকতা কাজ করছে।

ইতিমধ্যে ক্ষমতাসীন ও অভ্যুত্থানের নেতৃত্বের আচরণ, জীবনযাপন, ক্ষমতার অপব্যবহার ও দুর্নীতি নিয়ে প্রচারমাধ্যমে অভিযোগ উঠেছে। সেটা হলে তাঁদের কর্মকাণ্ডের সঙ্গে অতীত ক্ষমতাকেন্দ্রিক রাজনীতি থেকে কি পার্থক্য করার সুযোগ আছে? যেমন অন্তর্বর্তী সরকার কয়েকবার ঘোষণা দিয়েও উপদেষ্টা ও সরকারি কর্মকর্তাদের সম্পদের হিসাব প্রকাশ করতে পারেনি! কেন পারেনি? সেখানেও কি আওয়ামী ভূত? ছাত্র উপদেষ্টাসহ অভ্যুত্থান নেতাদের অনেকে কীভাবে দামি গাড়ি-বাড়ির মালিক হলেন, সে প্রশ্ন উঠেছে। তাহলে কোথায় স্বচ্ছতা, জবাবদিহি ও পরিবর্তন?

নবগঠিত ছাত্রসংগঠন ও রাজনৈতিক দলের নীতি-আদর্শ-কর্মসূচি কী? তেমন কোনো তথ্য খুঁজে পেলাম না। কিন্তু তাদের বলা-বক্তব্যে যতটা বুঝলাম ↘ এরপর ২৪ পৃষ্ঠায়



সমন্বয়ক হিসেবেও একটি মাত্র বিশ্ববিদ্যালয়ের চার-পাঁচজনই মূলত সব ধরনের ক্ষমতার চর্চা করছে। মানুষ তাদের প্রতি যে আস্থা রাখবে, সমর্থন করবে কিসের ভিত্তিতে? নবগঠিত এই দুই দলের নেতৃত্বের মধ্যে তেমন বিনয়, উদারতা ও সহনশীলতা লক্ষণীয় নয়। বরং দেখছি ঔদ্ধত্য, অহংকার, ভেঙে দেব, গুঁড়িয়ে দেব, নির্মূল করব ইত্যাদি অসহিষ্ণু কথাবার্তা! এ দেশের বৃহৎ একটি জনগোষ্ঠী চেয়েছে ব্যক্তিকেন্দ্রিক, পরিবারতান্ত্রিক রাজনৈতিক ধারার বাইরে একটি সৎ, দেশপ্রেমিক, মানবিক, উদার, বৈষম্যহীন, কল্যাণমূলক, ধর্মনিরপেক্ষ একটি রাজনৈতিক ধারা গড়ে উঠুক এবং তাদের নেতৃত্বে দেশ এগিয়ে যাক, কিন্তু সেটা হয়নি। তার বদলে যদি কোনো পশ্চাৎপদ, রক্ষণশীল, সাম্প্রদায়িক রাজনৈতিক ধারা তৈরি হয় তাহলে তার প্রতি মানুষের সমর্থন ও সহানুভূতি থাকবে-আমার তা মনে হয় না

# গণতান্ত্রিক উত্তরণের পথে কাঁটা কি কমছে

আজাদুর রহমান চন্দন

আওয়ামী লীগের দেড় দশকের শাসনামলে 'বঞ্চিত ও বাধ্যতামূলক অবসরে পাঠানো' কর্মকর্তাদের মধ্যে ১১৯ জন ভূতাপেক্ষ পদোন্নতি পেয়ে সচিব হয়েছেন। গত মাসে এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। ভূতাপেক্ষ পদোন্নতি পাওয়া কর্মকর্তাদের কেউ কেউ কোটি টাকার ওপরে ক্ষতিপূরণ পাবেন। ৫০ লাখ টাকা করে পাবেন-এমন কর্মকর্তার সংখ্যা অনেক। যে কমিটির সুপারিশের আলোকে এই ভূতাপেক্ষ পদোন্নতি দেওয়া হয়েছে, তার সদস্যসচিব ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোখলেস উর রহমান। তাঁর নামও আছে ভূতাপেক্ষ পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের তালিকায়। এ নিয়ে সমালোচনা হয়েছে নানা মহল থেকে। প্রশ্ন উঠেছে মোখলেস উর রহমানের ব্যাচ থেকে ৫০ জনের পদোন্নতি পাওয়া নিয়েও। বিগত সরকারের সময়ে বঞ্চনার অজুহাতে ভূতাপেক্ষ সুবিধা নেওয়ার এমন হিড়িক দেশের বিভিন্ন সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানেও। প্রত্যন্ত এলাকায় অবস্থিত একটি পাবলিক বিশ্ববিদ্যালয়ের এক তরুণ কর্মকর্তার স্ত্রী রাজধানীতে চাকরি করতেন। নিজ কর্মস্থলের কাছে স্ত্রীকে বদলি করিয়ে নেওয়ার কোনো সুযোগ না থাকায় ওই তরুণ স্বেচ্ছায় চাকরি ছেড়ে ঢাকায় একটি বেসরকারি প্রতিষ্ঠানে যোগ দিয়েছিলেন। এখন পরিস্থিতির সুযোগ নিয়ে তিনি দাবি করেন, রাজনৈতিক কারণে তখন তিনি চাকরি ছাড়তে বাধ্য হয়েছিলেন। এই দাবি তুলে যথারীতি তিনি বিশ্ববিদ্যালয়টি থেকে আর্থিক সুবিধা বাগিয়ে নিয়েছেন। এমন কাণ্ড আরও কত যে ঘটছে!



'বঞ্চিত' সরকারি চাকুরেদের ভাগ্যে নানা প্রাপ্তি ঘটলেও আমজনতা সেই তিমিরেই। তাদের প্রাপ্তির তালিকায় বরং যোগ হয়েছে 'মব' নামের নতুন আতঙ্ক। বেশির ভাগ ক্ষেত্রে এই আতঙ্ক ছড়ানো হচ্ছে 'তৌহিদি জনতা'র নামে। এই আতঙ্ক অনেক বেশি নারীদের ক্ষেত্রে। যে ঢাকা বিশ্ববিদ্যালয় দেশকে পথ দেখায়, সেই বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রীকেই ক্যাম্পাসে যৌন হয়রানি করেছে এক দুর্বৃত্ত। তাঁকে থানায় দেওয়ার পর 'তৌহিদি জনতা'র নামে থানা ঘেরাও করে ছাড়িয়ে নেওয়া হয়েছে বীরদর্পে। এর আগে নভেম্বরের শেষ সপ্তাহে শীর্ষস্থানীয় জাতীয় দৈনিক প্রথম আলোর কার্যালয়ের সামনে দুই দিনব্যাপী বিক্ষোভ ও গরু জবাই এবং ডেইলি স্টার ভবনের গেট বন্ধ করে বিক্ষোভ ও জুমার নামাজ আদায় কর্মসূচি দেওয়া হয়েছিল। আলোচিত প্রতিটি ঘটনায় কয়েক শ লোক জড়ো করে 'মব' তৈরির ক্ষেত্রে অভিন্ন কয়েকটি মুখ দেখা গেছে নেতৃত্ব দিতে। তৌহিদি জনতার নামে মব সৃষ্টির বিষয়ে দু-একজন উপদেষ্টা বিভিন্ন সময়ে সতর্কবাণী উচ্চারণ করলেও কাজের কাজ কিছু হয়নি।




বিক্ষুব্ধ ছাত্র-জনতার নামে মব তৈরি করে কোথাও তল্লাশি কিংবা তৌহিদি জনতার নামে নারীকে হেনস্তা করার পাশাপাশি কোনো কোনো মহল থেকে নানা ইস্যু সামনে আনা এই সন্দেহ সৃষ্টির বড় কারণ। নতুন দল এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলামের একটি মন্তব্য এই সন্দেহকে আরও বাড়িয়েছে। বার্তা সংস্থা রয়টার্সকে তিনি বলেছেন, অন্তর্বর্তী সরকার এখনো জননিরাপত্তা পুরোপুরি নিশ্চিত করতে পারেনি। এ অবস্থায় চলতি বছর জাতীয় নির্বাচনের আয়োজন করা কঠিন হবে বলে তিনি মনে করেন। সরকার বা তার নিয়ন্ত্রক কোনো মহল যদি দ্রুত নির্বাচন অনুষ্ঠানের ব্যাপারে আন্তরিক না হয়, তাহলে মুখে যা-ই বলা হোক না কেন, বাস্তবে নির্বাচন পিছিয়ে দেওয়ার অজুহাত তৈরি করাটা মোটেই কঠিন কিছু নয়

ছাত্র-জনতার অভ্যুত্থানে শেখ হাসিনার কর্তৃত্ববাদী শাসনের অবসান হওয়ার পর বাংলাদেশে দায়িত্বে আসা অন্তর্বর্তী সরকারের 'হানিমুন পিরিয়ড' বা মধুচন্দ্রিমা শেষ হয়েছে মাস দুয়েক আগেই। এত দিনেও সরকার দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে উল্লেখযোগ্য সাফল্য দেখাতে পেরেছে কি? শুরু থেকে কয়েক মাস পর্যন্ত বলা হচ্ছিল, বিপর্যস্ত পুলিশ বাহিনী মনোবল ফিরে না পাওয়ায় কিছুটা সমস্যা হচ্ছে। কিন্তু এটিই কি একমাত্র কারণ? এখনো কি পুলিশ বাহিনী মনোবল ফিরে পায়নি? আমার মনে হয়, সমস্যাটা আসলে অন্যখানে। গত বছরের জুলাই-আগস্টে আন্দোলনকালে এবং এর পরপর রাষ্ট্রীয় বিভিন্ন বাহিনীর যে বিপুলসংখ্যক আগ্নেয়াস্ত্র লুট হয়ে গিয়েছিল, সেগুলো এখনো উদ্ধার করা হয়নি পুরোপুরি। অনেক চিহ্নিত সন্ত্রাসী ও জঙ্গি তখন কারাগার থেকে ছাড়া পেয়ে গিয়েছিল। লুট হওয়া ওই সব অস্ত্র যে এখন অপরাধমূলক কাজে ব্যবহৃত হচ্ছে, তার প্রমাণ মিলেছে অতিসম্প্রতি চট্টগ্রামের সাতকানিয়ায়। ৩ মার্চ রাতে সাতকানিয়া উপজেলার ছনখোলা পশ্চিমপাড়া এলাকায় মসজিদের মাইকে ডাকাত আসার ঘোষণা দিয়ে দুই ব্যক্তিকে গণপিটুনি দেওয়া হয়। এতে ঘটনাস্থলেই ওই দুজন নিহত হন। নিহত ব্যক্তিরা হলেন উপজেলার কাঞ্চনা ইউনিয়নের মধ্যম কাঞ্চনা এলাকার মোহাম্মদ নেজাম উদ্দিন এবং একই ইউনিয়নের গুরগুরি এলাকার মোহাম্মদ সালেক। চট্টগ্রাম জেলার পুলিশ সুপার পরে সংবাদ সম্মেলনে জানান, ওই দুই ব্যক্তির মৃত্যুর পর ঘটনাস্থল থেকে পুলিশ যে পিস্তলটি উদ্ধার করেছে, সেটি নগরের কোতোয়ালি থানা থেকে লুট হওয়া। নিহত হওয়ার আগে ওই পিস্তল দিয়ে গুলি ছুড়েছিলেন নেজাম উদ্দিন। জামায়াতে ইসলামীর সাতকানিয়া উপজেলার কাঞ্চনা ইউনিয়নের সেক্রেটারি জায়েদ হোছেনের তথ্যমতে, নিহত দুজন জামায়াতের সক্রিয় কর্মী ছিলেন।

সমস্যার আরেকটি গুরুত্বপূর্ণ দিক হলো, পুলিশ ও প্রশাসনের লোকজনের এখন 'শ্যাম রাখি না কুল রাখি' অবস্থা। রাজনৈতিক অঙ্গন থেকে আওয়ামী লীগের প্রায় হারিয়ে যাওয়া অর্থাৎ, দলীয় নেতাদের পলায়ন ও আত্মগোপন এবং দেশের ভেতরে দলটির কর্মকাণ্ড বন্ধ হয়ে যাওয়ায় বৃহত্তম রাজনৈতিক শক্তি হিসেবে অনেকটাই অপ্রতিদ্বন্দ্বী অবস্থায় আছে বিএনপি। দলটি সামনে সরকার গঠনের অপেক্ষায় বলেও ব্যাপকভাবে মনে করা হচ্ছে। বিএনপির দীর্ঘদিনের ঘনিষ্ঠ মিত্র জামায়াতে ইসলামী নিজেদের শক্তি সংহত করার পাশাপাশি ধর্মভিত্তিক অন্যান্য দলকে নিয়ে নির্বাচনী ↘ এরপর ২৪ পৃষ্ঠায়


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208


মার্কিন যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউজের এফিলিয়েটেড PRESIDENTIAL AWARD
& NATIONAL HEALTHCARE CHAMPION AWARD
প্রাপ্ত এবং CIP মুহাম্মদ আব্দুল কাদের ভূঁইয়া (শিশির) পরিচালিত হোম কেয়ার এজেন্সি
ALL COUNTY
হোম কেয়ার
CDPAP
PCA
HHA.RN
NYS LICENSED HOME CARE AGENCY
অন্য এজেন্সিতে চলমান কেইস ট্রান্সফার অথবা নতুন কেইস শুরু করার আগে আমাদের পরামর্শ আপনাকে এগিয়ে রাখবে
PH : 718 593 0932
* DIRECT DEPOSIT * WEEKLY PAYMENT* FESTIVAL BONUS* 401K. INSURANCE
এজেন্সি ট্রান্সফার কেইস এর জন্য স্পেশাল সুবিধা দেওয়া হবে
Get Paid to Take care of Your Friends & Family
150-47 Hillside Ave, Jamaica, NY 11432. Ph: (631) 935-8581, www. allcountyhealthny.com

# নিউইয়র্কে বাংলাদেশ সোসাইটির ইফতার মাহফিলের খণ্ড চিত্র
















# নিউইয়র্কে বাংলাদেশ সোসাইটির ইফতার মাহফিলের খণ্ড চিত্র
































# নিউইয়র্ক বাংলাদেশি-আমেরিকান লায়ন্স ক্লাবের ইফতার পার্টি

৬৪ পৃষ্ঠার পর

হাবীব, বর্তমান সেক্রেটারি লায়ন জেএফএম রাসেল। আরো উপস্থিত ছিলেন লায়ন রানো নেওয়াজ, শাহ শহীদুল হক, আবদুর রশীদ বাবু, নুরুল আজীম, কাজী আজম, হাসান জিলানী , মাসুদ রানা তপন, এম এন হায়দার মুকুট, মশিউর রহমান মজুমদার, সরওয়ার খান বাবু, নওশাদ হোসেন, ইঞ্জিনিয়ার আবদুল খালেক, এস এম উদ্দিন পিন্টু, মনীর হোসেন, অনিক রাজ, এস এম আলম, মো. আবেদ, সাইফুল ইসলাম, এ এফ এম জামান, মো. জাশিম, হোসেন সোহরোওয়ার্দী, তারেক, সিজার, বদরুদ্দোজা সাগর, তরিকুল ইসলাম মিঠু, কুটবলার দারা আবু জোবায়েরর।

প্রেসিডেন্ট ও প্রধান নির্বাচন কমিশনার লায়ন মোহাম্মদ সাঈদ, পাস্ট প্রেসিডেন্ট লায়ন আহসান হাবিব প্রমুখ।

স্বাগত বক্তব্য রাখেন অভিষেক অনুষ্ঠানের চেয়ারম্যান আমেনা নেওয়াজ, ইভেন্ট কনভেনর ও ক্লাবের ভাইস প্রেসিডেন্ট এমডি মশিউর রহমান মজুমদার ও মেম্বার সেক্রেটারি ও ক্লাবের জয়েন্ট সেক্রেটারি গোলাম এন হায়দার মুকুট।

এবারের অভিষেক অনুষ্ঠানের চিফ কো অর্ডিনেটর লায়ন নুরুল আজিম। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সেক্রেটারি জেএফএম রাসেল ও শারমিনা সিরাজ সোনিয়া।

আগত অতিথিদের অভ্যর্থনা জানান ক্লাব প্রেসিডেন্ট রকি আলিয়ান এবং বিদায়ী ক্লাব প্রেসিডেন্ট লায়ন শাহ নেওয়াজ, ফাউন্ডার প্রেসিডেন্ট লায়ন এমডি মশিউর রহমান, সাবেক ক্লাব প্রেসিডেন্ট লায়ন মোহাম্মদ সাঈদ, লায়ন আসেফ বারী, লায়ন আহসান হাবিব, লায়ন।

ক্লাবের পক্ষ থেকে প্রধান অতিথি টেরি প্যালাদিনি ও সদ্য বিদায়ী প্রেসিডেন্ট শাহ এম নেওয়াজকে ক্রেস্ট প্রদান করা হয়। নব নির্বাচিত ক্লাব প্রেসিডেন্ট লায়ন রকি আলিয়ানকে ক্রেস্ট প্রদান করেন লায়ন শাহ নেওয়াজ ও লায়ন আমেনা রানো নেওয়াজ ও সেক্রেটারি লায়ন জেএফএম রাসেলকে ক্রেস্ট প্রদান করেন লায়ন আসেফ বারী টুটুল ও লায়ন মুনমুন হাসিনা বারী। ক্লাবের সাবেক প্রেসিডেন্ট ও প্রধান নির্বাচন কমিশনার মোহাম্মদ সাঈদকে ক্রেস্ট প্রদান করেন লায়ন গিয়াস আহমেদ ও লায়ন এটিএম হেলালুর রহমান। ফাউন্ডার পাস্ট প্রেসিডেন্টকে ক্রেস্ট প্রদান করেন চার্টার মেম্বার লায়ন তারেক হাসান খান ও লায়ন একেএম রফিকুল ইসলাম জালিম। সাবেক ক্লাব প্রেসিডেন্ট ও নির্বাচন কমিশনার লায়ন আহসান হাবিবকে ক্রেস্ট প্রদান করেন লায়ন কামরুল মজুমদার ও লায়ন রুহুল আমিন। নির্বাচন কমিশনার লায়ন মোহাম্মদ আলীকে ক্রেস্ট প্রদান করেন ক্লাবের ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট লায় একেএম রশিদ ও লায়ন হারুন ভুইয়া। ডিস্ট্রিক্ট ২০-আর২ এর ডিস্ট্রিক্ট গভর্নর টেরি প্যালাদিনি লায়ন আসেফ বারী টুটুল, লায়ন শাহ নেওয়াজ, লায়ন মোহাম্মদ সাঈদ, লায়ন মুনমুন হাসিনা বারী, লায়ন জেএফএম রাসেল ও লায়ন আনিসুল ইসলাম টনি কে সাইটেশন প্রদান করেন।

এছাড়াও এ্যাওয়ার্ড ও রিকোগনাইজেশনে বেশ কয়েকজনকে ভূষিত করা হয়। লায়ন ফাহাদ সোলায়মান কাউন্সিলম্যান স্টিফেন রাগার পক্ষ থেকে কয়েকজন সদস্যকে সাইটেশন প্রদান করেছেন।

সকল লায়ন একত্রিত হয়ে অনুষ্ঠানে কেক কেটেছেন। বাংলাদেশের ক্লাব ভিকটিমদের জন্য তোলা হয় অনুদান।

অনুষ্ঠানে ক্লাবের বেশিরভাগ সদস্যই উক্ত অভিষেক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এছাড়াও অনুষ্ঠানে বাংলাদেশ সোসাইটির প্রেসিডেন্ট ,সেক্রেটারীসহ কমিউনিটির অসংখ্য গণ্যমান্য ব্যক্তি ও স্থানীয় প্রিন্ট ও ইলেক্ট্রোনিক মিডিয়ার সম্পাদক ও সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশনায় ছিলেন প্রবাসের খ্যাতনামা ও জনপ্রিয় শিল্পীগণ। যাদের মধ্যে ছিলেন কৃষ্ণ তিথি, আমেনা নেওয়াজ, ও অনিক রাজ।

নিউইয়র্ক বাংলাদেশি আমেরিকান লায়ন্স ক্লাবের ২০২৪-২৫ সালের নতুন কমিটির অভিষিক্ত কর্মকর্তাদের মধ্যে রয়েছেন, প্রেসিডেন্ট- লায়ন রকি আলিয়ান, সেক্রেটারি- লায়ন জেএফএম রাসেল, ইমেডিয়েট পাস্ট প্রেসিডেন্ট- লায়ন শাহ এম নওয়াজ, ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট- লায়ন একেএম রশিদ, সেকেন্ড ভাইস প্রেসিডেন্ট- লায়ন এমডি মশিউর আর মজুমদার, থার্ড ভাইস প্রেসিডেন্ট- লায়ন মোহাম্মদ হাসান (জিলানি), ফোর্থ ভাইস প্রেসিডেন্ট- লায়ন রুহুল আমিন, ফিফ্থ ভাইস প্রেসিডেন্ট- লায়ন কামরুল মজুমদার, ট্রেজারার- লায়ন ফেরদৌস রকি, জয়েন্ট সেক্রেটারি (এডমিন)- লায়ন আনিসুল ইসলাম টনি, জয়েন্ট সেক্রেটারি (প্রজেক্ট), লায়ন গোলাম এন হায়দার মুকুট, টেইল টুইস্টার- লায়ন জাহাঙ্গীর জয়, লায়ন টেমার- লায়ন আসাদ চৌধুরী, মেম্বারশিপ চেয়ার- লায়ন আহমেদ সোহেল। ডাইরেক্টরদের মধ্যে রয়েছেন, লায়ন আমেনা নওয়াজ, লায়ন নুরুল আজিম, লায়ন জেরিন্ড ইয়াসমিন, লায়ন আতাশ রহমান, লায়ন একেএম আর জালিম, লায়ন এটিএম হেলালুর রহমান, লায়ন মাসুদ রানা তপন, লায়ন এনামুল হক এনাম, লায়ন চৌধুরী আবুল কাশেম, লায়ন এএফ মোনাহুজ্জামান, লায়ন মোস্তফা রাজ অনিক, লায়ন এমডি মফিজুর রহমান, লায়ন মোহাম্মদ আবুল কাশেম, লায়ন সরোয়ার খান বাবু, লায়ন মোহাম্মদ জাকির হোসেন (জুয়েল), লায়ন মো: এবি সিদ্দিক, লায়ন আনোয়ার জাহিদ। এলসিআইএফ সমন্বয়কারী- লায়ন মুনমুন হাসিনা বারী, ক্লাব সার্ভিস চেয়ারপার্সন- লায়ন আবদুর রশিদ বাবু।

নিউইয়র্ক বাংলাদেশি আমেরিকান লায়ন্স ক্লাবের ২০২৪-২৫ সালের নতুন কমিটিতে উপদেষ্টা হিসেবে রয়েছেন, লায়ন মশিউর রহমান, লায়ন নাসির উদ্দিন, লায়ন মোহাম্মদ সাঈদ, লায়ন আসেফ বারী টুটুল, লায়ন আহসান হাবিব, লায়ন এম.এস. আলম, রেজা রশিদ, লায়ন গিয়াস আহমেদ, লায়ন মোহাম্মদ আলী, লায়ন মঈন চৌধুরী, লায়ন ফাহাদ সোলায়মান, লায়ন হারুন ভুঁইয়া, লায়ন কাজী এস আজম ও লায়ন ফিরোজ আহমেদ। এ্যাওয়ার্ড প্রেজেন্টেশনে সহায়তা করেন লায়ন জাহাঙ্গীর আলম জয়, লায়ন আবদুর রশিদ বাবু ও লায়ন আলমগীর খান আলম। শুভেচ্ছা বক্তব্য রাখেন সদ্য বিদায়ী ক্লাব প্রেসিডেন্ট শাহ এম নেওয়াজ ও সেক্রেটারি জেএফএম রাসেল। লায়ন্স ক্লাবের এই মিলন মেলায় আড়াই শতাধিক লায়ন্স ও সম্মানিত অতিথি অংশ গ্রহণ করেন। অনুষ্ঠানে আগত সকলের জন্য ওয়েলকাম ড্রিংকস, এপেটাইজারসহ বিশেষ খাবারে সাজানো ছিল ডিনার মেন্যু। ক্লাব সভাপতি লায়ন রকি আলিয়ানের সমাপনি বক্তব্যের মধ্য দিয়েই অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।
























# PPL-এর আমরা অথরাইজড এজেন্ট

## CDPAP নিয়ে কোন চিন্তা করবেন না।



**COMMITTED HOME CARE**



## সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

**PPL & NYS DEPARTMENT OF HEALTH এর অনুমোদিত FACILATOR হিসেবে CDPAP সার্ভিস TRANSFER এ সহযোগিতা করে থাকি।**

## আজই যোগাযোগ করুন - (718) 457-0813

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইন্স্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে CDPAP থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুন্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

আপনি ইচ্ছে করলে ডিরেক্ট 833-247-5346 নাম্বারে কল দিয়ে ট্রান্সফার করতে পারেন। তবে অবশ্যই আপনার হোমকেয়ার সার্ভিসের জন্য COMMITTED HOME CARE নাম উল্লেখ্য করতে হবে।



Giash Ahmed
Vice President
Committed Home Care
Phone : 718-457-0813, Fax : 718-457-0814
Cell : 917-744-7308
giashahmed123@gmail.com

**CORPORATE OFFICE:**
37-05 74 St, 2nd Fl,
Jackson Heights, NY 11372
Tel : 718-457-0813
Fax: 718-457-0814

# Judge blocks effort to deport Palestinian activist

Ajkal Desk



A federal judge in New York has blocked any efforts by President Donald Trump's administration to deport Mahmoud Khalil, a Columbia university graduate and Palestinian activist who was arrested Saturday night until a conference Wednesday, according to court documents.

It's unclear if he will appear in court on Wednesday.

"To preserve the Court's jurisdiction pending a ruling on the petition, Petitioner shall not be removed from the United States unless and until the Court orders otherwise," the Monday filing said.

Khalil, who helped lead Columbia University's student protest movement demanding a ceasefire in Gaza, was arrested Saturday night by federal immigration authorities who said they were acting on a State Department order to revoke his green card, according to his attorney.

Khalil's arrest is the latest escalation by Trump – in what he calls, "the first arrest of many to come,"– to crack down on pro-Palestinian demonstrations on college campuses, and comes days after he vowed to deport foreign students and imprison "agitators" involved in "illegal protests."

"On March 9, 2025, in support of President Trump's executive orders prohibiting anti-Semitism, and in coordination with the Department of State, U.S. Immigration and Customs Enforcement arrested Mahmoud Khalil, a former Columbia University graduate student. Khalil led activities aligned to Hamas, a designated terrorist organization," the U.S. Department of Homeland Security said in a post on X Sunday night.

Khalil was at the forefront of the student-led anti-war movement at Columbia University last year. He was among those under investigation by a new university committee that brought disciplinary charges against dozens of students for their pro-Palestinian activism, according to The Associated Press.




## NYC shootings at record low so far this year

Anik Raj

There have been fewer shootings in New York City in the first two months of this year than in the same period in "recorded history," according to Mayor Eric Adams and NYPD officials. Adams and Police Commissioner Jessica Tisch said the NYPD's focus on seizing illegal guns is helping drive down shootings and homicides across the five boroughs. NYPD officers have removed 1,000 illegal guns from city streets since the start of the year, officials said. Last month, Adams and Tisch said officers removed more than 20,000 illegal firearms from city streets since Adams took office in 2021. "Each of these guns represents a potential tragedy averted and life saved," Tisch said in a statement Monday after a press conference in East New York, Brooklyn. In January and February, shooting incidents in the city declined more than 20% compared to the same months last year, according to crime statistics cited by Tisch. The downward trend was also true for major crime complaints citywide, which have fallen more than 14% in February compared to the same period last year, according to the statistics. "When you deploy well-trained officers to the right areas, New Yorkers can see and feel the difference," Adams said in a statement, touting the number of gun busts since the start of the year. The NYPD began recording and analyzing crime statistics through its system, CompStat, beginning in 1994. In addition to Tisch, Adams was joined at the press conference by Chief of Department John Chell and Kaz Daughtry, the deputy mayor for public safety.

Adams did not take off-topic questions, but responded to a reporter asking about his challengers in the upcoming Democratic primary, who have criticized his public safety record Adams accused his critics of pushing a "narrative" that is harmful to the city.

"If you are team New York, you should be accurate in your assessment and not dump on New York, but lift New York up," he said.





## Eric Adams, Andrew Cuomo and Adrienne Adams running for City mayor

Shah Nawaz

Eric Adams, Andrew Cuomo and Adrienne Adams enters in the Mayoral Race of New York City. Incumbent Mayor Eric and City council speaker Adrienne are looking forward for primary. New York State Ex Governor Cuomo exceptional in the race. He was forced to resign from Governor Position due to sex scandal and Corruption. Now he backed to politics and decaled to run for City mayor position. NEW YORK — New York City Council Speaker Adrienne Adams is running for mayor, making a late entrance into the Democratic primary to unseat indicted Mayor Eric Adams.

Adrienne Adams decision stands to shake up the race as her traditional base of support overlaps with that of the two scandal-scarred executives headlining the contest: Eric Adams and former Gov. Andrew Cuomo. New Yorkers can't afford to live here, City Hall is in chaos, and Donald Trump is corrupting our city's independence. It's time to stand up," Adrienne Adams said in a statement.

"I never planned to run for Mayor, but I'm not giving up on New York City," she added. "Our city deserves a leader that serves its people first and always, not someone focused on themselves and their own political interests. I'm a public servant, mother, Queens girl and I'm running for Mayor. No drama, no nonsense—just my commitment to leading with competence and integrity."

She's expected to begin petitioning for ballot access immediately, according to a person familiar with her plans who was granted anonymity to discuss private conversations. She is also planning to hold a campaign rally Saturday in her home borough of Queens.

This would be Adrienne Adams' first citywide race and the low-profile legislative leader would need to quickly fundraise and build out a team with fewer than four months until the June 24 Democratic primary. She has low name recognition and very little time to qualify for the city's public matching funds program — all but essential for anyone running for mayor.

Adrienne Adams endorsed Eric Adams for mayor in 2021, but the two — who attended high school together and bear no relation — have had an increasingly tense relationship. They have battled over police reform, housing voucher policy and the balance of power in city government, and she eviscerated him for attending the presidential inauguration of Donald Trump instead of local Martin Luther King Jr. Day events last month.

Her decision comes more than a week after candidates began petitioning to get on the ballot and reflects deep anxiety among elements of New York's Democratic establishment about their options in the primary. As of Wednesday, Cuomo — who entered the race over the weekend — appears to be the frontrunner, capturing 31 percent of registered Democrats voters in a Quinnipiac Poll that put Adrienne Adams at 4 percent. But the survey did not offer a simulation of ranked-choice voting, which can alter the outcome of an election. The speaker has only won an election in her individual council district and, unlike her predecessors, wasn't planning to run for higher office throughout her tenure. She only recently became convinced to jump into the primary following a recruitment campaign from Attorney General Letitia James and leaders of District Council 37, the city's largest public workers union. Deputy council Speaker Diana Ayala tried to spin her colleague's longstanding political reticence into a positive. "We need to stop recycling the same type of politician," she told POLITICO. "There's just too much at stake right now to play politics. We need somebody that's actually going to focus on the leading and not on the publicity."

Adrienne Adams attended a candidate screening forum of the politically influential union 32BJ SEIU — which represents building service workers — Saturday and has avoided opportunities in recent days to go after Cuomo.

But Adrienne Adams unleashed frustration Tuesday with the state of leadership in New York as she delivered an annual speech, saying "New York City is bigger than one person, and our city deserves leadership that prioritizes its people over individual glory or interests."

# LaGuardia Airport Terminal B maintains elite 5-star status

Ajkal Desk



LaGuardia Airport's Terminal B has gained a coveted terminal rating.
LaGuardia Gateway Partners(LGP), the private entity managing and redeveloping LaGuardia Terminal B, announced on Thursday, Feb 27, that Terminal B has once again earned Skytrax's 5-Star Terminal Rating.
The renewed rating solidifies Terminal B's status as a global airport leader. The distinction comes two years after Terminal B made history as the first airport terminal in North America to be named the World's Best New Airport Terminal by Skytrax.
Since 2023, Terminal B has implemented several enhancements, including more electrified seating in the dining and waiting areas, improved signage showing walking distances, and upgraded music in pedestrian spaces. Recent upgrades to Terminal B include the Atrium Business & Conference Center, the Chase Sapphire Lounge, and new dining partners, including Starbucks and MeltShop. Beginning in 1999, the World Airport Star Rating was used globally as a benchmark of quality evaluation for the aviation industry. Ratings are scaled between a 1-Star and 5-Star level following am audit of facilities and staff services to travelers. Other rating assessments include physical attributes, such as terminal, layout, maintenance, and cleanliness. A service rating is also considered, which looks at airport staff efficiency, consistency, and friendliness. The Star Rating is a unified rating used consistently across the aviation industry, and all airports are assessed using the same rating criteria.

Local aviation industry stakeholders reacted to the news on last Thursday.
Port Authority Chairman Kevin O'Toole praised LaGuardia Airport's Terminal B for its second 5-star Skytrax rating. "At our two five-star terminals—LaGuardia's Terminal B and Newark's Terminal A—spacious, modern terminals with world-class amenities and engaging public art are setting a new standard for air travel," O'Toole said in a statement.
Stewart Steeves, Chief Operating Officer of Vantage Group and Chair of the Board of Directors of LaGuardia Gateway Partners, added that retaining the Skytrax 5-star rating for a second time shows how Terminal B maintains best-in-class operations and experiences for guests.
"We are thrilled to see Terminal B retain its prestigious 5-star Skytrax rating, reaffirming our mission to create an airport experience that is second to none," added Suzette Noble, Chief Executive Officer of LaGuardia Gateway Partners. "This distinction reflects the hard work, innovation, and dedication of our entire team. We will continue to evolve, listen to our travelers, and push the boundaries of what an airport can offer, setting new standards for comfort, convenience, and service from curb to gate."
Skytrax CEO Edward Plaisted added that LaGuardia Terminal B's recent 5-Star Airport Terminal Rating adds it to one of 22 airports and terminals worldwide to achieve the highest Skytrax rating."Terminal B at LaGuardia Airport offers customers an excellent range of facilities, with excellent wayfinding and signage, high standards of staff service, and some very nice design and art features."



# No mercy for rapists, ensure the highest form of punishment: Mim

Ajkal Desk

The recent incident of the rape of an eight-year-old child has shocked the entire country. The increasing rate of violence against women and children has made citizens worried and enraged, leading to protests from social media to the streets. Among people from all walks of life, the showbiz industry has also raised its voice against such heinous acts.
National Film Award-winning actress Bidya Sinha Mim spoke to The Daily Star, expressing her thoughts on the grim situation the country is facing right now.
"When we see the rape accused are coming out of prison on bail, such acts are further provoked. The highest penalty for rape must be ensured; otherwise, perpetrators will dare to repeat such crimes. In many countries around the world, we see that rapists receive the highest punishment. We want to see rapists receiving the death penalty, as they deserve it," shared Mim.
Mim believes that when that death penalty is enforced, potential criminals will be afraid to commit such crimes. "Light punishments like imprisonment or monetary fines are not enough. Hearing about the death penalty will surely instil fear, and no one will dare to commit such horrific crimes. When the talk of execution spreads among people, crimes will decrease rapidly. There will be no mercy for rapists, no sympathy for them. We demand justice, and the punishment must be executed immediately."
The actress further said, "Women are facing harassment in various parts of society. This is absolutely unacceptable. Both men and women contribute to society, so such harassment must stop. Little Asiya is now fighting for her life, and those who put her in this condition must be sentenced to death!"



# Anora wins best picture at Oscars

Ajkal Desk

'Anora,' a tragicomic Cinderella story set in a murky modern world of New York strippers, Russian billionaires and incompetent gangsters, won the coveted Oscar for best picture on Sunday. Balancing a nuanced portrayal of sex work with emotional heartbreak and crowd-pleasing farce, US indie director Sean Baker's film about a young escort marrying an oligarch's son seduced Academy Awards voters to claim the industry's top prize. Shot for a paltry $6 million, 'Anora' overcame any lingering misgivings about its racy and divisive subject matter, winning five awards out of six nominations including best director and best original screenplay on a dominant night at the Hollywood gala. 'I want to thank the Academy for recognizing a truly independent film,' Baker said in accepting the night's top prize. 'This film was made in the blood, sweat and tears of incredible indie artists.' 'Long live independent film.' 'Anora' began its journey to the Oscars at the Cannes film festival, where it won the Palme d'Or following its world premiere last May. It was the first American film to win the prestigious French movie gathering's top prize since Terrence Malick's 'The Tree of Life' in 2011. Still, Baker's path to Oscar success back home was far from assured. His previous films covering sex work, such as 2021's 'Red Rocket,' have performed well with overseas critics and arthouse audiences, but failed to gain traction at the multiplexes that dominate the United States. When 'Anora' failed to win a single prize at the Golden Globes in January, its momentum appeared to be fatally stuttering. But with controversy engulfing rivals like 'Emilia Perez,' 'Anora' quietly cultivated word-of-mouth buzz, earning almost $40 million at the global box office. And it decisively re-emerged as this season's frontrunner last month, when it won key prizes from Hollywood's producer, director, writer and critic guilds. A rare film that is almost universally admired, from a director finally receiving his due, it collected the US movie industry's most important prize of all Sunday.
'Anora' -- which begins at a New York strip club -- is Baker's fifth film to tackle sex work. Typically for his movies, several actors are real-life erotic dancers, who both perform on screen, and also advised the filmmakers on everything from slang to typical interactions with customers. 'He said I looked like his 18-year-old daughter and then he bought five dances from me,' complains one stripper. 'Well, at least he bought the dances,' replies Ani (Oscar winner Mikey Madison), the protagonist. Ivan (Mark Eydelshteyn), a bratty and fabulously wealthy Russian customer, takes a liking to Ani, and the pair take a whirlwind detour to Las Vegas, where they spontaneously marry. But any illusions of 'Pretty Woman' are quickly shattered, as the action returns to New York. Terrified that his parents have learned about his romantic antics, Ivan flees, and a group of panicking hoodlums -- led by Karren Karagulian's Toros -- have to restrain a furious and violent Ani.

# এই সপ্তাহের কবিতা



## কোন জলে কাদা
### কাজী জহিরুল ইসলাম

তোমার দেহের মাটি কোন জলে কাদা,
দেয়ালে ঘষেছে কোন শিল্পী রঙতুলি?
পোড়ামাটি কোন পাপে হয়ে গেল শাদা
কেন রোজ হরফের ভাঁজ-ত্রুটি খুলি?
চৈত্রের বিরাণ মাঠ এই বুড়োকালে
ভেজাব শীতল জলে ভাবো যদি, ভুল।
আকাশে বিদ্যুৎ শেষরাতে চমকালে
পত্রালী দু'ফোটা পাবে, ভিজবে না মূল।

হরফের ভাঁজ খুলে শুধু আজ খুঁজি
সময়ের খানাখন্দ, উঁচু নিচু ঢেউ।
স্পর্শের ভেতরে পেয়ে গেলে চোখ বুজি,
আমার গোপন বুঝি দেখে ফেলে কেউ।
সারাক্ষণ খুঁজি যাকে যদি পেয়ে যাই
তাকেই গোপনে আমি কেন যে লুকাই।

লেখক: কবি, নিউইয়র্ক।



## দূর ছাই
### ইশতিয়াক রুপু

সবই যখন হাতের কাছে পাই
তারপর ও কিনা বলতে হয়
এটা নাই, ওটা নাই
এমন কি শান্তির নাই!

দূর ছাই
যা চাই সবই পাই
টাকা আনা পাই
তারপর ও বলতে হয়
আমার কিছুই নাই!

দূর ছাই
কপালে ছিলো না
বলে কোন সুখ নাই
কখনো কষ্ট পাই
কান্না আসে, জলে ভাসে
তারপর ও দেখি পৃথিবী হাসে।

দূর ছাই
কখনো বলতে হয়
এবার যাই
আছে আছে
সবই আছে
শুধু সুখ নাই।

লেখক: কবি, মিশিগান।







## বিকেল বিলাস
### হেলাল উদদীন রানা

গিটারে চলেনা আঙ্গুল সুরও হারিয়ে যায় দূর
প্রেম কি পুরোনো হয় দিনে দিনে
ধুলো জমে তারে বিলাপে বিকেল গড়ালে
গোমটায় সন্ধ্যা আসে ধীরে।
সুলেখা বন্ধ করে চিরচেনা মনের দুয়ার
নাকি খুলে দেয় খিড়কি, বাতাস চাইতো তারও

বর্ষার সঙ্গে আসে মেঘের আকাশ অমতি জল।
জানি সুলেখার নয়ন মানেনা আর এমন প্রাবণ
দুই নদী দুই দিকে চলে যায় সুরমা-কুশিয়ারা
বরাক রাখে না খোঁজ ভাগ হয়ে যায় দুই দেশও
বুকভাঙ্গা সুলেখা জানে সব, দুইপারে ধ্বসের খবর।

লেখক: কবি, মিশিগান।



## সবুজ শ্যামলিমা বাংলাদেশ
### সুফিয়ান আহমদ চৌধুরী

আগামীর স্বপ্ন বুনন চলে নিয়তো
জীবনের পথ হোক তবে মসৃন,
কেটে যাক আঁধার
আলোয় আলোয় হাসুক বিশ্ব ভুবন আমার।

প্রতিদিন লোহার শাবলে হাত রাখে শ্রমিক
প্রতিদিন হাঁপরশালায় গনগনে আগুনে
তাপিত করে সময়ের হাত ও হাতের আঙ্গুল।
তারা ভাঙতে চায় দুঃসহ জীবনের চাকা
ভাঙতে শোষকের বিতৎস কালো সমাজ
উড়াতে চায় জীবনের ভাঁজে ভাঁজে বর্ণিল উচ্ছ্বাস
শান্তির শ্বেতকপোত, পুষ্পিত প্রাণের সুরে
ডেকে আনতে চায় আগামীর সময় ও প্রজন্ম।

আমাদের স্বদেশের বুকে পাল উড়া নাওয়ের ছন্দে
অবিরাম বহে চলুক কল্লোলিত নদী,
আমাদের ক্ষেতে খামারে থাকুক বলিষ্ঠ বাহুর কৃষক
ঘরে ঘরে নথ নেড়ে কিষাণী থাকুক দাঁড়িয়ে
ভালোবাসার অঞ্জলি হাতে লয়ে,
আর হৃদয় থেকে গলে পড়ুক প্রেমের ঝর্ণাধারা।

আমাদের উঠোন ভরে যাক সবুজ ছায়ায়
শ্যামল বাংলার রমনীর মতো শীতল কলস কাঁখে
হেঁটে হেঁটে বেড়াক সমৃদ্ধির নতুন দিন,
আর আমরা হই না হয় অঙ্গীকারাবদ্ধ
গড়বোই আমাদের দেশ আমাদের মতো।

লেখক: কবি, নিউইয়র্ক।







## হাসে ঋতুরাজ
### সুজন দাশ

যেদিকে তাকাই অপার সবুজ কচিপাতা গাছে গাছে,
নবরূপে আজ সেজেছে বৃক্ষ,-দেখেই হৃদয় নাচে!
কল কাকলীতে মুখরিত আহা ফুল ও পাতার ফাঁকে,
কান পাতলেই ভরে যায় মন হাজারো পাখির ডাকে।

শীতে ম্রিয়মান প্রকৃতি যেন জাদুময়ী ছোঁয়া পেয়ে,
ফিরে পায় প্রাণ সাজায় নিজেকে লাবণ্যে ওঠে নেয়ে!
আম জাম লিচু কাঁঠালের গাছ ফুলও মুকুলে ভাসে,
মুকুলের ঘ্রাণে ব্যাকুল মৌমাছি দল বেঁধে ছুটে আসে।

ম ম গন্ধে আমের মুকুল দুকূল ছাপিয়ে হাসে,
কেড়ে নেয় যেন মন ও হৃদয় যেইনা দাঁড়ায় পাশে!
গেয়ে গুনগুন মুগ্ধ অলিরা ফুলের বনেতে ছুটে,
গুঞ্জনে বেশ পড়ে যায় সাড়া প্রাণে প্রাণে সুখ লুটে!

দখিনা বাতাস বয় ঝিরিঝিরি সজীবতা এনে ঢালে,
কুহু কুহু গায় বসন্ত দূত বাজে সুর তালে তালে!
পাতায় পাতায় আলোর নাচন ঝিকিমিকি রোদ হেসে,
ডাকে ইশারায় টেনে নিয়ে যায় ভাসায় রূপের দেশে!

লেখক: কবি, নিউজার্সি।



## কেন তুমি ঘরের বাহির করো
### আহম্মদ হোসেন বাবু

কেন তুমি এভাবে আমাকে ঘরের বাহির করো?
দূরে একটা ঘুঘু পাখি ডেকেই চলেছে.....
কেমন আনচান করে ওঠে মন!
বাতাসে তোমার সুবাস বেড়ায় ভেসে!
প্রজাপ্রতি পাখনা মেলে উত্তরের জানালায়-
কেন তুমি এভাবে আমাকে ঘরের বাহির করো?

আমার শাড়ির ভাঁজে খেলা করে রোদ
ঘেমে ওঠা ব্লাউজের হুকে শীষ দেয় আমের মুকুল
দমকা হাওয়া এসে চোখে-মুখে লাগে
কেঁপে ওঠে লাল ঠোঁট, দোল খায় গাছের পাতারা
বসন্ত বাতাসে দীর্ঘ-স্নানে পিপাসিত বাসন্তী-
রোমাঞ্চিত হয়, সাঁতরায়, ডুব দেয় অভিমানী ঠোঁটে;
শিরদাঁড়ায় তির তির করে ওঠে আসে দুরন্ত যৌবন!
কেন তুমি এভাবে আমাকে ঘরের বাহির করো?

হাতে মেহেদির রঙ আর পায়ে আলতা নিয়ে-
চুপি চুপি ঘরের বাহিরে আসি।
পাগলা পবন শব্দ করে শন্ শন্....
আমার অবলা কাচের চুরিরা বেজে ওঠে ঝন্ ঝন্
গাছে গাছে পাতা ঝরার সংগীত ওঠে বেজে!
ঘুঘু পাখিটা তখনো ডেকেই চলেছে অবিরাম....
মনে হয় গলা কেটে রক্ত ঝরলে থামবে তবে;
আমি উড়বো বলে, ওর কাছে যাবো বলে-
ওকে ভালোবাসবো বলে ডানা ঝাপটাই আকাশে।
আমাকে উড়াও, আমাকে ডুবাও, আমাকে ভাসাও
ফাগুনের কুহুতানে হৃদয়ের রসায়নে-
কেন তুমি এভাবে আমাকে পাগলিনী করো??

লেখক: কবি, নিউইয়র্ক।





# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

**অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।**

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটমেন্ট, বুককিপিং, অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377



# যকৃৎ সুস্থ রাখতে

লে. কর্নেল ডা. নাসির উদ্দিন আহমেদ

যকৃৎ বা লিভার মানবদেহের একটি বৃহৎ ও গুরুত্বপূর্ণ অঙ্গ। শরীরের সব ধরনের বিপাকক্রিয়া সম্পাদিত হয় এতে। শর্করা, ভিটামিন, খনিজ লবণ জমা থাকে এখানে। প্রয়োজনীয় নানা ধরনের আমিষ সংশ্লেষিত হয় এখান থেকে। রক্ত জমাট বাঁধার উপাদান, ইউরিয়া, বিলিরুবিন, পিত্তরস, বিভিন্ন প্রাণরসের বাহক আমিষ, শারীরবৃত্তীয় কাজের জন্য প্রয়োজনীয় অসংখ্য রাসায়নিক উপাদান সংশ্লেষিত হয় যকৃৎ থেকে। সুতরাং অঙ্গটি সুস্থ রাখা জরুরি।




অতিরিক্ত চিনি, সরল শর্করা, ফ্রুক্টোস জাতীয় কর্ন সিরাপ লিভারের জন্য ক্ষতিকর। খাদ্যে চিনির পরিমাণ কমাতে হবে। সোডা, পেস্ট্রি, ক্যান্ডি ইত্যাদি থেকে রসনা সংযত রাখতে হবে।

সব সময় প্রাকৃতিক লেবেল লাগানো দাওয়াই নিরাপদ নাও হতে পারে। নানা ধরনের হারবাল বা আয়ুর্বেদি ওষুধ যকৃতে প্রদাহ সৃষ্টি করতে পারে, এর কার্যক্ষমতা নষ্ট করে দিতে পারে।

স্থূলকায় ব্যক্তিদের হৃদ্‌রোগ, উচ্চ রক্তচাপ, ডায়াবেটিসের ঝুঁকির সঙ্গে অতিরিক্ত চর্বি এসে জমা হয় যকৃতে। এর ফলে হতে পারে ফ্যাটি লিভার ডিজিজ। এটি বর্তমান বিশ্বের বড় স্বাস্থ্যসমস্যা। ফ্যাটি লিভার থেকে হতে পারে লিভার সিরোসিস। সুতরাং ওজন নিয়ন্ত্রণে রাখুন। বিদায় দিন অতিরিক্ত চর্বি। কোমল পানীয়, সম্পৃক্ত চর্বি লিভারের জন্য ক্ষতিকর।

হাত ধোয়ার অভ্যাস অনেক রোগব্যাধির হাত থেকে শরীরকে রক্ষা করে। খাবার খাওয়ার আগে, মলত্যাগের পর, পোষা প্রাণী স্পর্শের পর অবশ্যই হাত পরিষ্কার করতে হবে। এর মাধ্যমে হেপাটাইটিস এ, ই সহ অসংখ্য ভাইরাসের হাত থেকে রক্ষা পাওয়া যায়।

অপরিচ্ছন্ন হোটেল-রেস্তোরাঁ হচ্ছে খাদ্যবাহিত জীবাণুর প্রধান উৎস। এসব হোটেল-রেস্তোরাঁর খাবার খেয়ে অনেকেই হেপাটাইটিস এ এবং হেপাটাইটিস ই দ্বারা আক্রান্ত হন। সুতরাং নিরাপদ পানি ও খাবার খেতে হবে।

অকারণে ভিটামিন গ্রহণ করা যাবে না। বিশেষত ভিটামিন এ যদি বেশি পরিমাণ গ্রহণ করা হয়, তাহলে এটি লিভারের ক্ষতি ডেকে আনতে পারে। এ ছাড়া অনেক ওষুধই লিভারের জন্য ক্ষতিকর বিশেষত ব্যথানাশক, অতিরিক্ত প্যারাসিটামল, ঘুমের ওষুধ। চিকিৎসকের পরামর্শ ছাড়া ওষুধ নয়।

হেপাটাইটিস বি এবং সি লিভারের ভয়ানক শত্রু। সিরোসিস ও ক্যানসার সৃষ্টির পেছনে এরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এরপর ৪২ পৃষ্ঠায়



# প্যানক্রিয়াটিক ক্যান্সার যখন জন্ডিসের কারণ

ডা. মুহাম্মদ সায়েদুল আরেফিন

পরিপাকতন্ত্রে যেসব ক্যান্সার হয় তার অন্যতম প্যানক্রিয়াটিক বা অগ্ন্যাশয়ের ক্যান্সার। অন্যান্য ক্যান্সারের তুলনায় একটু বেশি প্রাণঘাতী এই রোগ।

**প্যানক্রিয়াটিক ক্যান্সার কী?**

পেটের ভেতর অন্যতম গুরুত্বপূর্ণ একটি অঙ্গ হচ্ছে প্যানক্রিয়াস বা অগ্ন্যাশয়। এটি ইনসুলিনের মতো গুরুত্বপূর্ণ হরমোন তৈরির পাশাপাশি প্যানক্রিয়াটিক জুস তৈরি করে থাকে, যা আমাদের খাবারকে হজম করে। প্যানক্রিয়াসে অনেক ধরনের ক্যান্সার হয়ে থাকলেও প্যানক্রিয়াটিক জুস নিঃসরণ হয় যে নালি দিয়ে, সেই নালির কোষ থেকেই মূলত বেশির ভাগ 'প্যানক্রিয়াটিক ক্যান্সার' হয়ে থাকে। আর এটিকে চিকিৎসাবিজ্ঞানের ভাষায় 'প্যানক্রিয়াটিক ডাক্টাল এডিনোকার্সিনোমা' বলে।

**কাদের এই রোগ বেশি হয়?**

প্যানক্রিয়াসের ক্যান্সার সাধারণত বেশি বয়স্ক মানুষের হয়ে থাকে। পুরুষদের এই রোগে আক্রান্ত হওয়ার ঝুঁকিও বেশি। পরিবারে কারো এই ক্যান্সারের ইতিহাস থাকলে তাদেরও এই রোগে আক্রান্ত হওয়ার বেশি ঝুঁকি থাকে। এ ছাড়া ধূমপান, মদ্যপান, স্থূলতা এবং ক্রনিক প্যানক্রিয়াটাইটিসে আক্রান্ত ব্যক্তিরা প্যানক্রিয়াটিক ক্যান্সারে আক্রান্ত হওয়ার ঝুঁকিতে থাকে।

**লক্ষণ**

প্যানক্রিয়াসের ঠিক পাশেই থাকে পিত্তনালি। প্যানক্রিয়াসে টিউমার হলে পিত্তনালি থেকে পিত্তরস প্রবাহ বাধাগ্রস্ত হয়। ফলে এসব রোগীর সাধারণত চোখ ও প্রস্রাবের রং হলুদ তথা জন্ডিস হয়ে থাকে। জন্ডিসের পাশাপাশি সারা শরীরে চুলকানি হতে পারে। পেটে চাকা এবং ব্যথা অনুভূত হতে পারে। এ ছাড়া অল্প সময়ে ওজন কমে শরীর শুকিয়ে যেতে পারে, বমি বমি ভাব, ক্ষুধামান্দ্য হতে পারে। মনে রাখা ভালো, সব জন্ডিস কিন্তু লিভারের অসুখের কারণে হয় না। প্যানক্রিয়াস এবং পিত্তনালির ক্যান্সার থেকেও জন্ডিস হতে পারে।



**লক্ষণ দেখা দিলে কোথায় যাবেন?**

যেহেতু জন্ডিস এই রোগের প্রধান লক্ষণ, তাই উল্লেখিত উপসর্গের সঙ্গে মিলে গেলে নিকটস্থ কোনো গ্যাস্ট্রোএন্টারোলজিস্ট, মেডিসিন অথবা সার্জারি বিশেষজ্ঞের সঙ্গে পরামর্শ করবেন। পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে রোগ নিশ্চিত হওয়ার পর ক্যান্সার বিশেষজ্ঞের কাছে প্রথম চিকিৎসকই রেফার করে দেবেন।

**প্যানক্রিয়াটিক ক্যান্সারের পরীক্ষা-নিরীক্ষা**

রক্ত বা অন্যান্য পরীক্ষার পাশাপাশি এই রোগের মূল পরীক্ষা সাধারণত ইমেজিং বা রেডিওলজিক্যাল পরীক্ষা-নিরীক্ষা। পেটের আলট্রাসাউন্ড, সিটি স্ক্যান, এমআরআই, এমআরসিপি এসব পরীক্ষার অত্যন্ত গুরুত্বপূর্ণ পরীক্ষা। এসব পরীক্ষার মাধ্যমে প্যানক্রিয়াসের টিউমার এবং ক্যান্সার শরীরের অন্যান্য জায়গায় ছড়িয়েছে কি না, তা সহজেই নির্ণয় করা যায়।

**চিকিৎসা**

প্যানক্রিয়াটিক ক্যান্সার বেশির ভাগ ক্ষেত্রেই প্রাথমিক পর্যায়ে ধরা পড়ে না। ক্যান্সারটি যখন প্যানক্রিয়াস থেকে শরীরের অন্যান্য স্থানে ছড়িয়ে পড়ে, তখনই সাধারণত লক্ষণ প্রকাশ পায়। তবে যদি ক্যান্সারটি অন্য কোথাও না ছড়িয়ে শুধু প্যানক্রিয়াসেই সীমাবদ্ধ থাকে, তবে সার্জারি করে রোগটির সম্পূর্ণ নিরাময় সম্ভব। সার্জারি-পরবর্তী কেমোথেরাপিও লাগতে পারে। আর ক্যান্সারটি যদি প্যানক্রিয়াস ছাড়িয়ে শরীরের অন্যান্য অংশে ছড়িয়ে পড়ে, তাহলে প্যালিয়েটিভ কেমোথেরাপি বা সার্জারির প্রয়োজন হতে পারে।

**কোথায় যাবেন?**

প্যানক্রিয়াটিক ক্যান্সার সাধারণত গ্যাস্ট্রোএন্টারোলজিস্ট, সার্জন বা অন্যান্য চিকিৎসকের চেম্বারে ধরা পড়লেও শেষ চিকিৎসা ক্যান্সার বিশেষজ্ঞের তত্ত্বাবধানে নিতে হয়।

যেহেতু 'প্যানক্রিয়াটিক ক্যান্সার' রোগীদের একটি বড় অংশকে পুরোপুরি সুস্থ করা সম্ভব হয় না। তাই তাদের প্রয়োজন প্যালিয়েটিভ চিকিৎসা। এই চিকিৎসার একটি গুরুত্বপূর্ণ অংশ 'ইআরসিপি'।

লেখক : সহকারী অধ্যাপক, গ্যাস্ট্রোএন্টারোলজি বিভাগ, শেখ রাসেল জাতীয় গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল।

# মাংসপেশির টান

ডা. মো. বখতিয়ার

মাংসপেশির টানকে চিকিৎসা পরিভাষায় মাসল পুল, মাসল সোরনেস, স্ট্রেইন, ক্র্যাম্প, স্প্যাজম ইত্যাদি বলা হয়ে থাকে। মাংসপেশিতে অতিরিক্ত টান খেলে বা টিস্যু ছিঁড়ে যাওয়ার কারণে এমনটা হয়ে থাকে। এতে শরীরের টানজনিত অংশটিতে ভীষণ ব্যথা হয়। এ সময় ল্যাকটিক অ্যাসিড নিঃসরণের জন্য জ্বালাপোড়া করে। এ কারণে মাংসপেশি নাড়াচাড়া করা যায় না।



**কারণসমূহ**

১. শরীরের যেকোনো একটি মাংসপেশি অনেকক্ষণ ধরে ব্যবহৃত হলে। ২. ব্যায়াম, খেলাধুলা বা যেকোনো শারীরিক অনুশীলনের আগে ওয়ার্মআপ বা শরীর গরম না করলে। ৩. পেশি ক্লান্ত থাকা অবস্থায় হঠাৎ নড়াচড়া করলে। ৪. হঠাৎ অতিরিক্ত ভারী কিছু ওঠালে। ৫. পেশির অতিরিক্ত ও অনুপযুক্ত ব্যবহার। ৬. মানসিক চাপ ও দুশ্চিন্তা। ৭. অনিয়মিত খাদ্যাভ্যাস বিশেষ করে পানি কম খেলে এবং শরীরে সোডিয়াম ও পটাশিয়ামের অভাব দেখা দিলে। ৮.যারা অতিরিক্ত শারীরিক কসরত করে থাকেন যেমন- অ্যাথলেটরা মাসল পুলের সমস্যায় বেশি আক্রান্ত হয়ে থাকেন। ৯. যারা দীর্ঘসময় ধরে কম্পিউটারের সামনে কিংবা চেয়ারে বসে কাজ করেন কিংবা লম্বা সময় যানবাহন চালান, তাদের কাঁধ, ঘাড়, পিঠের মাংসপেশিতে টান পড়ার আশঙ্কা বেশি থাকে।

**লক্ষণসমূহ**

১. যদি পেশিতে অনেক ব্যথা হয়। পেশি অনেক দুর্বল হয়ে যায়। ২. আঘাতপ্রাপ্ত স্থানটি যদি ফুলে ওঠে বা লালচে দাগ পড়ে যায়। ৩. যদি আঘাতপ্রাপ্ত স্থানে স্বাভাবিক ওজন নিতে কষ্ট হয়। ৪. মাংসপেশি আপনা আপনি অনেক শক্ত হয়ে পড়লে।

**করণীয়**

মাংসপেশিতে টান লাগলে প্রথম কয়েকদিন চারটি ধাপে এর চিকিৎসা করতে হবে। যাকে সংক্ষেপে রাইস থেরাপি বলা হয়। যার মাধ্যমে ব্যথা অনেকটাই কমিয়ে আনা যায়।

রাইস থেরাপির ৪টি ধাপ হলোঃ রেস্ট, আইস, কমপ্রেশন ও এলিভেট। ১. রেস্ট বা বিশ্রামঃ সব ধরনের শারীরিক ব্যায়াম বন্ধ রাখতে হবে। আঘাতপ্রাপ্ত স্থানে কখনও কোনো ওজন নেয়া যাবে না। ২. আইস বা বরফ- আঘাতের স্থানে দুই থেকে তিন ঘণ্টা পরপর ২০ মিনিটের জন্য বরফের ব্যাগ দিয়ে রাখুন। ৩. কমপ্রেশন বা সংকোচনঃ আঘাত প্রাপ্ত স্থানটি নাড়াচাড়া নিয়ন্ত্রণে একটি ব্যান্ডেজ দিয়ে মুড়িয়ে নিতে এরপর ২৪ পৃষ্ঠায়

# নারী-পুরুষের বন্ধ্যাত্ব কেন হয়, প্রতিকার

ডা. আয়শা আক্তার

কোনো ধরনের জন্মবিরতিকরণ পদ্ধতি ছাড়া স্বামী-স্ত্রী যদি পূর্ণ এক বছর একসঙ্গে বসবাসের পরও সন্তান ধারণে ব্যর্থ হন, তাকে বন্ধ্যাত্ব (ইনফার্টিলিটি) বলা হয়।

বন্ধ্যাত্ব দুই ধরনের। প্রাইমারি যাদের কখনো সন্তান হয়নি। সেকেন্ডারি যাদের আগে গর্ভধারণ হয়েছে, কিন্তু পরে আর হচ্ছে না।

**কারণ**

হরমোনের কারণেও বন্ধ্যাত্ব হতে পারে। যেমন থাইরয়েডের সমস্যা যৌনবাহিত রোগের জন্য মেয়েদের প্রজননের ক্ষতি হয়।

ওভারিয়ান চকোলেট সিস্ট, এন্ডোমেট্রিওসিসের কারণেও হতে পারে।

বয়স, মানসিক চাপ, খাদ্যাভ্যাস, পরিবেশগত প্রভাব, ক্যানসারসহ নানা কারণে ডিম্বাণুর সংখ্যা আশঙ্কাজনক হারে কমে যাওয়া এসব কারণেও বন্ধ্যাত্ব হতে পারে।

**লক্ষণ**

গর্ভধারণ না হওয়া বন্ধ্যাত্বের প্রধান লক্ষণ। সাধারণত অন্য কোনো সুস্পষ্ট উপসর্গ না থাকলেও নারীদের অনিয়মিত বা মাসিক না হতে পারে।



**মাসিক না হওয়ার কারণ**

যদি ডিম্বাশয় থেকে পরিপক্ব ডিম্বাণু না হয়
বয়স বেশি বেড়ে গেলে
ধূমপান অ্যালকোহল
অতিরিক্ত ওজন
যৌনবাহিত সংক্রমণ
জরায়ুতে টিউমার
ইত্যাদি কারণে অথবা কোনো কেমোথেরাপি নিয়েছেন অ্যান্টিসাইকোটিক ওষুধের কারণে মাসিক অনিয়মিত হতে পারে।

**পুরুষের বন্ধ্যাত্বের কারণ**

ওজন বেড়ে গেলে
অ্যালকোহল বিভিন্ন ধরনের ভারি ধাতু বায়ুদূষণের এক্সপোজার এরপর ২৮ পৃষ্ঠায়

# হ্যান্ডস অন ফিসিক্যাল থেরাপি রিহাবিলেইশন

## এ. ভূঁইয়া

এলআইসি. ফিসিক্যাল থেরাপিস্ট

**আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন? তাহলে আজই যোগাযোগ করুন। আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।**

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

**আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি**

**আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি**

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway)

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



# হোমিও চিকিৎসা

**জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়**



**ডাঃ এফ হক**
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

## Captor USA, Inc.
**Franchise & Business Consulting Firm**
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

## মাংসপেশির টান

২২ পৃষ্ঠার পর

হবে। ৪ এলিভেট বা উঁচু করা: আঘাতের স্থানটি যতটা সম্ভব বালিশের উপরে উঠিয়ে রাখতে হবে।

যা করতে মানা: মনে রাখতে হবে মাংসপেশির ফুলে ওঠা প্রতিরোধে কোনো অবস্থাতেই আঘাতপ্রাপ্ত স্থানে গরম সেঁক বা গরম পানি দেয়া যাবে না। এছাড়া আঘাতের স্থানে কোনো অবস্থাতেই মালিশ করা যাবে না। যখন আপনি ক্ষতস্থানটি স্বাভাবিকভাবে নাড়াচাড়া করতে পারবেন। খুব বেশি ব্যথা নেই তখন ধীরে ধীরে স্বাভাবিক কাজ করার চেষ্টা করুন। নাড়াচাড়া করার চেষ্টা করুন যাতে জয়েন্ট বা পেশি শক্ত না হয়ে যায়।

চিকিৎসা: মাংস পেশিতে টান পড়লে সঙ্গে সঙ্গে চিকিৎসকের পরামর্শ নেয়া উচিত। বিশেষ করে, মাংসপেশিতে অতিরিক্ত ব্যথা হলে, ব্যথায় জ্বর উঠে গেলে, কয়েকদিন পরও সেই ব্যথা না কমলে, মাংসপেশির ফুলে ওঠা না কমলে বা বাড়লে, শ্বাস নিতে কষ্ট হলে, মাথা ঘুরতে থাকলে, শরীর তীব্র দুর্বল হয়ে কাঁপতে থাকলে। মাসল পুল হওয়ার পর পেশির ওই অংশ যদি টান টান করতে গিয়ে ব্যথা পান, তাহলে সেই চেষ্টা আর করা যাবে না। এতে পরিস্থিতি হিতে বিপরীত হতে পারে। অনেক সময় মচকানোর প্রভাব সাতদিন থেকে শুরু করে ছয় মাস পর্যন্ত স্থায়ী হতে পারে। পরিস্থিতি গুরুতর হলে অস্ত্রোপচারের প্রয়োজনও হতে পারে। পরিস্থিতি সাপেক্ষে ব্যথানাশক ওষুধ খাওয়ার পরামর্শ দেয়া হতে পারে। মাংসপেশির টানের অবস্থা জানতে বিভিন্ন পরীক্ষার মাধ্যমে মাসল পুলের কারণ ও মাত্রা নির্ণয় করে থাকেন জানার চেষ্টা করেন চিকিৎসকরা। প্রাথমিকভাবে রক্ত পরীক্ষার মাধ্যমে শরীরে ইলেক্ট্রোলাইটের ভারসাম্য অর্থাৎ সোডিয়াম ও পটাশিয়ামের মাত্রা ঠিক আছে কিনা সেটা পরীক্ষা করা হয়। সেখানে সমস্যা থাকলে রোগীকে চিকিৎসকরা বিশ্রামের পাশাপাশি ডাবের পানি, স্যালাইন, কিশমিশ এবং মিনারেল জাতীয় খাবার খাওয়ার পরামর্শ দেন। এছাড়াও আলট্রাসাউন্ড ইমেজিং এক ধরনের শব্দ তরঙ্গের মাধ্যমে সারা শরীরের পেশি, ত্বক, লিগামেন্ট, স্নায়ু এবং জয়েন্টের ছবি ধারণ করেও চিকিৎসা হয়। যা মূলত পেশিতে আচমকা টান খাওয়া, মচকানো টিস্যু ছিঁড়ে যাওয়া, স্নায়ুতে বাধা, হাত বা পেশি সংক্রান্ত অন্যান্য যেকোনো সমস্যা নির্ণয়ে ব্যবহৃত হয়। মাসলপুল বা এ সমস্যা ফিজিওথেরাপির মাধ্যমেও চিকিৎসা করলে রোগী ভালো হয়।

প্রতিরোধ ১. যেকোনো শারীরিক অনুশীলনের বা ভারী কিছু তোলার আগে অবশ্যই ওয়ার্মআপ করে মাংসপেশিগুলোকে সচল করে নিতে হবে। ২. নিয়মিত ব্যায়াম করতে হবে। ৩. দীর্ঘক্ষণ না বসে, এক ঘণ্টা পর পর কয়েক মিনিট কিছুক্ষণ পায়চারি করতে হবে। ৪. প্রচুর পানি পান করতে হবে।

লেখক: জনস্বাস্থ্য বিষয়ক লেখক।

## গণতান্ত্রিক উত্তরণের পথে কাঁটা কি কমছে

১২ পৃষ্ঠার পর

মোর্চা গড়তে তৎপর। জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থানে নেতৃত্বে থাকা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের তিন নেতা ছিলেন অন্তর্বর্তী সরকারে। তাঁদের একজন অতিসম্প্রতি উপদেষ্টা পরিষদ থেকে পদত্যাগ করে নবগঠিত একটি দলের নেতৃত্ব নিয়েছেন। এই শক্তিগুলোর মধ্যে কাকে রেখে কাকে সন্তুষ্ট রাখবে, তা নিয়ে পুলিশ ও প্রশাসনের লোকজন এখন খুবই দ্বিধান্বিত। কাঙ্ক্ষিত জাতীয় নির্বাচনের মাধ্যমে নতুন সরকার গঠিত হওয়ার আগপর্যন্ত এই দ্বিধা ও টানাপোড়েনের অবসান হবে বলে মনে হয় না।

নতুন করে টানাপোড়েন বা দ্বন্দ্ব দেখা যাচ্ছে বিএনপি, জামায়াত ও নবগঠিত জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মধ্যে। জাতীয় নির্বাচন কবে হওয়া উচিত, সে নিয়েই এই দ্বন্দ্ব। বিএনপি শুরু থেকেই দ্রুত জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের দাবি জানিয়ে আসছে। জামায়াতে ইসলামী চাইছে, সংস্কার শেষে 'যৌক্তিক সময়ের' মধ্যে নির্বাচন। দলটি জাতীয় নির্বাচনের আগে স্থানীয় সরকার নির্বাচনেরও পক্ষে। অন্যদিকে এনসিপিও আগে স্থানীয় নির্বাচনের পক্ষে মত দিয়ে গণপরিষদ নির্বাচনের কথা বলছে। এনসিপির মুখ্য সংগঠক (উত্তরাঞ্চল) সারজিস আলম সম্প্রতি হুঁশিয়ারি উচ্চারণ করে বলেছেন, 'শেখ হাসিনার বিচার না হওয়া পর্যন্ত নির্বাচনের কথা যেন কেউ মুখেও না নেয়। খুনি হাসিনাকে ফাঁসির মঞ্চে না দেখা পর্যন্ত এই বাংলাদেশে কোনো নির্বাচন হবে না।' বিএনপি এসব বিষয়কে দেখছে নির্বাচন পেছানোর ষড়যন্ত্র হিসেবে। দলটির জ্যেষ্ঠ নেতারা বলছেন, নির্বাচনের পর বিচার তো থেমে যাবে না। এক নেতা বলেছেন, 'যারা গণপরিষদ নির্বাচনের বিষয়টি সামনে আনছে, হয় তারা বোঝে না অথবা বুঝলেও আমাদের এই রাষ্ট্রব্যবস্থাকে আরও দীর্ঘায়িত অগণতান্ত্রিক প্রক্রিয়ার মধ্যে নিয়ে যাওয়ার ষড়যন্ত্র আছে।' বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরীর মতে, স্থানীয় নির্বাচন করতে গেলেই জাতীয় নির্বাচন পিছিয়ে যাবে। তিনি বিবিসি বাংলাকে বলেন, 'এই সরকারের ম্যান্ডেটের মধ্যে তো স্থানীয় সরকার নির্বাচন নাই। তারা করবে জাতীয় নির্বাচন। তারা যদি স্থানীয় নির্বাচনই করতে চায়, তাহলে শুধু স্থানীয় কেন, ট্রেড বডিগুলোর নির্বাচনও তারা করুক, মসজিদ কমিটির নির্বাচন করুক, আরও যত কমিটি আছে, সবগুলোর নির্বাচন করে তারপর জাতীয় নির্বাচন দিক।'

আগামী ডিসেম্বরে কিংবা পরের বছরের জুনের মধ্যে জাতীয় নির্বাচন দেওয়ার বিষয়ে অন্তর্বর্তী সরকারের পক্ষ থেকে আশ্বস্ত করা হলেও দেশে গণতান্ত্রিক উত্তরণের পথ একটা সংক্ষিপ্ত না-ও হতে পারে। বিক্ষুব্ধ ছাত্র-জনতার নামে মব তৈরি করে কোথাও তল্লাশি কিংবা তৌহিদি জনতার নামে নারীকে হেনস্তা করার পাশাপাশি কোনো কোনো মহল থেকে নানা ইস্যু সামনে আনা এই সন্দেহ সৃষ্টির বড় কারণ। নতুন দল এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলামের একটি মন্তব্য এই সন্দেহকে আরও বাড়িয়েছে। বার্তা সংস্থা রয়টার্সকে তিনি বলেছেন, অন্তর্বর্তী সরকার এখনো জননিরাপত্তা পুরোপুরি নিশ্চিত করতে পারেনি। এ অবস্থায় চলতি বছরে জাতীয় নির্বাচনের আয়োজন করা কঠিন হবে বলে তিনি মনে করেন। সরকার বা তার নিয়ন্ত্রক কোনো মহল যদি দ্রুত নির্বাচন অনুষ্ঠানের ব্যাপারে আন্তরিক না হয়, তাহলে মুখে যা-ই বলা হোক না কেন, বাস্তবে নির্বাচন পিছিয়ে দেওয়ার অজুহাত তৈরি করাটা মোটেই কঠিন কিছু নয়।

লেখক: সাংবাদিক ও গবেষক।

## নতুন দল ও নতুন রাজনীতি এক কথা নয়

১২ পৃষ্ঠার পর

ইসলামি মূল্যবোধ ও মনোভাবাপন্ন একটি দক্ষিণপন্থী রাজনৈতিক দল। তাদের বক্তব্য অনেকটা এ দেশের ইসলামপন্থী ও ডানপন্থী রাজনৈতিক দলগুলোর অনুরূপ। সেটা হলে এখানে সংগঠন ও রাজনীতির দিক থেকে নতুনত্বের কিছু নেই, কেননা এই দর্শন, বিশ্বাস ও কর্মসূচির দল ইতিমধ্যে এ দেশে অনেকগুলো আছেই।

নতুন দলের নেতৃত্বের একাংশ ক্ষমতায় ছিল, এখনো আছে। তাদের যদি প্রশ্ন করা হয় অভ্যুত্থানের নেতৃত্ব দেওয়া ছাড়া গত ৭ মাসে তাদের সাফল্য কী, তারা কি এমন কিছু করতে পেরেছে যা জনগণকে বলার মতো? ৩২ নম্বর থেকে শহীদ প্রতিষ্ঠান, বাসাবাড়ি, ব্যক্তি, প্রতিষ্ঠান, মেলা, উৎসব, সংস্কৃতিসহ প্রতিপক্ষ ও অপছন্দের অনেক কিছুর ওপরই সারা দেশে ঘোষণা দিয়ে মব সন্ত্রাস হয়েছে। অভ্যুত্থান-উত্তর পরিস্থিতিতে যে অরাজকতা, নৈরাজ্য ও নাশকতা চলেছে, তার বিরুদ্ধে কি তাদের পক্ষ থেকে কোথাও জনমত গঠন ও প্রতিরোধ হয়েছে? আমার চোখে পড়েনি। অথচ জুলাই অভ্যুত্থানের নেতৃত্ব দেওয়ার পুরো কৃতিত্ব ও সুবিধাই তারা ভোগ করছে।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে জুলাই অভ্যুত্থান সংগঠিত হলেও তাদের কাজে দেখা যায় নানা ধরনের অসংগতি ও বৈষম্য। সরকারি একটি মাত্র বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিত্ব থাকলেও অন্যান্য বিশ্ববিদ্যালয় ও শ্রেণি-পেশার কোনো প্রতিনিধিত্ব সেখানে নেই। সমন্বয়ক হিসেবেও একটি মাত্র বিশ্ববিদ্যালয়ের চার-পাঁচজনই মূলত সব ধরনের ক্ষমতার চর্চা করছে। মানুষ তাদের প্রতি যে আস্থা রাখবে, সমর্থন করবে কিসের ভিত্তিতে? নবগঠিত এই দুই দলের নেতৃত্বের মধ্যে যেমন বিনয়, উদারতা ও সহনশীলতা লক্ষণীয় নয়। বরং দেখছি ঔদ্ধত্য, অহংকার, ভেঙে দেব, গুঁড়িয়ে দেব, নির্মূল করব ইত্যাদি অনভিপ্রেত কথাবার্তা!

এ দেশের বৃহৎ একটি জনগোষ্ঠী চেয়েছে ব্যক্তিকেন্দ্রিক, পরিবারতান্ত্রিক রাজনৈতিক ধারার বাইরে একটি সৎ, দেশপ্রেমিক, মানবিক, উদার, বৈষম্যহীন, কল্যাণমূলক, ধর্মনিরপেক্ষ একটি রাজনৈতিক ধারা গড়ে উঠুক এবং তাদের নেতৃত্বে দেশ এগিয়ে যাক, কিন্তু সেটা হয়নি। তার বদলে যদি কোনো পশ্চাৎপদ, রক্ষণশীল, সাম্প্রদায়িক রাজনৈতিক ধারা তৈরি হয় তাহলে তার প্রতি মানুষের সমর্থন ও সহানুভূতি থাকবে-আমার তা মনে হয় না।

লেখক: গবেষক ও রাজনৈতিক বিশ্লেষক।

## আপা, খুব জানতে ইচ্ছে করে

১০ পৃষ্ঠার পর

প্রজন্ম প্রশ্রয়ে নতুন রাজনৈতিক দল হয়েছে। এ রাজনৈতিক দল নিয়ে চারদিকে এখন শোরগোল। আসলে কী হতে যাচ্ছে? বিএনপি চাইছে জাতীয় সংসদ নির্বাচন। জামায়াত চাইছে আগে স্থানীয় সরকার নির্বাচন। আর বৈষম্যবিরোধীরাও চাইছে আগে স্থানীয় সরকার নির্বাচন। তাদের এই মতানৈক্য আপনার দলের কিছুটা হলেও শান্তি হচ্ছে মনে হয়। এমনিতেই বাঙালি আত্মভোলা জাতি। গত ষোল বছর যে জুলুম চালিয়েছেন জাতির ওপর- মাত্র ছয় মাসে তা অনেকেই ভুলে বসে আছে। এটা আপনার জন্য মঙ্গল বলেই মনে হয়। দেশের রাজনৈতিক বাতাসে বিএনপি মনে হয় একা হয়ে পড়ছে। এ অবস্থায় অনেকে বলছেন, জামায়াত আর বৈষম্যবিরোধীরা এক কাতারে থাকবে। কেউ কেউ বলছেন, বিএনপি'র ওপর ষোল বছর নির্মম নির্যাতন ও নিপীড়ন চালানোর পরও ওরা আওয়ামী লীগকে হাত ধরে টেনে তুলবে। আবার আওয়ামী লীগও তাদের স্বার্থে বিএনপি'র সঙ্গে এক হওয়ার জন্য মুখিয়ে আছে। অর্থাৎ দুইয়ে দুইয়ে চার হয়ে গেল। এসবই কিন্তু আন্দাজ। বাস্তবে কী ঘটে আল্লাহ মালুম।

তবে, আপা জীবনে আপনি যে ভুল করেছেন তা থেকে শিক্ষা নেয়া প্রয়োজন। এ মুহূর্তে আপনি কিন্তু একা হয়ে পড়েছেন। আপনার পাশে কেউ নেই। যতই সামাজিক যোগাযোগ মাধ্যমে হম্বিতম্বি করে মানুষকে জ্ঞানদান দিলেও মানুষ কিন্তু সব বোঝে। তাই বলছি, হম্বিতম্বি নয়, দেশবাসীর কাছে ষোল বছরের কর্মকাণ্ডের জন্য দুঃখ প্রকাশ করুন। ক্ষমা চান। তাহলে যদি জনগণ কিছুটা হলেও আপনাকে ক্ষমার দৃষ্টিতে দেখে। কিন্তু আপনি দেশ থেকে পালানোর দিনও যেভাবে আপনার নির্দেশে একের পর এক গুলি ছুড়েছে পুলিশ ও আপনার লেলিয়ে দেয়া গুণ্ডাবাহিনী- এ দৃশ্য মানুষ ভুলবে কীভাবে? দেশের প্রধানমন্ত্রী মানে ওই দেশের অভিভাবক। আপনি অভিভাবক হয়ে কী করে জনতার বুকে তীর বিদ্ধ করলেন। এ মুহূর্তে মনে পড়ছে বিখ্যাত সেই গানটি- মারিয়া ভুজুঙ্গ তীর কলিজা করিল চৌচির/কেমন শিকারি তীর মারিল/বিষ মাখাইয়া তীরের মুখে/মারিল তীর আমার বুকে/দেহ থুইয়া প্রাণটা লইয়া যায়/আমার অন্তরায়, আমার কলিজায়/ আমার অন্তরায়, আমার কলিজায়...।

হ্যাঁ আপা, দেশের মানুষের কলিজা এখন তীর মাখানো বিষের যন্ত্রণায় অস্থির। তাদের দেহ আছে। কিন্তু সেই দেহে প্রাণ নেই। রাজনীতি তাদের নিঃস্ব করে গেছে। যাকে বিশ্বাস করেছে সেই বিষ মাখানো তীর মেরেছে জনগণকে লক্ষ্য করে। এখন মানুষ কাউকে বিশ্বাস করতেও ভয় পায়। তাই তারা ক্ষুব্ধ, বিক্ষুব্ধ।

দেশের মালিক যাদের বলা হয় সেই জনগণকে পিষ্ট করতে আপনি যেমন ছাড়েননি আপা, অন্যরাও একটু হলেও এ দোষে দোষি। তাই তো কেউ কেউ বলছে আগামী নির্বাচনে জামায়াতের নেতৃত্বে ইসলামী দলগুলো এগিয়ে যাবে। কারণ তাদের সঙ্গে যাবে বৈষম্যবিরোধীরা। এমনটা হলে অবাক হওয়ার কিছু থাকবে না। তারপরও বলছি রাজনীতিতে শেষ কথা বলতে কিছু নেই।

আপা, ভালো থাকুন। দূর-দূরান্তে আপনার অতিশয় পাগল ভক্তদের জন্য দোয়া করবেন। কারণ তারা কখন কি করে বসে তা বুঝা মুশকিল। চারদিক খেয়াল করে চলবেন। হিসাব করে, মেপে মেপে কথা বলবেন। নিশ্চয় আল্লাহ আপনার মঙ্গল করবেন।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Brooklyn Office
345 Broadway
Brooklyn, NY 11211
Tel: 718-384-1671

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (11Am to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432




# রোজার প্রতিদান আল্লাহ নিজেই দেবেন

মাওলানা তোফায়েল গাজালি

নবি কারিম (সা.) বলেন, রমজান এমন মাস, যার প্রথম দশক রহমত, দ্বিতীয় দশক মাগফিরাত আর শেষ দশক জাহান্নাম থেকে মুক্তির। যে ব্যক্তি এ মাসে তার গোলাম (কর্মচারী, চাকর, এক কথায় অধীনস্থ প্রত্যেক ব্যক্তি) থেকে কাজের বোঝা বা দায়িত্ব হালকা করে দেবে আল্লাহতায়ালা তাকে ক্ষমা

## রহমত মাগফিরাত ও নাজাতের রমজান [২য় পর্ব]



করে দেবেন এবং জাহান্নাম থেকে মুক্তি দেবেন। হে লোকজন! এ মাসে চারটি জিনিসের ওপর খুব গুরুত্ব দাও এবং বেশি বেশি করে কর। ১. কালিমা তাইয়্যেবা-লা-ইলাহা ইল্লাল্লাহ। ২. ইস্তিগফার তথা ক্ষমা প্রার্থনা। ৩. জান্নাত চাওয়া। ৪. জাহান্নাম থেকে মুক্তি কামনা করা। *(মেশকাত শরিফ : ১/১৭৪)*।

রোজার প্রতিদান : মহানবি (সা.) বলেন, 'রোজার প্রতিদান আল্লাহ রাব্বুল আলামিন নিজেই দেবেন এবং বিনা হিসাবে দেবেন।' *[বোখারি শরিফ : ১৮৯৪]*। আল্লাহতায়ালা রোজাদারকে কিয়ামতের দিন পানি পান করাবেন। *[মুসনাদে বাজজার হাদিস : ১০৩৯]*। 'রোজা হলো জান্নাত লাভের পথ'। [মুসনাদে আহমদ : ২৩৩২৪]। 'রোজা জাহান্নাম থেকে রক্ষাকারী ঢাল ও দুর্গ'। *[মুসনাদে আহমদ : ১৪৬৬৯]*। 'রোজাদারের মুখের গন্ধ আল্লাহর কাছে মিশকের চেয়েও সুগন্ধিযুক্ত। *[বুখারি : ১৯০৪]*। এ ছাড়া আরও অনেক হাদিসে রোজার বিশেষ ফজিলতের কথা বর্ণিত হয়েছে।

রোজার নিয়ত : রোজার নিয়তের জন্য মুখ দিয়ে নির্ধারিত শব্দ বা বাক্য উচ্চারণ করা জরুরি নয়। বরং অন্তরের ইচ্ছাই যথেষ্ট। এমনকি রোজার জন্য সেহরি খাওয়াটাও নিয়তের স্থলাভিষিক্ত। কিছু লোক আরবিতে রোজার নিয়ত করাকে আবশ্যকীয় মনে করে থাকেন অথচ তা সঠিক নয় *(জাওয়াহিরুল ফিক্হ ১/৩৭৮)*। তবে আরবি নিয়ত করলে অসুবিধা নেই। প্রত্যেক রোজার জন্য ভিন্ন ভিন্ন নিয়ত করা জরুরি *(ফতোয়ায়ে হিন্দিয়া ১/১৯৫)*। অর্ধ দিনের আগে নিয়ত করলে রোজা বিশুদ্ধ হয়ে যাবে *(ফতোয়ায়ে হিন্দিয়া ১/১৯৫)*।

আরবি নিয়ত : নাওয়াইতু আন আছুমা গাদাম মিন শাহরি রমাদানাল মুবারাকি ফারদাল্লাকা, ইয়া আল্লাহু ফাতাকাব্বাল মিন্নি ইন্নাকা আনতাস সামিউল আলিম।

বাংলা নিয়ত : হে আল্লাহ! আমি আগামীকাল পবিত্র রমজানের তোমার পক্ষ থেকে নির্ধারিত ফরজ রোজা রাখার ইচ্ছা পোষণ (নিয়্যত) করলাম। অতএব, তুমি আমার পক্ষ থেকে (আমার রোজা তথা পানাহার থেকে বিরত থাকাকে) কবুল কর, নিশ্চয়ই তুমি সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

রোজা ভঙ্গের কারণগুলো : রোজা অবস্থায় অসুস্থতার কারণে ইনহেলার ব্যবহারের দ্বারা রোজা ভেঙে যায় *[শামি ৩/৩৬৬]*। রোজা অবস্থায় ইচ্ছাকৃত বমি করা বা মুখে বমি চলে আসার পর তা পরিমাণে অল্প হলেও ইচ্ছাকৃত গিলে ফেললে রোজা ভেঙে যাবে *[মুসান্নাফে আব্দুর রাজ্জাক ৪/১৯৭]*। যদি নাশিকা দিয়ে রক্ত বের হওয়ার পর মুখে চলে যায়, তাহলে রোজা ভেঙে যাবে *[তাতারখানিয়া ৩/৩৮৩]*। রোজাদার যদি মুখে পান রেখে ঘুমিয়ে পড়ে আর এমতাবস্থায় সুবহে সাদিক হয়ে যায় ও পানের কিছু অংশ পেটে চলে যায়, তাহলে তার রোজা হবে না। পরে কাজা করতে হবে। কাফফারা দেওয়া লাগবে না *[শামি ৩/৩৭৪]*। কুলি করার সময়

এরপর ৩৭ পৃষ্ঠায়



ইসলামের অন্যতম বিধান রোজা এ মাসে পালিত হয়। রোজার বিধান শুধু নবী মুহাম্মদ (সা.)-এর ওপরই ফরজ হয়নি, বরং এর সূচনা হয় পূর্ববর্তী নবীদের সময় থেকে। কোরআনে ইরশাদ হয়েছে, 'হে মুমিনরা, তোমাদের ওপর রোজা ফরজ করা হয়েছে, যেমনটি তোমাদের পূর্ববর্তী উম্মতের ওপর ফরজ করা হয়েছিল।' *(সুরা : বাকারাহ, আয়াত : ১৮৩)*

# যেমন ছিল পূর্ববর্তী নবীদের রোজা

রায়হান আল ইমরান

হিজরি বর্ষের নবম মাস রমজান। রমজান সব মাসের শ্রেষ্ঠ। ইসলামের অন্যতম বিধান রোজা এ মাসে পালিত হয়। রোজার বিধান শুধু নবী মুহাম্মদ (সা.)-এর ওপরই ফরজ হয়নি, বরং এর সূচনা হয় পূর্ববর্তী নবীদের সময় থেকে।

কোরআনে ইরশাদ হয়েছে, 'হে মুমিনরা, তোমাদের ওপর রোজা ফরজ করা হয়েছে, যেমনটি তোমাদের পূর্ববর্তী উম্মতের ওপর ফরজ করা হয়েছিল।'*(সুরা : বাকারাহ, আয়াত : ১৮৩)*

তবে রোজার বিধান এক হলেও ধরনে ছিল ভিন্নতা। নিম্নে পূর্ববর্তী নবীদের রোজার ধরন তুলে ধরা হলো-

১. আদম (আ.)-এর রোজা : আদম (আ.) পৃথিবীর প্রথম মানব ও প্রথম নবী। তিনিই প্রথম রোজা পালন করেন।

তাঁর রোজা কেমন ছিল সে ব্যাপারে কোরআন, হাদিস ও ইতিহাস থেকে সুস্পষ্ট ধারণা পাওয়া যায় না। তবে তিনি যে রোজা রেখেছিলেন তা জানা যায়। আল্লাহ তাআলা আদম (আ.)-কে একটি নিষিদ্ধ গাছের ফল খেতে নিষেধ করেন। কিন্তু তিনি সেই গাছের ফল আহার করে ফেলেন।

পরক্ষণেই আল্লাহ তাঁকে সতর্ক করেন এবং পৃথিবীতে নামিয়ে দেন। এদিকে নিষিদ্ধ গাছের ফল দেহের রং পাল্টে দেয়; দেহ কৃষ্ণবর্ণ ধারণ করে। বিষয়টি আদম (আ.)-কে বিচলিত করে। তখন আল্লাহ তাআলা জিবরাইল (আ.)-কে প্রেরণ করেন। জিবরাইল (আ.) বললেন, আপনি কি চান আপনার দেহ শুভ্রতা ফিরে পাক? তিনি বললেন, হ্যাঁ।

জিবরাইল (আ.) বললেন, তাহলে প্রতি মাসের ১৩, ১৪ ও ১৫ তারিখে রোজা রাখুন। তিনি রোজা রাখা শুরু করলে প্রথম দিনে শরীরের এক-তৃতীয়াংশ শুভ্র হয়ে যায়, দ্বিতীয় ও তৃতীয় দিন একই পরিমাণ শুভ্রতা ফিরে পায়। তখন থেকেই তিনি এ রোজা রাখতে শুরু করেন। এ রোজার নাম রাখা হয় 'আইয়ামে বিজ'। *(ফতহুল বারি : ৪/১২৩)*

২. নুহ (আ.)-এর রোজা : তিনি ছিলেন প্রথম রাসুল তথা শরিয়তপ্রাপ্ত প্রথম নবী। তাঁর নামেই কোরআনে অবতীর্ণ হয়েছে সুরা নুহ। নুহ (আ.)-এর ব্যাপারে হাদিসে পাওয়া যায়, তিনি ঈদুল ফিতর ও ঈদুল আজহার দিন ছাড়া সারা বছরই রোজা রাখতেন। *(সুনানে ইবনে মাজাহ, হাদিস : ১৭১৪)*

এরপর ৪২ পৃষ্ঠায়



# সুরা আর রাহমান কোরআনের প্রসিদ্ধ একটি সুরা

ফেরদৌস ফয়সাল

সুরা আর রাহমান কোরআনের প্রসিদ্ধ একটি সুরা। এই সুরায় 'ফাবি আইয়ি আলা ইরাব্বিকু মা তুকাজ্জিবান' আয়াতটির পুনরাবৃত্তি রয়েছে। এর অর্থ, 'তোমরা তোমাদের প্রতিপালকের কোন অনুগ্রহ অস্বীকার করবে।' এখানে 'তোমরা' বলতে জিন ও মানবজাতিকে বোঝানো হয়েছে। সুরা আর রহমান খুব সহজে মুখস্থ করা যায়। এর বিষয়গুলোর ক্রমবিন্যাসের ধারাটি দেখা যাক।

সুরা আর রাহমান কোরআনের ৫৫ তম সুরা, এর আয়াতসংখ্যা ৭৮। সুরা আর-রহমানে ৫টি বিষয়বস্তু রয়েছে: ১. কোরআন, ২. আল্লাহর সৃষ্টি দুনিয়ার উপহার, ৩. বিচারদিবস ও জাহান্নাম, ৪. প্রথম জান্নাত, এবং ৫. দ্বিতীয় জান্নাত।

এই সুরার আরেকটি বৈশিষ্ট্য হলো, এতে জিন ও মানবজাতি উভয়কে উদ্দেশ্য করে বক্তব্য উপস্থাপন করা হয়েছে। এই সুরায় সবকিছু যুগ্মভাবে বর্ণনা করা হয়েছে। যেমন মানুষ এক প্রজাতির যুগল। জান্নাতের বর্ণনা যুগ্মভাবে উপস্থাপন করা হয়েছে। বাগানের কথাও দুইবার বলা হয়েছে।

এরপর ৩৬ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City — মার্চ ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ১৫ | ৫:৫২ | ৭:০৭ | ০১:০৫ | ৪:২৬ | ৭:০৩ | ০৮:১৮ |
| ১৬ | ৫:৫০ | ৭:০৬ | ০১:০৪ | ৪:২৭ | ৭:০৪ | ০৮:১৯ |
| ১৭ | ৫:৪৯ | ৭:০৪ | ০১:০৪ | ৪:২৭ | ৭:০৫ | ০৮:২১ |
| ১৮ | ৫:৪৭ | ৭:০২ | ০১:০৪ | ৪:২৮ | ৭:০৬ | ০৮:২২ |
| ১৯ | ৫:৪৫ | ৭:০১ | ০১:০৪ | ৪:২৮ | ৭:০৭ | ০৮:২৩ |
| ২০ | ৫:৪৩ | ৬:৫৯ | ০১:০৩ | ৪:২৯ | ৭:০৮ | ০৮:২৪ |
| ২১ | ৫:৪২ | ৬:৫৭ | ০১:০৩ | ৪:৩০ | ৭:১০ | ০৮:২৫ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)




# Abdullah Sweets & Restaurant

**দেশি ও হালাল খাবারের নিশ্চয়তা নিয়ে জ্যাকসন হাইটস ও ব্রুকলিনে আব্দুল্লাহ সুইটস এন্ড রেস্টুরেন্টে সবাইকে স্বাগত**

## সবাইকে পবিত্র মাহে রমজানের শুভেচ্ছা

সুলভ মূল্যে ইফতার সামগ্রী ও সকল অনুষ্ঠানের ক্যাটারিং সরবরাহ করা হয়

বন্ধু বান্ধব ও পরিবারসহ আমাদের খাবারের স্বাদ পরীক্ষা করুন







**JACKSON HEIGHTS**
73-06 37 th AVE, NY-11372
**TEL : 718-406-9657**

**BROOKLYN**
91 CHURCH AVE, NY -11218
**TEL : 718-766-5381**



## নারী-পুরুষের বন্ধ্যাত্ব কেন হয়, প্রতিকার

২২ পৃষ্ঠার পর

হরমোনের ভারসাম্যহীনতা
দীর্ঘ সময় ধরে ল্যাপটপে কাজ করলেও হতে পারে
রোগ নির্ণয় করার জন্য পরীক্ষা : রক্ত পরীক্ষার মাধ্যমে বিভিন্ন ধরনের হরমোনের টেস্টগুলো, ব্লাড সুগার, সঙ্গে আল্ট্রাসনোগ্রাম করে কোনো ধরনের সমস্যা আছে কিনা দেখা।
পুরুষদের জন্য সিমেন অ্যানালাইসিস করে শুক্রাণু কার্যকর ঠিক আছে কিনা বা সংখ্যা আকার-প্রকৃতি সব দেখা হয় প্রথমে স্বামী-স্ত্রীর দুজনকে একসঙ্গে বসে কাউন্সেলিং করতে হবে। কিছু কিছু চিকিৎসা দরকার পড়ে কিছু ক্ষেত্রে সার্জারি করতে হতে পারে।
প্রতিরোধ : সবাইকে ধূমপান ত্যাগ করতে হবে। অ্যালকোহল তামাক এগুলো পরিহার করতে হবে। নিয়মিত ব্যায়াম ও স্বাস্থ্যসম্মত খাদ্যাভ্যাসে বেশি করে তুলতে হবে নিজেকে।
লেখক: সহকারী পরিচালক, ২৫০ শয্যাবিশিষ্ট টিবি হাসপাতাল।

## যে কারণে আওয়ামী লীগ বারবার গণবিরোধী হয়ে ওঠে

১০ পৃষ্ঠার পর

করেছেন, যা তাঁদের পক্ষে মেনে নেওয়া সম্ভব হয়নি। সম্ভবত এ কারণেই স্বাধীনতার পরপরই আওয়ামী লীগের সঙ্গে যুদ্ধের মাধ্যমে গড়ে ওঠা সামরিক বাহিনীর দূরত্ব সৃষ্টি হয়। ভারতের পরামর্শে সেনাবাহিনীকে দুর্বল ও অকার্যকর করতে রক্ষী বাহিনী গঠন করা হয়। সামরিক বাহিনী ওই সময় এটা মেনে নেয়নি, যা পরবর্তী বিভিন্ন কর্মকাণ্ডে প্রকাশিত হয়েছে।
জাতীয় নিরাপত্তার দিক থেকে বিবেচনা করলে দেশে আওয়ামী লীগ ও সামরিক বাহিনী একসঙ্গে থাকতে পারাও সম্ভব নয়। দেশের নিরাপত্তার প্রধান রক্ষক হিসেবে বিবেচনা করলে হয় সেনাবাহিনী থাকবে, আর যদি জাতীয় স্বার্থকে খাটো করে ভারতের সঙ্গে সমঝোতা করা হয়, তবে আওয়ামী লীগ টিকে থাকবে। এই প্রতিষ্ঠানের একসঙ্গে থাকা সম্ভব নয়। মূলত এ কারণেই সামরিক বাহিনীর মধ্যে আওয়ামী লীগে গ্রহণযোগ্যতা কম।
অনেকেই বলতে পারেন, গত ১৫ বছর আওয়ামী লীগের ফ্যাসিবাদের আমলকে সামরিক বাহিনী সমর্থন করেছে। আয়নাঘর সামরিক কর্মকর্তাদেরই তৈরি। এখানে বলে রাখা ভালো, আওয়ামী ফ্যাসিবাদের প্রতি সামরিক বাহিনীর একাংশের সমর্থন ছিল। সামরিক বাহিনীর গুটিকয় কর্মকর্তা আওয়ামী লীগের ফ্যাসিবাদকে সমর্থন করেছেন, যাঁরা গুরুত্বপূর্ণ পদে ছিলেন। ভারতের ডিপ স্টেট আমাদের সামরিক বাহিনীকে নিয়ন্ত্রণে নিতে সম্ভবত ১৯৯৬ সালে আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর কাজ শুরু করে। যার ফলাফল আমরা গত ১৬ বছরে দেখেছি। কিন্তু পুরো সামরিক বাহিনীর নিয়ন্ত্রণ ভারত নিতে পারেনি; সে কারণে ৫ আগস্ট জনসাধারণ সফল হয়েছে শেখ হাসিনাকে ক্ষমতা থেকে তাড়াতে। সামরিক বাহিনীর সমর্থনের কারণেই এটা সম্ভব হয়েছে।
শান্তি মিশন নিয়ে জাতিসংঘের হুমকির পাশাপাশি সামরিক বাহিনীর একাংশের অনিচ্ছার কারণে শেষ পর্যন্ত শেখ হাসিনার পক্ষে দাঁড়ায়নি। তা না হলে হাসিনার শাসন আরও দীর্ঘায়িত হতো।
শেখ হাসিনা তাঁর দ্বিতীয় মেয়াদের শুরু থেকেই সামরিক বাহিনীকে নিয়ন্ত্রণে নিয়ে নেন। বিডিআর হত্যাকাণ্ড ও তৎপরবর্তী ঘটনা সামরিক বাহিনীর নিয়ন্ত্রণ নিতে হাসিনাকে সাময়িক সুবিধা দিয়েছিল। কিন্তু ভারতের পরামর্শে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ সামরিক বাহিনীর মধ্যে আওয়ামী লীগ সম্পর্কে নেতিবাচক প্রভাব সৃষ্টি করতে পারে। ফলে শেখ হাসিনাকে শেষ পর্যন্ত রক্ষা করতে সামরিক বাহিনী এগিয়ে আসেনি। তিনি পালাতে বাধ্য হন।
ফলে বোঝাই যাচ্ছে, আমাদের দেশের জাতীয় নিরাপত্তার স্বার্থের সঙ্গে আওয়ামী লীগের নিরাপত্তার কৌশল সাংঘর্ষিক। কারণ, আওয়ামী লীগ বরাবরই ভারতের স্বার্থকে প্রাধান্য দিয়েছে। এটা স্বাধীনতার পরপরই ফারাক্কা চালু করতে দেওয়া, ২৫ বছরের চুক্তি বা গত ১৫ বছরে ট্রানজিট, ট্রানশিপমেন্ট, বিভিন্ন ধরনের বাণিজ্যিক চুক্তিসহ বিভিন্ন ক্ষেত্রে প্রতিফলিত হয়েছে। নদী অভাটি করেও ভারতীয় পণ্য পরিবহনের সুযোগ করে দিয়েছে আওয়ামী লীগ। ভারতের দিক থেকে বিবেচনা করলে আওয়ামী লীগের মতো রাজনৈতিক দলই বাংলাদেশের ক্ষমতায় থাকা দরকার। এটাই হবে ভারতের কৌশল।
কিন্তু বাংলাদেশের দিক থেকে দেখলে এটা সার্বভৌমত্বের জন্য ভয়ংকর হতে পারে। একমাত্র ভারতের স্বার্থ ঠিক রাখতে আওয়ামী লীগ এ দেশের মানুষের ভোটাধিকার হরণ করেছে। পাখির মতো গুলি করে মানুষ হত্যা করেছে; যদিও নির্বিচার পাখি হত্যা করাও গ্রহণযোগ্য নয়। কিন্তু আওয়ামী লীগ নির্দয়ভাবে মানুষ হত্যা করেছে।
এ নিয়ে আওয়ামী লীগের মধ্যে কোনো অনুশোচনা বা অনুতাপ পরিলক্ষিত হয়নি; বরং তারা এখনো পলাতক অবস্থায় হুমকি দিয়ে যাচ্ছে। নানাভাবে দেশকে অস্থিতিশীল করার চেষ্টা করছে। ঠিক এ কারণেই আওয়ামী লীগের পক্ষে রাজনীতিতে আর ফিরে আসা সম্ভব নয়। ফিরে আসতে দেওয়া উচিতও হবে না। যদি কখনো আওয়ামী লীগ ফিরতে পারে, তবে দেশের জাতীয় নিরাপত্তা আবারও ঝুঁকির মুখে পড়বে।
লেখক: রাজনৈতিক বিশ্লেষক।

## বঙ্গবন্ধু, সোহরাওয়ার্দী এবং সুরমা মেল

৫ পৃষ্ঠার পর

দূরেই ছিল মাহমুদুল সামাদ চৌধুরীর (সংসদ সদস্য) শ্বশুর বাড়ী, আটপাড়া হাউস। সেখানে যখন থাকতেন ঘরোয়া পোশাকেই চলে আসতেন যুগভেরী অফিসে। আমরা দীর্ঘক্ষণ গল্প করতাম নানা বিষয়ে। তাঁর স্ত্রী ওই বাড়ীর শামসুল কিবরিয়া যুগভেরীতে ছড়া-কবিতা লিখতেন। আমাদের বন্ধুত্ব আমেরিকায় আসার পরও অটুট ছিল। নিউইয়র্কে তাঁর সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছিল আমার সভাপতিত্বে। তবে কিছুটা ছেদ ঘটে ২০০১ সালে। আমেরিকা আসার তের বছর পর এই প্রথম দেশে গিয়েছি। গোপালটিলার পাড়ের বাসায় একাধিক বার এসেছেন মাহমুদুল সামাদ ভাই। উদ্দেশ্য কেন্দুগঞ্জে তাঁর বাসায় আমাকে নিয়ে যাওয়া। আমি যাইনি। সময় স্বল্পতা শুধু নয়, আরেকটি অপ্রকাশিত কারণ ছিল। একই সংসদীয় আসনে মাহমুদুল সামাদের প্রতিদ্বন্দ্বী আমার অনুজ আতিকুর রহমান আতিক। কাউকে অস্বস্তিতে ফেলতে চাইনি।
আরেকবার অস্বস্তিকর পরিস্থিতিতে পড়েছিলাম। আমেরিকায় ফিরে আসবো, ঢাকার গুলশানে আতিকের বাসায় আছি। সন্ধ্যায় আতিক বললো, শফি ভাই (শফি চৌধুরী, সংসদ সদস্য) বার বার অনুরোধ করেছেন, তোমাকে নিয়ে তাঁর বাসায় যাওয়ার জন্য। চলো রাতে একবার ঘুরে আসবো। বললাম, ঠিক আছে। শফি চৌধুরীর বড়ভাই ই এ চৌধুরী(সাবেক আইজিপি) ও আমার বড়ভাই আতাউর রহমান (কক্সবাজার জেলার প্রথম এস পি) সহপাঠী ছিলেন। তাঁদের পরিবারের সাথে আমাদের ঘনিষ্ট সম্পর্ক।
রাতে শফি ভাইর গুলশানের বাসায় গেলাম। বিশাল বাড়ী। মধ্যরাত পর্যন্ত গল্প করে কাটলো। ফেরার সময় শফি ভাই একজনকে ডেকে বললেন, ভাইসাহেবের সাথে আমার একটি ছবি তুলো। স্মৃতিটুকু রাখি। ছবির জন্য দাঁড়ালাম। শফি ভাই আতিককেও ডাকলেন একসঙ্গে ছবি তোলার জন্য। আতিক কিছুতেই সাথে না করলো। পরে বুঝলাম, আগামী নির্বাচনে একই আসনে উভয়ে প্রতিদ্বন্দ্বিতা করবেন। সুতরাং এই সাবধানতা। পরে আমেরিকায় আসার পর শুনলাম, এই ছবি সিলেটের এক দৈনিকে ছাপা হয়েছে। ক্যাপশনে যা লেখা ছিল তার সার সংক্ষেপ হলো বিশিষ্ট সাংবাদিক মাহবুবুর রহমানের সাথে সিলেট-৩ আসনের সংসদ সদস্য প্রার্থী শফি চৌধুরী, তাঁর গুলশানের বাসায়। উল্লেখ্য, মাহবুবুর রহমান সিলেট-৩ আসনের অপর সংসদ সদস্য প্রার্থী আতিকুর রহমান আতিকের বড়ভাই।
লেখক: নিউইয়র্ক প্রবাসী সাংবাদিক।

## ধর্ষণের বিরুদ্ধে বিক্ষোভ আমাদেরকে আশাবাদী করে

৬ পৃষ্ঠার পর

প্রকাশ হয়ে পড়ে। সেসঙ্গে রয়েছে পারিবারিক শিক্ষা, শিক্ষা প্রতিষ্ঠানের দীক্ষা ও সামাজিক শিক্ষার অভাব। এসব শিক্ষার অভাবে মানুষ প্রবৃত্তি থেকে বেরিয়ে আসতে পারেনা। তাদের কাছে মেয়েরা যৌনবস্তু ছাড়া অন্য কিছু নয়। এখন পর্যন্ত বিভিন্ন শাসন পদ্ধতি এসেছে। তার মধ্যে মানুষ গণতান্ত্রিক শাসনকেই বেশি পছন্দ করে। কল্যাণকর রাষ্ট্র সমূহে অপরাধ কম হওয়ায় কোনো কোনো কারাগার বন্ধ ঘোষিত হয়েছে। বাংলাদেশে গণতান্ত্রিক শাসন পদ্ধতি প্রাতিষ্ঠানিকতা না পাওয়ায় রাজনৈতিক পরিস্থিতি সব সময় অস্থির রয়েছে। এদেশের আয়তনের তুলনায় জনসংখ্যা অধিক। সেজন্য মোবাইল ফোনের সুবিধাও বেশি। আমরা জানি ৯৯৯ ফোনটি ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে উদ্ধার করা এবং অপরাধীকে ধরার ক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখছে। সমাজ সেবা অধিদপ্তর থেকে শিশু-কিশোরদের নিরাপত্তা দেয়ার জন্য১০৯৮- শিশু সহায়তা কেন্দ্র নামে একটি ফোন কল চালু আছে। কিন্তু কম পরিবারই এ সেবা সম্পর্কে অবগত আছেন। আছিয়াকে ধর্ষণের ঘটনাকে কেন্দ্র করে গড়ে উঠা আন্দোলনের প্রেক্ষিতে পুলিশের হেড কোয়ার্টার তিনটি হট লাইন খুলেছে। তবে হটলাইনের নম্বরগুলো সহজ করা উচিত। যেমন-১১১, ২২২,৩৩৩,৪৪৪, ৫৫৫ ইত্যাদির মতো হলে সহজেই শিশু-কিশোররা ব্যবহার করতে পারবে।
সেসঙ্গে প্রতিটি স্থানীয় সরকারকে এ সেবার সঙ্গে সম্পৃক্ত করতে হবে। কল পাওয়ার সঙ্গে সঙ্গে স্থানীয় প্রতিনিধি, কর্মচারি ও গ্রাম পুলিশকে ঘটনাস্থলে যাওয়ার ব্যবস্থা করতে হবে। প্রতিটি স্কুলের পাঠ্য পুস্তকে শারীরিক শিক্ষা নামে একটি সাবজেক্ট রয়েছে। কিন্তু কতিপয় ধর্মান্ধ ব্যক্তিদের ভয়ে অধিকাংশ স্কুল মেয়েদের এ শিক্ষা দিচ্ছে না। উন্নত বিশ্বে কেউ যদি অপরিচিত শিশু-কিশোরকে আদর করতে চায়, তাহলে আঙুলের ডগা কিংবা মাথায় হাত দিয়ে আদর করলে দোষ হিসেবে দেখা হয় না। সেসব দেশে এ আইন দীর্ঘ পরীক্ষা-নিরীক্ষার পর এসেছে। মেয়েদের কথা মেয়েদের বলার জন্য রাজনৈতিক ক্ষমতায়ন জরুরি। সিডিএলজি দীর্ঘদিন যাবৎ সমঅধিকার-সমঅংশগ্রহণে নরনারীর গণতান্ত্রিক ক্ষমতায়নের কথা বলে আসছে। প্রথমে আইন পরিষদে তাদেরকে সমহারে নির্বাচিত করতে হবে এবং স্থানীয় সরকারে সংসদ সৃষ্টি করে সেখানেও সমহারে প্রতিনিধিত্ব করার ব্যবস্থা করতে হবে। সর্বোপরি কোনো মেয়ে যেন যৌন নিপীড়নের কথা গোপন না রাখে এবং গোপন রাখার দৃষ্টিভঙ্গির বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে।
লেখক: গণতন্ত্রায়ন ও গণতান্ত্রিক স্থানীয় সরকার বিষয়ক গবেষক।

## কোন পথে বাংলাদেশের রাজনীতি?

৫ পৃষ্ঠার পর

সুষ্ঠু নির্বাচন কখনও সম্ভব নয় অথচ কোন কিছু তোয়াক্কা না করে নির্বাচন কমিশন গঠন করা হয়ে গেলো। কক্সবাজারের সাবেক অবসর প্রাপ্ত আমলা জনাব নাছির উদ্দিনকে প্রধান করে আরও চারজন কমিশন সদস্যকে নিয়োগ দেয়া হল। তারা ইতিমধ্যে দায়িত্ব বুঝে নিয়ে ভোটার তালিকা হাল নাগাদের কাজও শেষ করে ফেলেছেন এবং সারা দেশে নারী পুরুষ ভোটার সংখ্যা কত তাও প্রকাশ করেছেন গেজেট আকারে।
এখন প্রশ্ন হলো কোন সংস্কার এখনও হয়নি। তা হলে নির্বাচন কেমনে সম্ভব হবে? তাদের কমিটমেন্ট অনুযায়ী সংস্কার কার্যক্রম শেষ হয়ে গেলে তারা নির্বাচন করবেন সকল রাজনৈতিক দল মিলে আওয়ামী লীগকে বাদ দিয়ে। এমন অবস্থায় আন্দোলনের শরীক সহযোদ্ধা বিএনপি কি বলে? সেটা নিয়ে আলোচনা হবে এই পর্যায়ে। সরকার পতনের এই আন্দোলনে সবচেয়ে বেশী খুশি হয়েছিল বিএনপি। তাদের নেতাকর্মীরা মাঠে নেমে পড়েছে। অনেক গুলো সমাবেশও করেছে। বিএনপির ভাবখানা এরকম তারা ক্ষমতার খুব কাছাকাছি চলে এসেছে। তারেক রহমান লন্ডন থেকে লাগেজ গুছিয়ে নিয়ে ঢাকার পথে রওয়ানা দেওয়ার প্রস্তুতিও নিয়ে ফেলেছিলেন। শেষ পর্যন্ত তাকে ঢাকায় আসতে দেওয়া হয়নি। মনের দুঃখ ক্ষোভ প্রকাশ করতে না পেরে লন্ডনে বসে প্রায় প্রতিদিন নেতা কর্মীদের সাথে ভার্চুয়াল মিটিং করছেন এতেই সন্তুষ্টি। তারা ভেবেছিল অন্তর্বর্তী সরকার তাদের কথামত খুব সহসা নির্বাচন দিয়ে দিবে এবং তারা নির্বাচনে বিজয়ী হয়ে ক্ষমতায় বসবে। তাই দলের নেতাদের কনফিডেন্ট তৈরী হয়েছে তারাই ক্ষমতায় আসবে। আর এ চিন্তা থেকে বিএনপি নেতা কর্মীরা সারাদেশে আগাম সন্ত্রাস, চাঁদাবাজী দখলদারী আওয়ামী লীগের নেতা কর্মীদের মারধর, তাদের বাড়ি ঘর লুটপাট করছে। গরু চুরি করে জবাই করে রান্না করে খেয়ে আবার উল্লাসও প্রকাশ করেছে নেতারা। কিন্তু দিন যতই যাচ্ছে বিএনপির স্বপ্ন ফিকে হয়ে যাচ্ছে। ক্ষমতা যাওয়ার স্বপ্ন সুদূর পরাহত। তারা ভেবেছিল অন্তর্বর্তী সরকার দ্রুত নির্বাচন দিবে কিন্তু সেটা হচ্ছে না।
বিএনপি প্রস্তাব করেছিল সংস্কার করে নির্বাচন দিতে হবে, সংস্কারের বেড়াজালে আওয়ামী লীগ নির্বাচনে আসতে পারবে না। সুতরাং তারাই ক্ষমতায় যাবে। কিন্তু সংস্কার সুদূর পরাহত। এটি অন্তর্বর্তী সরকার করতে পারছে না। হয়ত তারা সংস্কারের নামে কালক্ষেপণও করতে পারে। এবার বিএনপি বলেছে পুরাপুরি সংস্কার না করে আংশিক সংস্কার করে যেন নির্বাচন দেয়া হয়। কিন্তু সমন্বয়কেরা বা ছাত্ররা বলেছে আন্দোলন করে ক্ষমতায় আছি আমরা আবার কেন বিএনপির হাতে ক্ষমতা তুলে দেব। মোটামোটি বিএনপি বুঝে গেছে তাদের ক্ষমতা যাওয়ার স্বপ্ন অনেকটা গুড়েবালি। এবার তারা উঠে পড়ে লেগেছে। তারা অন্তর্বর্তী সরকারকে হুমকি দিচ্ছে। বিএনপিকে নির্বাচন থেকে দূরে রাখার ষড়যন্ত্র চলছে। বিএনপি বলছে, এর পরিণাম কিন্তু ভালো হবে না। বিএনপি ছাড়া অন্য রাজনৈতিক দল যেগুলো আছে যারা ছাত্রদের এই আন্দোলনকে সমর্থন করছে। তাদের কিন্তু জোরালো কোন বক্তব্য নেই। কারণ তারা জানে তারা প্যাডসর্বস্ব দল, টেলিভিশন সংবাদ মাধ্যমে বক্তব্য দেয়া ছাড়া তাদের কোন কর্ম নাই। জনসমর্থনও নাই। এদিকে জামাত খুব উচ্ছ্বসিত। তারা প্রায় প্রতিদিনই মিটিং মিছিল সমাবেশ করছে। চুরি-ডাকাতি, লুটপাট ভাংচুর ও করছে এই দলের কর্মী সমর্থকেরা। তবে তাদের একটা বাড়তি সুবিধা রয়েছে এই আন্দোলনে তারা সমস্ত ইসলামী দল, মৌলবাদী সংগঠন, জঙ্গীবাদী সংগঠন হেফাজতী ইসলাম সকলে মিলে মিশে এই আন্দোলন করছে।
সুতরাং তারাও আশাবাদী ক্ষমতার অংশীদার হতে। যদিও বর্তমান অন্তর্বর্তী সরকারের প্রায় সব জায়গাতে জামাতপন্থীদের বসিয়ে দেওয়া হয়েছে। তারা সরকারী ক্ষমতার স্বাদ কিছুটা উপভোগ করছে। কিছু কিছু জায়গায় অন্তর্বর্তী সরকার বিএনপিকে পুনর্বাসিত করছে সেই সুবাদে বিএনপি নেতারা সরকারের উপদেষ্টাদের সাথে ব্যক্তিগত সখ্যতাও গড়ে তোলার চেষ্টা করছে। সবকিছু মিলিয়ে দেশে যে আবহ তৈরী হয়েছে জামাত বিএনপির জন্য এখন বাংলাদেশ স্বর্গরাজ্য। দু'দলের লোকজন যা খুশি তা করে যাচ্ছে। সারা দেশে হত্যা ধর্ষণ, লুটপাট, চুরি-ডাকাতি, ছিনতাই সমান তালে চলছে। প্রতিদিন কোন কোন জায়গায় গোলাগুলি হচ্ছে প্রকাশ্যে। দিবালোকে মানুষ খুন হচ্ছে। আইন শৃংখলা বলতে কিছুই নাই। সন্ত্রাসীরা সন্ত্রাস করে পালিয়ে যেতে পারছে। এমনকি সারাদেশে বিভাগীয় শহরগুলোতে নেই কোন ট্রাফিক ব্যবস্থা। যানবাহনগুলি কোন নিয়ম কানুন মানছে না। লাইটের উল্টো দিকে গাড়ি চালিয়ে চলে যায়। সবচেয়ে সমস্যায় আছে দিনমজুর, খেটে খাওয়া মানুষ ও রিক্সাওয়ালারা। তাদের বলতে শোনা যায়, তারা আগের সরকারের আমলে ভালো ছিল। প্রতিদিন তাদের কামাই হতো হাজার থেকে বারশত টাকার মত। আর এখন কামাই করছে প্রতিদিন তিনশত থেকে চারশত টাকা মাত্র। আমদানী নির্ভরতা বেড়ে গেছে। রপ্তানী কমেছে। যার ফলে বাংলাদেশে ব্যাংকের রিজার্ভও নেমে এসেছে ২০ বিলিয়ন ডলারের নিচে।
দেশে প্রয়োজন একটি নির্বাচিত সরকার রাষ্ট্র ক্ষমতায় থাকা। অন্তর্বর্তীকালীন সরকার দেশে সুদূর প্রসারী কোন উন্নয়ন কর্মকাণ্ড ও তারা করতে পারবে না। তাছাড়া দাতা দেশগুলোও যে কোন অনুদান, ঋণ প্রদান করার ব্যাপারে তেমন আগ্রহী হবে না। একই ভাবে বিশ্বব্যাংক, এশিয়ান ডেভেলোপমেন্ট ব্যাংক, ইসলামী উন্নয়ন ব্যাংক সহ আর্থিক ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান গুলোও সুনির্দিষ্ট কোন প্রজেক্ট ছাড়া কোন ঋণ দেবে না। কারণ গণতান্ত্রিক সরকারের স্থিতিশীলতা থাকে তাদেরকে ঋণ প্রদান করলে সেই ঋণ ফিরে পাওয়ার শর্ত জুড়ে দেওয়া হয় কোন কারণে সরকার পরিবর্তন হলে পরবর্তী সরকার সেই ঋণ পরিশোধ করতে পারে। এখন প্রশ্ন হলো- ড. ইউনুসের নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকার আসলে কি চায়, তারা কি আদৌ কোন নির্বাচন দেবে নাকী দীর্ঘ মেয়াদী ক্ষমতা ধরে রাখবে? ক্ষমতায় এসে তারা সংস্কারের যে ঘোষণা দিয়েছে সেটি সম্পর্ণ করে যদি নির্বাচন দিতে চায় তাও অনেক সময় লেগে যাবে। সংস্কারের যে বিষয়টি বলা হচ্ছে যেমন নির্বাচন কমিশন সংস্কার, সংবিধান সংস্কার, পুলিশ প্রশাসন সংস্কার, দুদক সংস্কার আইন, শাসন ও বিচার বিভাগ সংস্কার এগুলো রাষ্ট্রের সর্বোচ্চ ক্ষমতা সম্পর্ণ এবং রাষ্ট্রের মৌলিক বিষয়ে কোন অনির্বাচিত অন্তর্বর্তী সরকার এটি করতে পারবে না। কারণ এ ব্যাপারে তারা অনভিজ্ঞ এর জন্য প্রয়োজন জাতীয় ঐক্যমত এবং পার্লামেন্ট। সুতরাং সংস্কার তো তারা কিছুই করতে পারবে না বরং সময় ক্ষেপণ ছাড়া আর কিছুই নয়।
আমি একজন রাজনীতির ছাত্র হিসেবে মনে করি, বাংলাদেশে নির্বাচন কমিশন ও সংবিধান সংস্কারের কোন প্রয়োজন নেই। আমাদের ৭২ এর সংবিধান এ অঞ্চলের একটি সেরা সংবিধান স্বাধীনতার পর পর ড. কামাল হোসেনের নেতৃত্বে এই সংবিধান প্রণীত হয়েছে। সুতরাং এটা নিয়ে কোন বিতর্ক নেই। তবে বার বার স্বৈরাচারী সরকার এবং গণতান্ত্রিক সরকার যারা ক্ষমতায় এসেছে তারা বার বার সংবিধানকে নিজের মত ব্যবহার করেছে বিশেষ সংশোধনী এনে। একই ভাবে আমাদের নির্বাচন কমিশন আইনও খুব শক্তিশালী নির্বাচনী আইন অনুচ্ছেদগুলিও খুব স্পষ্টও পরিষ্কার। কিন্তু যখন যারা ক্ষমতায় এসেছে নিজেদের ক্ষমতার প্রভাব খাটিয়ে নির্বাচন কমিশনার নিয়োগ দেওয়া হয়েছে ঠিক সে ভাবে কমিশন সরকারের অনুগত কমিশনে পরিণত হয়েছে। যেমন জিয়াউর রহমান, এরশাদ, বেগম জিয়া সর্বশেষ শেখ হাসিনা সকলের একই প্রবণতা ছিল বলে কমিশনের ইমেজই প্রশ্ন বিদ্ধ হয়ে উঠেছে। যদি তারা সকলে চাইত যে ক্ষমতা থেকে তারা শতভাগ নিরপেক্ষ নির্বাচন করবেন, প্রশাসন নিরপেক্ষ রাখবেন, পুলিশ প্রশাসন রাখবেন, অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থাগুলো নিরপেক্ষ থাকবে যে রকম ভারতের নির্বাচন কমিশন কত শক্তিশালী তা আমরা জানি। যদি ক্ষমতাসীন সরকার গুলি তাদের অনৈতিক মনোভাব পরিহার করতে পারে তা হলে দেশে সুষ্ঠু নির্বাচন সম্ভব। কোন প্রয়োজন নেই সংস্কারের।
লেখক: রাজনীতিক।


LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

# ব্যাথার যন্ত্রনায় ভুগছেন ? আর কোন চিন্তা নয়!

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রেই আছে ২০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ফিজিক্যাল থেরাপির বিশ্বস্ত প্রতিষ্ঠান!

## প্লাস ফিজিক্যাল থেরাপি পিসি

## PLUS PHYSICAL THERAPY PC

**40-16 74th street Elmhurst, NY 11373**

*আমরা অভিজ্ঞ মহিলা থেরাপিস্ট দ্বারা যত্নসহকারে মহিলা এবং পুরুষ রোগীদের ১০০ শতাংশ সেবা দিয়ে থাকি।*





যে কোন ধরনের ব্যাথা নিরাময়ের জন্য আমাদের এখানে এসে সম্পূর্ণ সুস্থ ও নিরাময় বোধ করুন।

বিস্তারিত জানতে কল করুন

**তাহেরা রহমান : ৬৪৬-৮৭২-৯৭৬৮**

---

## SECI
Sonali Exchange Co. Inc.

**Secure, Fast, Reliable**



### বিনা খরচে বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

**রবিবার জ্যাকসন হাইটস, জ্যামাইকা ও ব্রঙ্কস শাখা খোলা থাকে**

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনা
- আমরা ৩০ বছর যাবত আপনাদের সেবা দিয়ে যাচ্ছি

ঘরে বসে টাকা পাঠতে আপনার মোবাইল থেকে

**Sonali Exchange Mobile App**

ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন

যোগাযোগ - ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জে এর মাধ্যমে রেমিটেন্স প্রেরণ করুন
দেশের অর্থনৈতিক উন্নয়নে অংশীদার হোন

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগা করুন

| | | | |
|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 |
| BRONX 718-882-1081 | JAMAICA 374-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 |
| | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 | |

**সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক**

**SONALI EXCHANGE CO. INC.**

সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান

LICENSE IS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, IF-------

আমাদের সার্ভিস নিন -আপনাকে সেবা করার সুযোগ দিন

# NY INSURANCE

BROKEAGE INC.

NY I
NY INSURANCE BROKERAGE

TLC INSURANCE SPECIALIST

718 476-2025

# NY CAR & LIMO

SERVICES INC

NY CAR & LIMO SERVICES INC B02902

BLACK & GREEN CAR BASE

718 727 4444

# BEGINNER'S

DRIVING ACADEMY

YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY

929 244-7730

# DMV EXPRESS

PLATES
NEW, SURRENDER & TRANSFER

TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST

REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER

929-244-7730

EXCELSIOR


Five Star Banquet Hall
5 BANQUET
5 BANQUET
RESTAURANT
ফাইভস্টার ব্যানকুইট
আভিজাত্যের প্রতিষ্ঠান
> Weddings > Events > Catering
> আমাদের শেফ বাংলাদেশী
> আমরা হালাল ফুড পরিবেশন করি
> আমরা বাংলা সহ সব ভাষায় কথা বলি
13-05 43rd Ave
Queens, NY 11101
718-704-4243
718-784-8484
www.5starbanquethall.com
উৎসব হোক
জমজমাট
খাবার হোক
মনোমুগ্ধকর
ফাইভস্টার ব্যানকুইট হল


GOLDEN AGE HOME CARE
GOLDEN AGE HOME CARE
হোম
সর্বোচ্চ
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
বাড়ী ভাড়া বাবদ সরকার থেকে প্রতিমাসে ৮০০ ডলার পেতে সহায়তা করা হয়।
প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে আপনজনকে সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
• Salary & Benefits
• Weekly Payments
• Direct Deposit
Shah
আমাদের নিজস্ব PCA ও HHA
JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115
BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834


কেয়ার
ন্টের নিশ্চয়তা
A AND CDPAP SERVICE
সর্বাধিক জনপ্রিয়
ম হেল্থ কেয়ার এজেন্সী
ontact
Nawaz MBA
t & CEO
591-8396
ং স্কুল আছে
FFICE
e Ave
1432
820
4115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903






## শাপলা ওয়েলফেয়ারের ইফতার ও দোয়া মাহফিল

৩ পৃষ্ঠার পর

ফারুক হোসেন মজুমদার, উপদেষ্টা আবুল কাশেম, সাবেক সভাপতি নুরুল হাসান, বাংলাদেশ সোসাইটির সাবেক কোষাধ্যক্ষ নওশাদ হোসেন, বাংলাদেশ সোসাইটির কার্যকরি সদস্য এ বি সিদ্দিক পাটোয়ারি, সংগঠনের কার্যকরি সদস্য ও রূপসী চাঁদপুর কাউন্সিলের সাবেক সভাপতি মামুন মিয়াজি, বৃহত্তর কুমিল্লা সমিতির সাবেক সাধারণ সম্পাদক মোহাম্মদ আনোয়ারুল ইসলাম, সংগঠনের সিনিয়র সহ-সভাপতি মোহাম্মদ মোস্তফা ফিরোজা, সহ-সভাপতি আলমগীর হোসেন প্রমুখ।

ইফতার ও দোয়া মাহফিলের অন্যান্যের উপস্থিত ছিলেন কার্যকরি সদস্য রহিম চৌধুরী, প্রচার সম্পাদক মোহাম্মদ জহিরুল ইসলাম, ক্রীড়া সম্পাদক আবু জাফর, সাংগঠনিক সম্পাদক এক উদ্দীন রাজিন, অর্থ সম্পাদক মোহাম্মদ ওমর ফারুক, সহ অর্থ সম্পাদক ফয়সাল আহমেদ রিপন, বীর মুক্তিযোদ্ধা ফারুক হোসেন, ইশতিয়াক রুমি, শাহাদাত হোসেন রাজু প্রমুখ। অনুষ্ঠানে মুসলিম বিশ্বের সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করে দোয়া করা হয়।

সভাপতি ওয়াসিম উদ্দীন ভূইয়া ইফতার ও দোয়া মাহফিল সফল করার জন্য সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়।

বাড়ী ক্রয়ের এখনই সঠিক সময়!

SELL YOUR PROPERTY FASTER WITH TOP $$$

Resdential, Commercial, Foreclosure HUD Sale, Short Sale Specialist.

20 Years Experience

BUY - SELL - RENT



আপনার বাড়ীর Free Market Analysis and Consultation এর জন্য যোগাযোগ করুনঃ

মোহাম্মদ সেলিম রেজা
Lic. Real Estate Sales Person
আমরা বাংলায় কথা বলি
ফোনঃ 929-393-7331



Mohammad Salim Reza (MBA)
NYC Licensed Realtor, Professional/ Couteous!
Tel. 929-393-7331
Email: mrezarealtor@gmail.com

EXIT REALTY PRIME
189-10 Hillside Ave, Suite E, Queens, NY 11423
Office: 718-262-0205, Fax: 718-262-0254




## 'আইস এজেন্ট' দিয়ে সয়লাব করে দেয়া যায়

৩ পৃষ্ঠার পর

অভিযানকে সহযোগিতা করায় তাঁর প্রশংসা করা হয়। ট্রাম্প প্রশাসন অভিবাসন ক্র্যাকডাউনে সহায়তার বিনিময়ে মেয়র অ্যাডামসের দুর্নীতির মামলাটি বাদ দেবে এমন বিষয়টি হোমান অস্বীকার করেছেন। তিনি বলেন, 'আমি নভেম্বর থেকে তার সঙ্গে কথা বলছি এসব নিয়ে আমার কোনও সম্পর্ক নেই। হোমান আরও প্রকাশ করেছেন যে, তিনি এই সপ্তাহে আবার অ্যাডামসের সাথে দেখা করবেন, যা হবে তাদের তৃতীয় বৈঠক। তিনি বলেন, মেয়র অনেক প্রতিশ্রুতি দিয়েছেন, আমরা কিছু বিষয় নিয়ে কাজ করছি, আমি এই মুহূর্তে সব আপনাদের সঙ্গে শেয়ার করতে পারবো না।

আলবানিতে থাকাকালীন সময়ে হোমানকে জিজ্ঞাসা করা হয়েছিল যে তিনি গভর্নর হোকুলের সাথে দেখা করবেন কিনা, তিনি উত্তর দিয়েছেন, 'তিনি আমার নম্বর জানেন।'

VISA VISA VISA VISA VISA VISA VISA VISA VISA



- Canada Visa Processing
- UK Visa Processing
- USA Visa Processing
- India Visa Processing
- Dubai Visa Processing
- Saudia Visa Processing
- Australia Visa Processing
- Thailand Visa Processing
- Schengen Visa Processing




- সৌদি ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা

আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা এপ্লিকেশন প্রসেস করি

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

Phone: 917-396-4140, 917-592-7828
7305 37th Road, Jackson Heights, NY 11372
* Visa Issued by Consulate General

VISA VISA VISA VISA VISA VISA VISA VISA VISA


বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি
সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা
ইন্ডিয়া মাল্টিপল / মেডিকেল ভিসা
১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা
USA 5 YEARS MULTIPLE TOURIST VISA
দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
SCHENGEN TOURIST VISA
এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ
BANGLA TRAVELS JACKSON HEIGHTS, NEW YORK
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
*Visa Issued by Consulate General
NEW YORK OFFICE
7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com
DHAKA OFFICE
NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

## কাদেরের কললিস্টে নায়িকাদের সয়লাব

১ পৃষ্ঠার পর

মডেলের ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হওয়া ছিল নিয়মিত ঘটনা। যাতে প্রকাশ পেত অনেক নায়িকার সঙ্গে তার নিবিড় সম্পর্কের রসায়ন। এসব নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে নিয়মিত আলোচনা-সমালোচনা হতো নেটিজেনদের মুখে। কিন্তু প্রকাশ্যে সেগুলো নিয়ে কেউ কথা বলতে সাহস করতো না।

পালিয়ে যাওয়ার পর থেকে কাদেরকে নিয়ে একের পর এক চাঞ্চল্যকর তথ্য বেরিয়ে আসছে। সর্বশেষ গেল ৫ আগস্টও ওবায়দুল কাদেরের ব্যক্তিগত ফোন নম্বরটি দুপুর ২টা ৪২ মিনিটে ফোন ট্র্যাক লোকেশন ছিল মোহাম্মদপুর।

এবার সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে প্রকাশিত হলো তার একটি কললিস্ট। ওই কললিস্ট অনুযায়ী ৫ আগস্টের আগে-পরে দুই মাসে অসংখ্য নম্বরে কথা বলেছেন কাদের। সেখানে অনেক নায়িকা, মডেল, অভিনেত্রী ও নেত্রীদের সঙ্গে যোগাযোগ রাখার বিষয়টি উঠে এসেছে।

ওই কললিস্ট অনুযায়ী নায়িকা কেয়া, মিস বাংলাদেশ ফারজানা, অ্যানজেলা এলিসনহ মডেল নায়িকারা যেমন আছেন। তেমনি ফোন দিয়েছেন ময়মনসিংহের নেত্রী কবিতাকেও।

আরেক বেসরকারি টেলিভিশনের তথ্যানুযায়ী জানা যায়, ৫ আগস্ট ওবায়দুল কাদের নায়িকা সোহানা সাবাসহ প্রয়াত নায়িকা মেঘলার সঙ্গেও একাধিকবার যোগাযোগ করেন।

ওবায়দুল কাদেরের ৫ আগস্টসহ আগের এবং পরবর্তী সময়ের কললিস্টের সিডিআর কপির আংশিক প্রকাশ করে প্রবাসী সাংবাদিক জাওয়াদ নির্ঝর। এই সিডিআর কপি বের হওয়ার পর থেকে সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল ওবায়দুল কাদেরের কললিস্ট। এর আগে দেশের বিভিন্ন লোকেশনে ওবায়দুল কাদের আছেন বলে সামাজিক যোগাযোগমাধ্যমে একাধিকবার খবর ছড়িয়ে পড়ে।

কোথাও কোথাও আইনশৃঙ্খলা বাহিনী অভিযানও চালিয়েছে। তবে কোথাও মেলেনি তার খোঁজ। গুঞ্জন আছে, অন্যান্য নেতাদের মতো দেশ ছেড়ে পালিয়েছেন ওবায়দুল কাদেরও। তিনিও ভারতে আছেন।

তবে সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে ওবায়দুল কাদেরের ব্যবহৃত সিমের লোকেশন ও কললিস্ট ভাইরাল হয়েছে। তবে ওই কল লিস্টের সত্যতা নিশ্চিত করা যায়নি। ভাইরাল ওই তালিকায় দেখা যায়, সর্বশেষ ৫ আগস্টের দিন দুপুর ২টা ৪২ মিনিটে তার ফোন ট্র্যাক লোকেশন ছিল মোহাম্মদপুর।

## সুরা আর রাহমান কোরআনের প্রসিদ্ধ একটি সুরা

২৫ পৃষ্ঠার পর

কিছু লোক আছে, যারা আল্লাহর প্রতি কৃতজ্ঞ থাকার পরেও অস্বীকার করে; যারা তাদের চারপাশে তাকিয়ে দেখে না, তাদের অসংখ্য নেয়ামত দেওয়ার পরে ও তারা কৃতজ্ঞ হওয়ার প্রয়োজন অনুভব করে না। তাদের উদ্দেশ্যে আল্লাহ বলেছেন 'তোমরা আর কত অকৃতজ্ঞ হবে?' আল্লাহ বলছেন, 'তোমরা আর কোন কোন নিয়ামতকে অস্বীকার করবে?'

প্রথমটি হলো কোরআন। আল্লাহ কোরআনকে শিক্ষাদানের জন্য উপহার দিয়েছেন। আর রহমান, তিনি শিক্ষা দিয়েছেন কোরআন-এটাই হলো এর প্রথম সারকথা। যারা এই কিতাবের বিষয়কে অস্বীকার করে, তারা কোনো কিছুর বিষয়কেই স্বীকার করে না। তারা তাদের চারপাশের প্রশংসা করে না। অথচ আমাদের ঘিরে আছে আল্লাহর সৃষ্টি করা চাঁদ, সূর্য, নক্ষত্র এবং গাছপালায় সজ্জিত অনুপম পৃথিবী।

তৃতীয় বিষয় মূলত বিচার দিবস। সেদিন তিনি মানুষ ও জিনকে একত্র করবেন। 'সানাফরুগু লাকুম আইয়ুহাছ ছাকালান'। বিশাল জমায়েত ও দুটি বিপুল গোষ্ঠীকে তিনি একত্রে উপস্থিত করবেন। বিচার দিবস শুরু হয়ে গেছে। আকাশ বিদীর্ণ হয়ে পড়ছে, পৃথিবী বিচূর্ণ হয়ে যাচ্ছে-এমন মহাপ্রলয়ের বর্ণনা দেওয়া হয়েছে।

অপরাধীরা তখন ছুটে পালাচ্ছে। অপরাধীদের জিজ্ঞেসও করতে হচ্ছে না। চেহারা ও অবস্থা দেখেই তাদের চেনা যাচ্ছে। তারপর জিজ্ঞাসাবাদ শুরু হবে। অপরাধীদের হিঁচড়ে জাহান্নামের আগুনে নিক্ষেপ করা হবে। এটি এ সুরার নিকরুণ চিত্র। অনেকের মনেই প্রশ্ন জাগতে পারে যে সুরা আল্লাহর নাম 'আর রাহমান' দিয়ে শুরু করলেন-তিনি পরম ক্ষমাপরায়ণ, মহাশীল ও দয়াপুরুষে সুরার মাঝখানে তিনি জাহান্নামের একটা ভয়ংকর চিত্র তুলে ধরলেন কেন? আসলে এটি আল্লাহর করুণা প্রদর্শনের একটি পথরেখা। কারণ জাহান্নাম আছে। তাই আগে থেকেই জাহান্নাম সম্পর্কে জানা থাকা প্রয়োজন, যাতে আমরা এর থেকে আল্লাহর দয়া পেতে পারি। এই দয়াই তো আল্লাহর দেওয়া উপহার। আগে জানা থাকলে নিজেকে আমরা এর থেকে রক্ষা করতে পারি। জাহান্নামের পরে জান্নাতের বর্ণনার শুরু। 'আর যে তার রবের সামনে দাঁড়াতে ভয় করে তার জন্য রয়েছে দুটি জান্নাত।' প্রথমে আল্লাহ ভয় দেখিয়েছেন। তারপর বলছেন, সেই ভয় যদি আমাদের চিন্তাকে সরল পথে চালিত করতে পারে, তাহলে আছে জান্নাত।

এই সুরার জান্নাতের বর্ণনা দুটি অংশে ভাগ করে দেওয়া হয়েছে। প্রথম অংশে আছে কোরআন নাজিলের মহিমা বর্ণনা; দ্বিতীয় অংশে আল্লাহর দেওয়া দুনিয়ার উপহারের সৌন্দর্য বর্ণনা।

যারা আল্লাহর বর্ণনা করা এসব বিষয়কে অস্বীকার করে তাদের পরিণাম বিচার দিবসের পর জাহান্নামের আগুন। আর যারা তাঁর সতর্কবাণী শুনে ভয় পায় তাদের জন্য রয়েছে দুটি বাগান। এর পর বাগানের বর্ণনার শুরু। সে বাগানে আছে চমৎকার সব ফলফলাদি, আনতনয়না তরুণী, আর উচ্ছল ঝরনাধারা।

তারপর বলা হয়েছে সেখানে থাকবে পবিত্র ও মনোরমা নারী। তাঁবুর জেনানায় থাকবে হুর, যাদেরকে কেউ কখনো স্পর্শ করেনি। ওরা বসবে সুন্দর গালিচা বিছানো সবুজ চাদরে হেলান দিয়ে। এটি দ্বিতীয় জান্নাতের বর্ণনা।

দুনিয়া ও আখিরাতে আল্লাহর নিয়ামতের কথা স্মরণ করিয়ে দিয়ে এই সুরায় বান্দাদের আল্লাহর প্রতি ঈমান আনার আহ্বান জানিয়েছেন।


MLS

York Holding Realty
Licensed Real Estate Broker
Over 20 Years Experience in Real Estate Business



Zakir H. Chowdhury
President

■ Now Hiring Sales Persons
■ Free Training (Free course fees for selected people)
■ Earn up to 300K Yearly

Call Us: 718-255-1555 | 917-400-3880

We are Specialized in Residential, Commercial, Industrial, Bank Owned, Co-op, Condo, Buying-Selling & Rentals

718-255-4555
zchowdhury646@gmail.com
www.yorkholdingrealty.com

70-32 Broadway, Jackson Heights NY-11372





MD Golam Mostofa, ESQ.
NY State Attorney

LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.

- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

Address:
Queens: 148-45 Hillside Ave, Jamaica, NY 11435
Long Island: 405 Elm Dr, Roslyn, NY 11576

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com


## হান্ড্রেডেও দল পাননি বাংলাদেশের কেউ

৫২ পৃষ্ঠার পর

গড়াবে ৫ আগস্ট থেকে। তার আগে যে আগাটা বদলায় কি না, সেটার জন্য আগ্রহ ছিল ড্রাফটে। তবে তাদের কেউই দল পাননি, ফলে ইতিহাসটাও বদলাল না। সাকিব আল হাসান-রিশাদ হোসেনদের প্রতি আগ্রহ দেখায়নি কোনো ফ্র্যাঞ্চাইজি। ড্রাফটে নাম দিয়েছিলেন ২৯ বাংলাদেশি ক্রিকেটার। তাদের মধ্যে সবচেয়ে বেশি দাম ছিল সাকিব আল হাসানের। এই অভিজ্ঞ অলরাউন্ডারের দাম ছিল ১ লাখ ২০ হাজার পাউন্ড, যা ছিল এই টুর্নামেন্টের নিলামের দ্বিতীয় সর্বোচ্চ ভিত্তিমূল্যের ক্যাটাগরি। তবে সাকিবের প্রতি কেউ আগ্রহই দেখায়নি।

৬৩ হাজার পাউন্ড ভিত্তিমূল্য ছিল লেগ স্পিনার রিশাদ হোসেনের। ৫২ হাজার পাউন্ড ভিত্তিমূল্য ছিল লিটন দাসের, সঙ্গে তাওহীদ হৃদয় ও স্পিনার শেখ মেহেদীরও। ৪১ হাজার ৫০০ পাউন্ড ভিত্তিমূল্য ছিল তানজিদ হাসান তামিম, নাহিদ রানা, তানজিম হাসান সাকিব ও শরিফুল ইসলামের।

নির্দিষ্ট ভিত্তিমূল্য ছাড়াদের ক্যাটাগরিতে ছিলেন বাংলাদেশের আরো ২০ ক্রিকেটার- খালেদ আহমেদ, মামুন আহমেদ, আমিন আল ইসলাম, জাকের আলী অনিক, এনামুল হক বিজয়, ইবাদত হোসেন চৌধুরি, জাকির হাসান, নাইম হাসান, শামীম হোসেন পাটোয়ারি, আফিফ হোসেন, মুমিনুল ইসলাম মুন্না, তাইজুল ইসলাম, শহিদুল ইসলাম, কামরুল ইসলাম রাব্বি, হাসান মাহমুদ, রুবেল মিয়া, মেহেদী হাসান মিরাজ, সৌম্য সরকার, রনি তালুকদার ও মোহাম্মদ সাইফউদ্দিন। তাদের কারো ভাগ্যেই অবশ্য শিকে ছেঁড়েনি।

## জনপ্রিয়তা কমছে মেসির

৫২ পৃষ্ঠার পর

ফুটবলপ্রেমীরা এতে সন্তুষ্ট নন। বিশেষ করে হিউস্টন ডায়নামোর বিপক্ষে ম্যাচে মেসির না খেলার কারণে ক্ষুব্ধ সমর্থকদের জন্য পরবর্তী ম্যাচের ফ্রি টিকিট অফার করতে বাধ্য হয়েছে ক্লাবটি। অন্যদিকে, সামাজিক যোগাযোগমাধ্যমেও ক্ষোভের বহিঃপ্রকাশ ঘটছে।

একটি গবেষণা প্রতিষ্ঠান, সেন্টিমেন্টর ডাটার বিশ্লেষণে দেখা গেছে, গত এক মাসে সামাজিক যোগাযোগমাধ্যম প্লাটফর্ম 'এক্স'-এ মেসিকে নিয়ে করা পোস্টের ২৪ শতাংশই নেতিবাচক, যা গত এক বছরের মধ্যে সর্বনিম্ন জনপ্রিয়তা সূচক।

ইতিবাচক পোস্টের হার মাত্র ১২ শতাংশ, যা আগের যে কোনো সময়ের তুলনায় কম।

এর আগে, ২০২৪ সালের জুলাইয়ে কোপা আমেরিকায় আন্তর্জাতিক দায়িত্ব পালনকালে মেসি গোড়ালির ইনজুরিতে পড়ার পরও তার নেতিবাচক পোস্টের হার ২৪ শতাংশে পৌঁছেছিল, তবে তখনও ইতিবাচক পোস্ট ছিল ১৮ শতাংশ। এবার সেই ইতিবাচক হার আরও কমে যাওয়ায় তার জনপ্রিয়তার নিম্নমুখী ধারা স্পষ্ট হয়ে উঠেছে।

সেন্টিমেন্টর ডাটার মুখপাত্র স্যাম সোনওয়েল বলেন, 'গত কয়েক সপ্তাহ মেসির জন্য সহজ ছিল না, তবে এমএলএস ভক্তরা তার প্রতি কোনো সহানুভূতি দেখাচ্ছেন না।

বরং এক্স-এ তার মাঠে না নামা নিয়ে ক্ষোভ প্রকাশ করছেন। গত এক মাসে যুক্তরাষ্ট্রে মেসিকে নিয়ে করা পোস্টের ২৪ শতাংশে নেতিবাচক, যা ফেব্রুয়ারিতে ছিল ১৬ শতাংশ। এটি গত এক বছরে তার বিরুদ্ধে সবচেয়ে বেশি নেতিবাচক প্রতিক্রিয়া। মার্চ মাসে মাত্র ১২ শতাংশ পোস্ট তার পক্ষে গেছে, যা তার জনপ্রিয়তার নতুন নিম্নস্তর। এমএলএস ভক্তদের মন জয় করতে হলে মেসিকে নজরকাড়া পারফরম্যান্স দেখাতে হবে।'

তবে ইন্টার মায়ামি এখনো পর্যন্ত ২০২৫ মৌসুমে অপরাজিত রয়েছে, ছয় ম্যাচের মধ্যে একটিতেও হারেনি দলটি। বৃহস্পতিবার কনকাকাফ চ্যাম্পিয়নস কাপের শেষ ষোলোর দ্বিতীয় লেগে জ্যামাইকান ক্লাব ক্যাভালিয়ারের বিপক্ষে মাঠে নামবে দলটি। তবে সেই ম্যাচে মেসি খেলবেন কি না, তা এখনো অনিশ্চিত। এরপর রোববার তাদের প্রতিপক্ষ আটলান্টা ইউনাইটেড।

## নির্বাচন থেকে সরে দাঁড়ালেন রোনালদো

৫২ পৃষ্ঠার পর

করেছিলেন রোনালদো। তবে ব্রাজিলের ফুটবল নেতৃত্বের সঙ্গে আলোচনা করার পর তিনি তার প্রার্থিতা প্রত্যাহার করে নেন। তিনি বলেন, 'আমি আগামী নির্বাচনে সিবিএফ প্রেসিডেন্ট হওয়ার ইচ্ছা প্রকাশ করেছিলাম। কিন্তু এখন আমি আনুষ্ঠানিকভাবে আমার প্রার্থিতা প্রত্যাহার করছি। যদি সিদ্ধান্তগ্রহণের ক্ষমতাসম্পন্ন সংখ্যাগরিষ্ঠ অংশ মনে করে যে ব্রাজিলিয়ান ফুটবল ভালো হাতে রয়েছে, তাহলে আমার মতামত কোনো গুরুত্ব বহন করে না।'

শেষ কয়েক বছর ধরে ব্রাজিলিয়ান ফুটবল কঠিন সময় পার করছে। রোনালদো তাই নেতৃত্বে পরিবর্তন আনার ব্যাপারে আগ্রহী ছিলেন। এর আগে গুঞ্জন ছিল যে, তিনি ম্যানচেস্টার সিটির কোচ পেপ গার্দিওলাকে ব্রাজিল জাতীয় দলের কোচ হিসেবে নিয়োগ দেওয়ার চেষ্টা করবেন।

তবে নির্বাচনী লড়াই থেকে সরে দাঁড়ানোর কারণ ব্যাখ্যা করে রোনালদো বলেন, 'আমি যখন ২৭টি আঞ্চলিক ফেডারেশনের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করি, তখন ২৩টি ফেডারেশন আমাকে স্বাগত জানাতে অস্বীকৃতি জানায়। তারা জানায় যে বর্তমান প্রশাসন নিয়ে তারা সন্তুষ্ট এবং পুনর্নির্বাচনকেই সমর্থন করছে। আমি আমার প্রকল্প উপস্থাপন করতে পারিনি, আমার ধারণাগুলো তাদের জানাতে পারিনি, যেখানে ভেবেছিলাম সেভাবে কথা বলারও সুযোগ পাইনি।'

'ফেডারেশনগুলোর সবচেয়ে গুরুত্বপূর্ণ ভোট রয়েছে, এবং এটা স্পষ্ট যে এখানে প্রতিদ্বন্দ্বিতার কোনো সুযোগ নেই। বেশিরভাগ রাজ্য নেতারা অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্টকে সমর্থন করছেন, এটি তাদের অধিকার, এবং আমি সেটিকে সম্মান জানাই, যদিও আমার বিশ্বাস ভিন্ন।'

এদিকে, রোনালদোর অধীনে থাকা রিয়াল ভায়াদোলিদ ক্লাবও খুব ভালো নেই। লা লিগার নিচের সারিতে অবস্থান করছে দলটি এবং ইতোমধ্যে দুইজন কোচ বরখাস্ত করা হয়েছে। সমর্থকরা তাকে ক্লাব ছেড়ে দেওয়ার দাবি তুলেছে। রোনালদো নিশ্চিত করেছেন যে, তিনি ক্লাব বিক্রি করতে চান, তবে এখনও উপযুক্ত প্রস্তাব পাননি যা তার শর্ত পূরণ করতে পারে। কে জানে তার ক্লাবের এমন দুরবস্থা তার সমর্থন না পাওয়ার পেছনে কাজ করেছে কি না!

## 'সাইলেন্ট কিলারের' নীরব প্রস্থান

৫২ পৃষ্ঠার পর

ছাড়লেন রঙিন পোশাকের মায়া। ওয়ানডে অধ্যায়ের ইতি টানলেন ২৩৯টি ম্যাচ খেলে। সুযোগ করে দিয়ে গেলেন তরুণদের জন্য। অথচ, মাহমুদউল্লাহর ক্যারিয়ারটা কেবলই সেক্রিফাইসের। টপ অর্ডারের চেয়েও ভালো মানের ব্যাটার হয়েও ৭ ও ৮ নম্বরে ব্যাট করে গেছেন তিনি। কখনো চেয়ে নিয়ে উপরে উঠে ব্যাট করেননি। ৭ ও ৮ নম্বরে টেইলেন্ডারদের নিয়ে ব্যাট করা যেখানে সবচেয়ে কঠিন কাজ; সেই কঠিন কাজটাকেই বেছে নিয়েছেন তিনি। দলের উইকেট পতনের মিছিলে শেষে ঢাল হয়ে দাঁড়িয়ে প্রতিরোধ গড়ে তুলেছেন। কখনো ফিনিশিং টেনে দলকে জিতিয়েছেন।

দীর্ঘ ওয়ানডে ক্যারিয়ারেও সেই ছাপ স্পষ্ট। ২০০৭ সালে অভিষেকের পর দেশের হয়ে ২৩৯টি ওয়ানডে খেলে ৩৬ গড়ে তার রান ৫ হাজার ৬৮৯। এর মধ্যে ৩২ ফিফটি ও চার সেঞ্চুরি, যার সবকটিই আবার এসেছে আইসিসি ইভেন্টে। যা বাংলাদেশি ব্যাটারদের মধ্যে সর্বোচ্চ। ব্যাটিংয়ের পাশাপাশি বল হাতে তার শিকার ৮২ উইকেট।

এ ছাড়া ৫০ টেস্ট খেলে প্রায় ৩৩ গড়ে করেছেন ২ হাজার ৯১৪ রান। যেখানে তার নামের পাশে ১৬ ফিফটির আর ৫ সেঞ্চুরি। বল হাতে শিকার করেছেন ৪৩ উইকেট। আর ১৪১টি টি-টোয়েন্টিতে ২৪ গড়ে করেছেন ২ হাজার ৪৪৪ রান। পাশাপাশি বল হাতে শিকার করেছেন ৪১ উইকেট। বাংলাদেশ দলকে নেতৃত্বও দিয়েছেন মাহমুদউল্লাহ। বাংলাদেশের ক্রিকেট ইতিহাসের সেরা ফিনিশার হিসেবে হয়তো মাহমুদউল্লাহ থেকে যাবেন বহু বছর। যখনই ক্রাইসিসে পড়বে দল তখন মনের অজান্তেই হয়তো মাহমুদউল্লাহর ছবি ভেসে উঠবে চোখে। হয়তো তখন আপনাআপনিই বলে উঠবেন; ইশ এখন যদি মাহমুদউল্লাহ থাকত!

মাহমুদউল্লাহকে সম্মান জানাল আইসিসি : আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় জানিয়েছেন মাহমুদউল্লাহ। বুধবার ফেসবুকে এক বার্তায় দেশের অন্যতম এই ব্যাটার জানান, আন্তর্জাতিক ক্রিকেটের পাঠ চুকিয়ে ফেলেছেন তিনি। এখন তাকে দেখা যাবে কেবলই ঘরোয়া ক্রিকেটে। ফেসবুকে এমন ঘোষণার পর থেকেই মাহমুদউল্লাহকে শুভেচ্ছা জানাচ্ছে তার সতীর্থ ও অনুরাগীরা। এবার ক্রিকেটের সর্বোচ্চ পর্যায় থেকেও সম্মান পেলেন মাহমুদউল্লাহ।

আইসিসি ইভেন্টে বাংলাদেশের অন্যতম পারফর্মার মাহমুদউল্লাহকে বিদায় বেলায় সম্মান জানিয়েছে আইসিসি। ৩৯ বছর বয়সি এই ক্রিকেটারকে বিদায়ী সম্মান স্বরূপ একটি ভিডিও প্রকাশ করেছে আইসিসি। যেখানে ২০১৫ বিশ্বকাপে অ্যাডিলেডে ইংল্যান্ডের বিপক্ষে সেঞ্চুরির পর শূন্যে উড়াল দিয়ে মাহমুদউল্লাহকে উদযাপন করতে দেখা গেছে।

আইসিসির প্রকাশিত ওই ভিডিওতে দেখা যায়, গ্যালারির উদ্দেশ্যে উড়ন্ত চুমু ছোড়েন মাহমুদউল্লাহ। মাহমুদউল্লাহর বিদায় বেলায় তার সেই কীর্তি সবাইকে দেখিয়ে বিশেষ সম্মান জানিয়েছে আইসিসি। যার ক্যাপশন দিয়েছে, 'বাংলাদেশের হয়ে ওয়ানডে খেলা মাহমুদউল্লাহর কাছে বিশেষ কিছু।'

উল্লেখ্য, ইংল্যান্ডের বিপক্ষে ২০১৫ ওয়ানডে বিশ্বকাপের সেঞ্চুরিটিই মাহমুদউল্লাহর প্রথম ওয়ানডে সেঞ্চুরি। একই বিশ্বকাপে নিউজিল্যান্ডের বিপক্ষে সেঞ্চুরি করেছেন তিনি। এরপর ওয়ানডেতে আরও দুটি সেঞ্চুরি করেছেন। সেই দুটিও এসেছে আইসিসি ইভেন্টে।

মাহমুদুল্লাহ ২০০৭ সালে অভিষেকের পর অবসর ঘোষণার আগে দেশের হয়ে ৫০ টেস্ট, ২৩৯ ওয়ানডে ও ১৪১ টি-টোয়েন্টি খেলেছেন। সবমিলিয়ে বাংলাদেশের জার্সিতে ৪৩০ ম্যাচ খেলে মাহমুদউল্লাহ করেছেন ১১০৪৭ রান। ১৮ বছরের আন্তর্জাতিক ক্যারিয়ারে ৩১.৮৩ গড়ে ব্যাটিং করেছেন। ৯ সেঞ্চুরির পাশাপাশি রয়েছে ৫৬ ফিফটি।

# রোজার প্রতিদান আল্লাহ নিজেই দেবেন

২৫ পৃষ্ঠার পর

যদি অনিচ্ছাকৃত পানি গলা দিয়ে পেটে চলে যায় তাহলে রোজা কাজা করতে হবে। কাফফারা ওয়াজিব হবে না। আর যদি রোজার কথা স্মরণই না থাকে, পানি মুখে নিয়ে খেয়ে ফেলে তাহলে রোজা ভাঙবে না [আতাতারখানিয়া ৩/৩৭৮]। নাক অথবা কানের মধ্যে তেল দেওয়ার দ্বারা রোজা ভেঙে যাবে। তবে কাফফারা ওয়াজিব হবে না [হেদায়া ১/২২০]। যদি কোনো ব্যক্তি কারও ধমকের কারণে অথবা ভুল করে যেমন রোজার কথা ভুলে গিয়ে পানাহার করে অতঃপর রোজা ভেঙে গেছে মনে করে ইচ্ছা করে পানাহার করল, তাহলে রোজা নষ্ট হয়ে যাবে এবং কাজা করা জরুরি [মুসান্নাফে ইবনে আবি শাইবা ৬/১৪৯]। পাথরের কণা, মাটি, ঘাস, কাগজ ইত্যাদি মোটকথা যা সাধারণ আহারযোগ্য নয় বা কোনো উপকারে আসে না তা খেলেও রোজা ভেঙে যাবে এবং কাজা করতে হবে [বাদায়েউস, ৪/৯৯]। দাঁত থেকে রক্ত বের হয়ে যদি থুথুর সঙ্গে ভেতরে চলে যায়। আর রক্তের পরিমাণ যদি থুথুর সমান বা বেশি হয় তাহলে রোজা ভেঙে যাবে [বোখারি ১/২৬০]। বিড়ি, সিগারেট, হুঁকা পান করলে রোজা ভেঙে যাবে এবং কাজা করা জরুরি [শামি ৩/৩৬৬]। কঠিন অসুস্থতার ফলে যদি কোনো মানুষ রোজা ভেঙে ফেলে, তাহলে শুধু কাজা করতে হবে। কাফফারা দেওয়া লাগবে না [তাবয়ীনুল হাকায়েক ২/১৮৯]। যদি কোনো ব্যক্তি ইচ্ছাকৃত রোজা ভেঙে ফেলে অতঃপর খুব অসুস্থ হয়ে যায় অথবা কোনো নারীর প্রিয়ড হয়, তাহলে শুধু কাজা করতে হবে। কাফফারা দেওয়া লাগবে না [হিন্দিয়া ১/২০৬]। রোজা অবস্থায় স্ত্রীর সঙ্গে তার স্বামী জোর করে সহবাস করলে স্ত্রীকে শুধু কাজা আদায় করতে হবে। কাফফারা নয় [আতারখানিয়া ৩/৩৯৪]।

যদি কোনো ব্যক্তি রোজা অবস্থায় সফর করে তার জন্য কোনো ওজর ছাড়া রোজা ভেঙে ফেলা অনুচিত। যদি ভেঙে ফেলে তাহলে শুধু কাজা জরুরি, কাফফারা নয় [আলমগিরি ১/২০৬]। যদি কোনো পুরুষের প্রস্রাবের রাস্তায় কোনো ওষুধ দেওয়া হয় আর অথবা তা পেট পর্যন্ত পৌঁছে, তাহলে রোজা ভেঙে যাবে অন্যথায় নয় [তাবয়ীনুল হাকায়েক ২/১৮৩]। কোনো নারীর লজ্জাস্থানে ওষুধ লাগানোর সঙ্গে সঙ্গেই রোজা ভেঙে যাবে [বাহরুর রায়েক ২/৪৮৮]।

ভঙ্গ হয় না যেসব কারণে : ভুল করে কোনো কিছু খেয়ে ফেললে রোজা ভঙ্গ হবে না [বোখারি শরিফ ১/২৫৯]। মশা-মাছি, কীটপতঙ্গ ইত্যাদি অনিচ্ছাকৃত পেটের ভেতর ঢুকে গেলেও রোজা ভাঙবে না [মুসান্নাফে ইবনে আবি শাইবা ৬/৩৪৯]। অনিচ্ছাকৃত বমি হলে [এমনকি মুখ ভরে হলেও] রোজা ভাঙবে না। তেমনি যদি মুখে এসে নিজে নিজেই ভেতরে চলে গেলেও রোজা ভাঙবে না [তিরমিজি ১/১৫৩]। রোজার কথা ভুলে গিয়ে পানাহার করলে রোজা নষ্ট হবে না। তবে রোজা স্মরণ হওয়ামাত্র পানাহার ছেড়ে দিতে হবে [মুসলিম ১/২০২]। দাঁত থেকে রক্ত বের হয়ে পেটের মধ্যে না গেলে রোজা ভাঙবে না [শামি ৩/৩৬৭]। কোনো খাদ্যদ্রব্য বুট বা ছোট ছোলার কম পরিমাণ যদি দাঁতের সঙ্গে লেগে থাকে ও গলার ভেতর চলে যায়, তাহলে রোজা ভাঙবে না [হিন্দিয়া ১/২০২]। হ্যাঁ, দাঁত থেকে বের করে হাতে নিয়ে ইচ্ছায় খেয়ে ফেললে রোজা নিশ্চিতভাবে ভেঙে যাবে [হিন্দিয়া ১/২০২]। অতিরিক্ত গরম বা পিপাসার কারণে যদি গোসলের মাধ্যমে শরীরকে ঠান্ডা করে তাহলেও রোজার কোনো ক্ষতি হবে না [হিন্দিয়া ১/২০৩]। কুলি করার পর পানির অবশিষ্ট আর্দ্রতা থুথুর সঙ্গে গিলে ফেললে রোজার কোনো ক্ষতি হবে না [হিন্দিয়া ১/২০৩]। ঘাম অথবা চোখের অশ্রুর দু-এক ফোঁটা যদি অনিচ্ছায় মুখে চলে যায়, তাহলে রোজা নষ্ট হবে না [হিন্দিয়া ১/২০৩]। কানের ময়লা বের করার দ্বারাও রোজা ভাঙবে না [মারাকিল ফালাহ ৩৪২]। যদি পান খাওয়ার পর খুব ভালোভাবে কুলি করার পরও রোজা অবস্থায় থুথুর সঙ্গে লাল রং বের হয়, তাহলে কোনো সমস্যা নেই [হিন্দিয়া ১/২০৩]। নাক এত জোরে সাফ করা, যার ফলে কফ গলার মধ্যে চলে যায়, তাহলেও কোনো সমস্যা নেই [দুররে মুখতার ৩/৩৭৩]। রোজা অবস্থায় আতর বা ফুলের ঘ্রাণ নিলেও কোনো সমস্যা নেই [মারাকিল ফালাহ, ৩৬১]। শরীর বা মাথায় তেল ব্যবহার করলে রোজা ভাঙবে না, বরং তা বৈধ [মুসান্নাফে আব্দুর রাজ্জাক ৪/৩১৩]। রোজা অবস্থায় অনিচ্ছাকৃত মুখের মধ্যে ধুলাবালি ঢুকে গেলে রোজা ভাঙবে না [দুররে মুখতার ৩/৩৬৬]। যদি রোজাদারের গোসল করার সময় অথবা বৃষ্টিতে ভেজার সময় কানের মধ্যে অনিচ্ছায় পানি চলে যায়, তাহলে সর্বসম্মতিক্রমে রোজা নষ্ট হবে না [ফাতহুল কাদির ২/৩৫৭]। সুস্থ অবস্থায় রোজার নিয়ত করার পর যদি অজ্ঞান, অচেতন বা পাগল হয়ে যায়, তাহলে রোজা নষ্ট হবে না [সুনানে কুবরা বায়হাকি ৪/২৩৫]।

সাহরিকরার ফজিলত : হজরত আবদুল্লাহ ইবনে আব্বাস (রা.) নবি (সা.) থেকে বর্ণনা করেন, তিনি বলেছেন, সেহরি খাওয়ার মাধ্যমে দিনের রোজা পূর্ণ করার জন্য সাহায্য নাও এবং দুপুরের ঘুমের মাধ্যমে রাতের নামাজের জন্য সাহায্য নাও।' (ইবনে মাজাহ : ১৬৯৩)। পেটে ক্ষুধা না থাকলেও সেহরি খাওয়া উচিত। হজরত আবু সাঈদ (রা.) থেকে বর্ণিত-হাদিসে নবি (সা.) বলেছেন, 'সেহরি খাওয়া বরকত। একে পরিত্যাগ করা না, যদিও এক ঢোক পানির মাধ্যমে হয়। আল্লাহ ও ফেরেশতারা সেহরি ভক্ষণকারীদের জন্য রহমতের দোয়া করেন।' (মুসনাদে আহমদ ইবনে হাম্বল : ১১১০১)। যদি কোনো ব্যক্তি সেহরি খাওয়া ছাড়াই রোজার নিয়ত করে নেয়, তথাপিও তার রোজা হয়ে যাবে। তবে সে সেহরির বরকত পাবে না। [শামি ৩/৪০০]।

ইফতারের ফজিলত : ইফতারের সময় হওয়ার সঙ্গে সঙ্গে ইফতার করা উত্তম। ইফতারের আগেই ইফতারি সামনে নিয়ে অপেক্ষা করা এবং যথাসময়ে ইফতার করা সুন্নাত। হাদিসে বর্ণিত হয়েছে, রোজাদারের দোয়া আল্লাহর কাছে এতই আকর্ষণীয় যে আল্লাহতায়ালা রমজানের সময় ফেরেশতাদের উদ্দেশে ঘোষণা করেন, 'রমজানে তোমাদের পূর্বের দায়িত্ব মওকুফ করা হলো এবং নতুন দায়িত্বের আদেশ করা হলো, তা হলো আমার রোজাদার বান্দারা যখন কোনো দোয়া মোনাজাত করবে, তখন তোমরা আমিন! আমিন!! বলতে থাকবে।' (মুসান্নাফে আবদুর রাজ্জাক)।

মহানবি (সা.) বলেছেন, 'রোজাদারের জন্য দুটি খুশি: একটি ইফতারের সময়, অপরটি আল্লাহর সঙ্গে সাক্ষাতের সময়।' (মুসলিম)। হাদিসে কুদসিতে মহান আল্লাহতায়ালা ঘোষণা করেন, 'আমার বান্দাদের মধ্যে তারা আমার বেশি প্রিয়, যারা দ্রুত ইফতার করে।' (তিরমিজি, আলফিয়াতুল হাদিস : ৫৬০, পৃষ্ঠা : ১৩১)।

কী দিয়ে ইফতার করব : খেজুর দিয়ে ইফতার করা সুন্নাত; যে কোনো ফল দ্বারা ইফতার করলেও সুন্নাত আদায় হবে। মিষ্টান্ন দ্বারা ইফতার করলেও সুন্নাত পালন হবে। রাসুলুল্লাহ (সা.) বলেন, 'তোমাদের কেউ রোজা রাখলে খেজুর দিয়ে যেন ইফতার করে, খেজুর না হলে পানি দ্বারা; নিশ্চয়ই পানি পবিত্র।' (তিরমিজি ও আবু দাউদ; আলফিয়াতুল হাদিস : ৫৬২, পৃষ্ঠা : ১৩১-১৩২)।

ইফতার করানোর সওয়াব : রাসুলুল্লাহ (সা.) বলেন, 'যে ব্যক্তি কোনো রোজাদারকে ইফতার করাবে, তার গুনাহ মাফ হয়ে যাবে, সে জাহান্নাম থেকে মুক্তি লাভ করবে এবং রোজাদারের সওয়াবের সমপরিমাণ সওয়াব সে লাভ করবে। তবে ওই রোজাদারের সওয়াব কম করা হবে না।' সাহাবায়ে কিরাম বললেন, 'ইয়া রাসুলুল্লাহ (সা.)! আমাদের অনেকেরই রোজাদারকে ইফতার করানোর সামর্থ্য নেই।' রাসুলুল্লাহ (সা.) বললেন, 'পানিমিশ্রিত এক পেয়ালা দুধ বা একটি খেজুর অথবা এক ঢোক পানি দ্বারাও যদি কেউ কোনো রোজাদারকে ইফতার করায়, তাতেও সে পরিমাণ সওয়াব পাবে। আর যে ব্যক্তি কোনো রোজাদারকে তৃপ্তিসহকারে আহার করাবে, আল্লাহতায়ালা তাকে আমার হাউজে কাউসার থেকে এমন পানীয় পান করাবেন, যার ফলে সে জান্নাতে প্রবেশ করার আগ পর্যন্ত তৃষ্ণার্ত হবে না।' (মুসনাদে আহমাদ)।

ইফতারের দোয়া : উচ্চারণ : আল্লাহুম্মা লাকা ছুমতু ওয়া আলা রিজকিকা ওয়া আফতারতু বিরাহমাতিকা ইয়া আরহামার রাহিমিন।

অর্থ : হে আল্লাহ! আমি তোমারই সন্তুষ্টির জন্য রোজা রেখেছি এবং তোমারই দেওয়া রিজিকের মাধ্যমে ইফতার করছি।

তারাবিহ'র নামাজ : রমজানে এশার নামাজের পর বিশ রাকাত তারাবিহ দশ সালামের সঙ্গে আদায় করা পুরুষ ও মহিলা সবার জন্য সুন্নাতে মুয়াক্কাদাহ [দুররে মুখতার ২/৪২৯]।

তারাবিহ'র নিয়ত : তারাবিহের নামাজ এবং সব সুন্নাত ও নফল নামাজের জন্য সাধারণভাবে নামাজের নিয়ত করলেও যথেষ্ট। এতদসত্ত্বেও সতর্কতাবশত তারাবিহ নামাজের জন্য অন্তরে ইচ্ছা পোষণ করে নেওয়া উত্তম [দুররে মুখতার২/৮৬]। তারাবিহের মধ্যে কমপক্ষে একবার কুরআন খতম করা সুন্নাত। আর একবারের অধিকবার পড়া মুস্তাহাব [দুররে মুখতার ২/৪৩৩, আলমগিরী ১/১৭৭]।

ইতিকাফ : হাজার মাসের চেয়ে শ্রেষ্ঠ রাত শবেকদর। প্রত্যেক মুমিনের উচিত এ রাতে ইবাদত বন্দেগি করে খোদার সন্তুষ্টি অর্জন করা। হজরত উমর (রা.) বর্ণনা করেন-নবি কারিম (সা.) রমজান মাসের শেষ দশকে ইতিকাফ করেছেন (বুখারি, মুসলিম)। হজরত আবু সাঈদ খুদরি (রা.) বর্ণনা করেন-আল্লাহর রাসুল (সা.) রমজানের মধ্যের দশকে ইতিকাফ করতেন। এক বছর এভাবে ইতিকাফ করছিলেন যখন একুশের রাত এলো, যে রাতের সকালে তিনি তার ইতিকাফ থেকে বের হবেন, তখন তিনি বললেন, যারা আমার সঙ্গে ইতিকাফ করেছে, তারা যেন শেষ দশকেও ইতিকাফ করে। আমাকে স্বপ্নে এ রাত (শবেকদর) দেখানো হয়েছিল, পরে আমাকে তা (সঠিক তারিখ) ভুলিয়ে দেওয়া হয়েছে। অবশ্য আমি স্বপ্নে দেখতে পেয়েছি যে, ওই রাতের সকালে আমি কাদাপানির মাঝে সিজদা করছি। তোমরা তা শেষ দশকে তালাশ কর এবং প্রত্যেক বিজোড় রাতে তালাশ কর। পরে এ রাতে আকাশ থেকে বৃষ্টি বর্ষিত হয়। মসজিদের ছাদ ছিল খেজুর পাতার ছাউনির। ফলে মসজিদে টপটপ করে বৃষ্টি পড়তে লাগল। একুশের রাতের সকালে আল্লাহর রাসুল (সা.)-এর কপালে কাদাপানির চিহ্ন আমার এ দুচোখ দেখতে পায় [বোখারি শরিফ]। এ জন্য প্রত্যেক শবেকদর সন্ধানকারীর উচিত রমজানের শেষ দশকে ইতিকাফ করা।

ইতিকাফের পরিচয় : শরিয়তের পরিভাষায় ইতিকাফ বলা হয়-ইতিকাফের নিয়তে পুরুষের এমন মসজিদে অবস্থান করা যেখানে পাঁচ ওয়াক্ত নামাজ জামাতের সঙ্গে আদায় করা হয় এবং কোনো মহিলার নিজ গৃহে নামাজের স্থানে অথবা ঘরের এক কোণে অবস্থান করাকে ইতিকাফ বলে।

নারীদের ইতিকাফ: কোনো মহিলা ইতিকাফ করতে চাইলে সে বাড়ির কোনো একটি কামরায় ইতিকাফ করতে পারে। আর ওই কামরা তার জন্য মসজিদের মতো। অর্থাৎ ওই কামরা থেকে প্রয়োজন ছাড়া বের হতে পারবে না। যদি বের হয়, তাহলে ইতিকাফ ভেঙে যাবে [আলমগিরী ১/২১১]।

রোজার আধুনিক মাসআলা : চোখে ওষুধ, ড্রপ বা সুরমা ইত্যাদি লাগালে রোজার কোনো ক্ষতি হয় না। [আবু দাউদ-১/৩৩২]। রোজা অবস্থায় শরীর থেকে রক্ত বের করে টেস্ট বা পরীক্ষা করালে রোজা ভঙ্গ হয় না। [আলমগিরি ১/১৯৯]। হৃৎপিণ্ডের অসুস্থতার ফলে যে ওষুধ জিহ্বার নিচে রাখা হয় তার দ্বারা রোজার কোনো ক্ষতি হবে না। তবে তা বিগলিত হয়ে থুথুর সঙ্গে মিশ্রিত হয়ে গলা বা পেটের মধ্যে ঢুকে গেলে রোজা ভেঙে যাবে [শামি ৩/৩৬৭]। যদি রোজা অবস্থায় এমন ইঞ্জেকশন গ্রহণ করে যা পেটের মধ্যে অথবা মস্তিষ্কের মধ্যে চলে যায়, তাহলে রোজা ভেঙে যাবে [জাওয়াহিরুল ফিকহ ১/৩৭৯]। শরীরে স্যালাইন লাগানোর দ্বারা রোজা নষ্ট হবে না। তবে একান্ত প্রয়োজন ছাড়া দেওয়া অনুচিত [আতারখানিয়া ৩/৩৭৯]। ডায়ালাইসিস করার দ্বারা রোজা ভঙ্গ হবে না [আতারখানিয়া ৩/৩৭৯]। রোজা অবস্থায় অক্সিজেন নেওয়ার দ্বারা রোজা নষ্ট হয় না [আহকামে রমজান ৬৫]। হোমিওপ্যাথিক ওষুধের ঘ্রাণ নেওয়ার দ্বারা রোজা ভঙ্গ হয় না [মারাকিল ফালাহ ৫৪৩]। যদি পেট পরীক্ষা বা টেস্টের জন্য পেটের মধ্যে নাক বা গলা দিয়ে কোনো নল প্রবেশ করানো হয় আর তার মধ্যে কোনো ওষুধ মিশ্রিত করা হয়, তাহলে রোজা নষ্ট হয়ে যাবে [মুফসিদাতিস সিয়াম্মুল মুআসারাহ ৪৫-৫২]।

যে কারণে রোজা মাকরুহ : রোজা অবস্থায় মুখের মধ্যে থুথু জমা করা [হিন্দিয়া ১/১৯১]। বিনা প্রয়োজনে কোনো কিছুর স্বাদ নেওয়া বা চিবানো (শামি ৩/৩৯৫)। টুথপেস্ট অথবা কোনো মাজন দ্বারা দাঁত পরিষ্কার করা (শামি ৩/৩৯৫)। প্রত্যেক ভারি কাজ যার ফলে রোজা ভেঙে ফেলার উপক্রম হয় [দুররে মুখতার ৩/৪০০]।

রোজা অবস্থায় গুনাহের কাজ করা [তিরমিজি ১/১৫০]। কুলি করা ও নাকে পানি দেওয়ার সময় অতিরঞ্জন করা [হিন্দিয়া ১/১৯৯]। সন্দেহযুক্ত সময়ে সেহরি করা [হিন্দিয়া ১/২০০]। স্বামীর অনুমতি ছাড়া স্ত্রীর নফল রোজা রাখা [হিন্দিয়া ১/২০১]। রোজা অবস্থায় লিপস্টিক দেওয়া মাকরুহ। কেননা তা মুখের মধ্যে চলে যাওয়ার প্রবল আশঙ্কা রয়েছে। তবে মাথায় মেহেদি লাগানোতে কোনো সমস্যা নেই (আতারখানিয়া ৩/৩৯৫)।

# ড. ইউনূস-শি জিনপিং বৈঠক ২৮ মার্চ





১ পৃষ্ঠার পর

জানিয়েছেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র মোহাম্মদ রফিকুল আলম প্রধান উপদেষ্টার আসন্ন চীন সফর সম্পর্কে এক প্রশ্নের জবাবে মন্ত্রণালয়ের সাপ্তাহিক ব্রিফিংকালে সাংবাদিকদের বলেন, '২৮ মার্চ চীনের প্রেসিডেন্টের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকের কথা রয়েছে।' মন্ত্রণালয়ের প্রচার শাখার মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালনকারী রফিকুল আলম প্রাথমিক সময়সূচি তুলে ধরে উল্লেখ করেন, ২৬ মার্চ বিকেলে অধ্যাপক ইউনূসের চীনের উদ্দেশে রওনা হওয়ার কথা রয়েছে। ২৭ মার্চ প্রধান উপদেষ্টা বোয়াও ফোরাম ফর এশিয়া অ্যানুয়াল কনফারেন্সের উদ্বোধনী পূর্ণাঙ্গ অধিবেশনে যোগদান করবেন ও ভাষণ দেবেন। পরে প্রধান উপদেষ্টা ড. ইউনূস চীনের স্টেট কাউন্সিলের নির্বাহী ভাইস প্রেসিডেন্টের সঙ্গে দেখা করবেন বলে আশা করা হচ্ছে। পরদিন ড. ইউনূস বেইজিংয়ে দ্বিপাক্ষিক আলোচনার জন্য প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে দেখা করবেন। ২৯ মার্চ সকালে তিনি পিকিং বিশ্ববিদ্যালয়ে একটি অনুষ্ঠানে যোগ দেবেন এবং সেদিন রাতে বাংলাদেশে ফিরে আসার কথা রয়েছে। রফিকুল আলম জানান, সংশ্লিষ্ট পক্ষগুলো বর্তমানে উচ্চ পর্যায়ের সফরের সময় আলোচিত দ্বিপাক্ষিক অ্যাজেন্ডাগুলো নিয়ে কাজ করছে। এ সফর সম্পর্কে আরও বিস্তারিত জানাতে পররাষ্ট্র মন্ত্রণালয় একটি প্রেস ব্রিফিং করবে।

# সিলেটের রহস্যময়ী হেলেনকে নিয়ে তোলপাড়

১ পৃষ্ঠার পর

তিনি। আয়েশি জীবনের অধিকারী মিজ আহমেদ বেশ পরিপাটি। ক্ষমতাকেই সবচেয়ে বেশি এনজয় করেন। এটাই তার একমাত্র নেশা, এতে বাড়তি কিক পান তিনি। ক্ষমতাবানদের সঙ্গে খেলেন, তাদের সঙ্গে টক্কর দিতেও পছন্দ করেন। যেকোনো মূল্যে বাজি জিতার চেষ্টা করেন কৈশোর থেকে। অবশ্য তিনি জিতেছেনও।

হেলেনের 'সমাজসেবা' নিয়ে তার সুখবরা উচ্ছ্বসিত। তার প্রতি তাদের ভালোবাসা অন্ধ। বিশ্ববিখ্যাত সমাজ হিতৈষী নারী হেলেন কেলারের সঙ্গে তাকে মেলানোর চেষ্টা করেন প্রবাসী অন্ধ ভক্তরা। বলে রাখা ভালো হেলেন কেলার ছিলেন ফিজিক্যালি চ্যালেঞ্জড। তিনি দ্বিতীয় বিশ্বযুদ্ধসহ জীবনভর দুনিয়াকে যা দিয়েছেন তা অতুলনীয়।

হেলেন আহমেদের সমালোচকদের ভাষা ঠিক উল্টো। তারা সাহিত্যে বহুল চর্চিত ৩ রহস্যময়ী হেলেন, বনলতা আর মোনালিসার প্রতিচ্ছবি দেখেন মিজ আহমেদের মাঝে। তাদের মতে, হেলেনের গোটা জীবনটাই রহস্যেঘেরা। সিলেটের প্রতিষ্ঠিত ব্যবসায়ী ধনাঢ্য পিতার একমাত্র সন্তানের সঙ্গে প্রেম-বিয়ে, অল্প বয়সে বিধবা হওয়া, পরবর্তীতে শ্বশুর এবং প্রয়াত স্বামীর সম্পত্তি নিয়ে দ্বন্দ্ব, দীর্ঘ সময় সংসার গণ্ডির মধ্যে না থাকা, বর্তমান পার্টনার এডভোকেট মিসবাহুল ইসলাম কয়েস (আগের ম্যানেজার)-এর সঙ্গে তার সম্পর্কের রসায়ন- সব কিছুতেই অস্পষ্টতা। অভিযোগ আছে, কেবলমাত্র ব্যক্তিস্বার্থে পররাষ্ট্রমন্ত্রী ড. একে আব্দুল মোমেনকে ব্যবহার করেছেন বহুরূপী হেলেন। মোমেনের ওপর তার যে প্রভাব ছিল তাতে তিনি সিলেটের বৃহত্তর কল্যাণে সরকার থেকে অনেক কিছু আদায় করতে পারতেন। কিন্তু না, তিনি সে পথে হাঁটেননি। বরং বিশৃঙ্খলার সুযোগে মন্ত্রীপত্নী 'ডেফি করেন মিনিস্টার' সেলিনা মোমেনের ক্যাশিয়ার হয়ে উঠেন হেলেন। তারা দুজন মিলে গড়ে তোলেন দুর্নীতির শক্ত সিন্ডিকেট। তারা প্রশাসনকে ব্যবহার করে বিশেষ করে বিভিন্ন বিভাগের প্রধান ইঞ্জিনিয়ার, পিআইও, সাব-রেজিস্ট্রার, এসিল্যান্ড, পুলিশ প্রশাসন থেকে বখরা আদায় করতে গিয়ে সিলেটের সহজ-সরল মানুষকে নানাভাবে ঠকিয়েছেন। এলাকার উন্নয়ন দূর কি বাত। হেলেন আহমেদ প্রশাসনের ওপর ছড়ি ঘুরিয়েছেন মন্ত্রী এবং তার সহধর্মিণীর ক্ষমতার অদৃশ্য হাতের ইশারায়। বিষয়টি এমন ছিল- হেলেনের ক্লিয়ারেন্স ছাড়া বা তার সিন্ডিকেটের বাইরের কেউ কখনো ড. মোমেনের কাছে ঘেঁষতে পারতেন না। সেটা অফিস বা বাসা যেখানেই হোক। তিনি চাইলে ডিসি/এসপি, হর্তা-কর্তা তো বটেই খোদ পররাষ্ট্রমন্ত্রী মোমেনকে হাজির করতে পারতেন তার সিলেটের দৌলতখানায়। তার কথার অবাধ্য হওয়ার খেসারত দিতে হয়েছে তৎকালীন অনেক অফিসারকে। পররাষ্ট্রমন্ত্রী থাকাকালে ড. মোমেনকে দিয়ে সিলেটের ডিআইজিকে স্ট্যান্ডরিলিজ করিয়ে নিজের শক্তিমত্তার জানান দিয়েছিলেন হেলেন। অবশ্য ঢাকা-সিলেট ফোর লেনের কাজ নিয়ে আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক শফিউল আলম চৌধুরী নাদেলের সঙ্গে টেক্কায় টিকতে পারেন নি। এই একবারই সম্ভবত প্রকাশ্য চ্যালেঞ্জে হেরেছেন হেলেন!

বাংলাদেশি বংশোদ্ভূত বৃটিশ নাগরিক হেলেনের রাজনীতির পাঠশালায় যাওয়া হয়নি কোনোদিন। কিন্তু তার কাছে অসহায় তৃণমূল থেকে উঠে আসা সিলেটের নারী নেত্রীরা। সেলিনা মোমেনের সঙ্গে ঘনিষ্ঠতার জেরে সিনিয়রদের টপকে তিনি সিলেট জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং জেলা মহিলা সংস্থার চেয়ারম্যান পদ বাগিয়ে নেন। তাছাড়া মহিলা আওয়ামী লীগ, যুব মহিলা লীগ, জাতীয় মহিলা সংস্থাসহ নারীদের সব সংগঠনের একচ্ছত্র নিয়ন্ত্রণ নিয়ে নেন হেলেন। তিনি যাকে চাইতেন তাকে চেয়ার দিতেন। অপছন্দ হলে ছুড়ে মারতেন আস্তাকুঁড়ে। হেলেন ক্ষমতার গরমে হেন অপকর্ম নেই যা করেননি। ছাত্র-জনতার আন্দোলন দমনেও তিনি মাঠে ছিলেন অস্ত্রধারীদের সঙ্গে। অবশ্য শেষ পর্যন্ত টিকতে পারেননি। ৫ই আগস্টের অভ্যুত্থানের পর কিছুদিন আত্মগোপনে ছিলেন ঢাকায়। নির্ভরযোগ্য সূত্র মানবজমিনকে এটা নিশ্চিত করেছে যে, পুরনো এক বন্ধুর হাত ধরে হেলেন পরবর্তীতে নির্বিঘ্নে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ইমিগ্রেশন পার হয়েছেন। বর্তমানে সন্তানদের সঙ্গে তিনি লন্ডনে রয়েছেন।

চড়াই-উৎরাই পেরিয়ে আজ যেখানে... সিলেটের মানুষের মুখে মুখে হেলেনের কীর্তি। শেখ মুজিব পরিবারের ঘনিষ্ঠ কুটিন আওয়ামী লীগ নেতা হমক মিয়ার মেয়ে হেলেন। জগন্নাথপুর নিবাসী হেলেন বরাবরই সুশ্রী। আধুনিক চিন্তা-চেতনার এই তরুণী বিয়ে করেন সিলেটের ধনাঢ্য ব্যবসায়ী মাসুদ আহমেদ রুবেলকে। রুবেলের পিতা শহরের প্রতিষ্ঠিত ব্যবসায়ী ফরিদ উদ্দিন আহমেদ। রুবেল জিন্দাবাজারের ব্যবসায়ী। জাতীয় পার্টি করতেন। এরশাদ জমানায় জাতীয় পার্টির সিলেট বিভাগীয় শীর্ষ নেতা মুকিত খানের ঘনিষ্ঠজন। সেই সুবাদে রুবেল ছিলেন অন্যতম শক্তিধর। ঘনিষ্ঠজনদের মতে: সুন্দরী বউ হেলেনের উচ্চাকাঙ্ক্ষার সঙ্গে নিজেকে খাপ-খাওয়াতে আকাশে উড়তে চেয়েছিলেন রুবেল। শহরতলীর এয়ারপোর্ট রুটে তার বাবার নামে বহুতলা সম্পত্তিতে গড়ে তুলেন আহমেদ হাউজিং। তাছাড়া জিন্দাবাজারের জল্লারপাড়ে গড়ে তুলেন বহুতল মার্কেট, সঙ্গে হোটেল। নাম দেন 'দ্য লাস্ট ভেইজ অব রাজ'। তার সম্পত্তি (জমি-জিরাত) নিয়ে ঝামেলা ছিল অনেক। এ নিয়ে রুবেল ছিলেন প্রচণ্ড দুশ্চিন্তায়। যার প্রেক্ষিতে অকালেই মারা যান তিনি।

স্বামীর মৃত্যুর পর পিতার পরিচয়ে 'সিঙ্গেল মাদার' হিসেবে সিলেট এবং লন্ডনে খানিকটা স্ট্রাগল লাইফ শুরু হয় হেলেনের। অবশ্য কষ্ট বেশিদিন করতে হয়নি। তার বাবার অনেক বন্ধু তাকে আশ্রয় দেন, পাশে দাঁড়ান। ততক্ষণে তার নিজেরও অনেক বন্ধু জোগাড় হয়ে যায়। যার প্রেক্ষিতে বিএনপি-জামায়াত জোট সরকারের আমলে তিনি প্রতিপক্ষের বিরুদ্ধে শক্ত প্রতিরোধ গড়তে সক্ষম হন। বহুল আলোচিত ওয়ান ইলেভেন তার জীবনে আশীর্বাদ নিয়ে আসে। সেই সময়ে সেনাসমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের প্রধান হন তার নিকটাত্মীয় ফখরুদ্দিন আহমেদ। তার ক্ষমতায় তিনি ক্ষমতাধর হয়ে উঠেন সিলেটে। আগে থেকে জমি-জিরাত নিয়ে চলা দ্বন্দ্বে অনেকেই তখন আপস করেন ফখরুদ্দিন আহমেদের আত্মীয়াত হেলেনের সঙ্গে। ২০০৯ সালে আওয়ামী লীগ তথা মহাজোট সরকার ক্ষমতায় আসার পর তাকে আর ঠেকায় কে? অবশ্য সেই সময় অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত তাকে খুব একটা পাত্তা দিতেন না। হেলেনের সুবর্ণ যুগ শুরু হয় মুহিতের শেষ সময়ে এসে তার বদলে সহোদর ড. মোমেনের সিলেটের রাজনীতিতে পদার্পণের পর। জাদুর বলে মোমেন পত্নী সেলিনা মোমেনকে বশীভূত করে নেন রহস্যময়ী হেলেন। বিষয়টি এমন হয়ে দাঁড়ায় সেলিনা মোমেন আর হেলেন হয়ে উঠেন হরিহর আত্মা। নির্বাচনের বৈতরণী পার হওয়ার পর মোমেন পররাষ্ট্রমন্ত্রী হলে হেলেনকে আর পেছনে ফেরে তাকাতে হয়নি। ৫ই আগস্ট পর্যন্ত সিলেটের রাজনীতিতে মোমেনই ছিলেন সব। যদিও তিনি ২০২৪ এর ডামি নির্বাচনের পর মন্ত্রিসভায় স্থান পাননি। কথিত আছে মোমেন মন্ত্রী বা এমপি হলেও তার সহধর্মিণী ছিলেন তারও উপরে। সেখানে হেলেনের অবস্থান ছিল 'ছায়া মন্ত্রী'।

হেলেন অনুপস্থিত, তবে আছেন সিলেটের সামাজিক আড্ডা-আলোচনায় : মার্কিন কবি এডগার অ্যালান পো'র 'টু হেলেন' কবিতাটি শুধু উনিশ শতকের তরুণদের নয়, বুড়ো হাড়েও প্রেমের স্পন্দন জাগাতো। অ্যালান পো'র 'টু হেলেন' পাঠে প্রভাবিত হয়ে নাকি জীবনানন্দ দাশ 'বনলতা সেন' লিখেছেন! সাহিত্য-সমালোচকদের মতে, জীবনানন্দ হেলেনের প্রেমে পড়ে বনলতাকে নায়িকা বানিয়েছেন। বনলতা সেন নামের কেউ নাকি আদতে ছিলেন না জীবনানন্দ দাশের জীবনে। তবে সিলেটের রাজনীতি, অর্থনীতি তথা সমাজে হেলেন আহমেদের অস্তিত্ব বিদ্যমান নানা কারণে। যদিও অনেকদিন ধরে তিনি সিলেটে ফিজিক্যালি অনুপস্থিত। হেলেনের প্রেম, বিয়ে এবং মন্ত্রী পরিবারের ঘনিষ্ঠতা প্রসঙ্গে এক আড্ডায় কথা হচ্ছিলো। সেখানে ছিলেন অবিভক্ত ভারতের আসাম প্রদেশের সর্ববৃহৎ বিদ্যাপীঠ এমসি কলেজের বাংলা বিভাগের এক সহযোগী অধ্যাপক। তিনি বারবার অ্যালান পো'র 'টু হেলেন' কবিতাকে উদ্ধৃত করছিলেন।

মন্ত্রী মোমেনকে খুশি করতে তার নামে ফাউন্ডেশন ও জমি দান: সাবেক পররাষ্ট্রমন্ত্রী ড. মোমেনের প্রতি খুবই কৃতজ্ঞ হেলেন। তিনি তার খুশির প্রকাশ করেছেন তার নামে একটি ফাউন্ডেশন গড়ে তোলে। মোমেন পত্নীকে চেয়ারম্যান আর নিজে সেক্রেটারি হয়ে ওই ফাউন্ডেশন গড়েছেন। তাতে একটি জমিও দান করেছেন। অবশ্য সেটার বিনিময়ে তিনি ওই প্লটের আশপাশে থাকা জমিগুলোর শ্রেণি পরিবর্তনে সক্ষম হয়েছেন। যা তাকে অর্থনৈতিকভাবে লাভবান করেছে। চতুর হেলেন পররাষ্ট্রমন্ত্রী একে আব্দুল মোমেনের স্ত্রী সেলিনা মোমেনের নামে ২০ শতক জমি লিখে দেয়ার পরই ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর সংলগ্ন বড়শালা এলাকায় সেই জমিগুলোর শ্রেণি পাল্টে যায়। হেলেন-সেলিনার জাদুর ছোঁয়ায় ৬০ বছর ধরে কাগজপত্রে থাকা ৭৮৬ শতক 'টিলা' শ্রেণির জায়গা মাত্র ২৭ দিনেই হয়ে যায় 'ভিটা' ও 'বাড়ি'। ২০২১ সালের আগস্টে ঘটনাটি ঘটলেও তা পরবর্তীতে জানাজানি হয়।

হেলেনের সঙ্গে পরিচয়, ঘনিষ্ঠতা প্রসঙ্গে যা বললেন মোমেন: হেলেনের সঙ্গে ড. মোমেন পরিবারের ঘনিষ্ঠতা বিষয়ে জানতে চেয়ে বার্তা পাঠানো হয় সাবেক পররাষ্ট্রমন্ত্রী ড. মোমেনের বিবেচনায়। সেই সঙ্গে তার কাছ থেকে হেলেনের নতুন হোয়াটসঅ্যাপ নাম্বারটি যোগাড় করার চেষ্টা হয়। (হেলেনের বাংলাদেশের নাম্বারগুলো এখন আর ব্যবহৃত হচ্ছে না)। দীর্ঘ জবাবে ইংরেজিতে ড. মোমেন যা বললেন তার সারসংক্ষেপ এরকম- "হেলেন সম্পর্কে আমার তেমন কোনো ধারণা ছিল না। আমি যখন বাংলাদেশে ফিরে আসি তখন তার সঙ্গে আমার দেখা হয়। আমাকে বলা হয় যে, তার বাবা '৬০-এর দশকের গোড়ার দিকে বৃটেনে আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সভাপতি এবং একজন ধনী ব্যক্তি। তার বাবা এবং তার প্রয়াত স্বামীর কাছ থেকে তিনি প্রচুর সম্পদ পেয়েছেন উত্তরাধিকার সূত্রে। তার স্বামী ছিলেন তার ধনী বাবার (শ্বশুরের) একমাত্র পুত্র। ৬০-এর দশকে তার শ্বশুর বেশির ভাগই জমিদারি সম্পত্তি কেনার পেছনে বিনিয়োগ করেন। তাই তিনি তার বাবার কাছ থেকে এবং আরও গুরুত্বপূর্ণভাবে তার প্রয়াত স্বামী এবং প্রয়াত শ্বশুর উভয়ের কাছ থেকে বিপুল সম্পত্তি পেয়েছেন উত্তরাধিকার সূত্রে।

হেলেনের সঙ্গে এখন কোনো যোগাযোগ নেই। তার নম্বর নেই জানিয়ে ড. মোমেন লিখেন তার সঙ্গে যোগাযোগ করিয়ে দিতে না পারার জন্য আমি আন্তরিকভাবে দুঃখিত।

পরে পৃথক বার্তায় ড. মোমেন তার ফাউন্ডেশনে হেলেনের জমি দান বিষয়ে লিখেন- ফাউন্ডেশনকে জমি দানের পরই হেলেন আলোচনায় আসেন। যেহেতু সেখানে আমার নাম ছিল, তাই মিডিয়া তাতে কালিমা লেপনের চেষ্টা করেছে।

হেলেনের স্বামী মোমেন ফাউন্ডেশনের প্লটের কাছে একটিমাত্র টিস্যু বাড়ি তৈরি করেছেন জানিয়ে ড. মোমেন দাবি করেন ফাউন্ডেশনকে যে জমি দান করেছেন হেলেন, তা সেইমাত্র টিস্যু বাড়ির নিচে অবস্থিত। সেখানে জমির শ্রেণি পরিবর্তন বা পাহাড় কাটা হয়নি।



## ট্রাম্প জমানায় মুসলিম বিদ্বেষে রেকর্ড

১ পৃষ্ঠার পর

বছরের তুলনায় ৭ দশমিক ৪ শতাংশ বেশি। গাজায় দখলদার ইসরায়েলের বর্বর যুদ্ধের মধ্যে যুক্তরাষ্ট্রে বেড়েছে মুসলিম ও আরবদের ওপর হামলা ও বৈষম্য। মুসলিমদের অধিকার বিষয়ক সংস্থাটি জানিয়েছে, ১৯৯৬ সাল থেকে তারা বিদ্বেষমূলক অভিযোগের তথ্য রাখা শুরু করে। গত বছর যে পরিমাণ বিদ্বেষের অভিযোগ লিপিবদ্ধ হয়েছে তা তাদের ইতিহাসে সর্বোচ্চ। এরমধ্যে সবচেয়ে বেশি ১৫ দশমিক ৪ শতাংশ অভিযোগ ছিল কর্মক্ষেত্রে বৈষম্যের শিকার হওয়ার। অভিবাসন ও আশ্রয় সংক্রান্ত অভিযোগ ছিল ১৪ দশমিক ৮ শতাংশ, শিক্ষাবিষয়ক অভিযোগ ছিল ৯ দশমিক ৮ শতাংশ। আর ঘৃণা বিষয়ক অভিযোগ ছিল ৭ দশমিক ৫ শতাংশ। সিএআইআর বলেছে, "টানা দ্বিতীয় বছরের মতো, যুক্তরাষ্ট্র সমর্থিত গাজার গণহত্যা যুক্তরাষ্ট্রে ব্যাপক ইসলাম বিদ্বেষ নিয়ে এসেছে।"

এদিকে ১৮ মাস আগে ছয় বছর বয়সী এক ফিলিস্তিনি আমেরিকান শিশুকে ছুরিকাঘাত করেছিল এক ব্যক্তি। গত মাসে তাকে ঘৃণামূলক অপরাধ সংঘটিত করার জন্য দায়ী করা হয়েছে। ২০২৩ সালের শেষ দিক থেকে যুক্তরাষ্ট্রে মুসলিম বিদ্বেষী আরেকটি আলোচিত ঘটনা হলো টেক্সাসে তিন বছর বয়সী এক ফিলিস্তিনি মেয়ে শিশুকে পানিতে ডুবিয়ে হত্যার চেষ্টা। এছাড়া ফ্লোরিডায় ফিলিস্তিনি ভেবে দুইজনকে গুলি করার ঘটনা আলোড়ন তৈরি করেছিল। হামলাকারী তাদের ফিলিস্তিনি ভাবলেও ওই দুইজন মূলত ইসরায়েলি ছিলেন। ( আলজাজিরা)

## আন্তর্জাতিক নারী দিবসে ইডিপি'র বিশেষ অনুষ্ঠান

৬২ পৃষ্ঠার পর

প্রতিপাদ্য ছিল 'নারীর সম্মান ও নিরাপত্তা নিশ্চিত করা, একটি উন্নত সমাজ গঠনের পূর্বশর্ত।' এতে নারীর ক্ষমতায়ন, সামাজিক সুরক্ষা, শিক্ষা ও কর্মসংস্থান নিশ্চিতকরণ এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য সমতার পরিবেশ গড়ে তোলার ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়। আলোচনা সভায় ইডিপি'র বিভিন্ন প্রশিক্ষণার্থী, স্বেচ্ছাসেবক এবং কমিউনিটি নেতৃবৃন্দ নারীর সম্মান ও নিরাপত্তা প্রসঙ্গে তাঁদের মতামত তুলে ধরেন। তারা বলেন, নারীর প্রতি সম্মান ও মর্যাদা দেওয়া আমাদের সামাজিক ও নৈতিক দায়িত্ব। নারীকে মানুষ হিসেবে মূল্যায়ন করতে হবে, লিঙ্গভেদে বৈষম্য দূর করতে হবে।

বক্তারা আরও বলেন, নারীরা পরিবার, সমাজ ও দেশের গুরুত্বপূর্ণ অংশ। তাই নারীকে শিক্ষা, কর্মসংস্থান ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সমান সুযোগ দেওয়া জরুরি। সামাজিক ও পারিবারিক পর্যায়ে নারীর প্রতি সম্মান ও মর্যাদা নিশ্চিত করতে পারলেই একটি সুন্দর ও সমৃদ্ধ সমাজ গঠন সম্ভব।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক আছিয়া বেগম। তিনি বলেন, নারী দিবস উদযাপন শুধু আনুষ্ঠানিকতা নয়, এটি আমাদের নৈতিক দায়িত্ব ও কর্তব্য। আমাদের সমাজে এখনো নারীরা বিভিন্নভাবে বৈষম্য ও বঞ্চনার শিকার হচ্ছে। তাদের ক্ষমতায়ন এবং আত্মনির্ভরশীল করতে হলে আমাদের সকলকে একসাথে কাজ করতে হবে। গত ১০ বছর ধরে নারীদের দক্ষতা উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি এবং সমাজে তাদের অবস্থান সুসংহত করতে কাজ করে যাচ্ছে। আমরা চাই, নারীরা যেন স্বাবলম্বী হয়ে নিজের পায়ে দাঁড়াতে পারে এবং সমাজে সম্মান ও মর্যাদার সাথে এগিয়ে যেতে পারে।

অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন কমিউনিটি নেত্রী ফরিদা শিরিন খান, ফৌজিয়া নাসরিন, জোসনা আরা বেগম ও ফেরদৌস নাসরিন। তারা বলেন, নারী যদি সুশিক্ষিত হয়, তাহলে একটি পরিবার শিক্ষিত হয়। আর শিক্ষিত পরিবার সমাজ ও জাতির উন্নয়নের ভিত্তি গড়ে তোলে। নারীর সম্মান নিশ্চিত করতে হলে পরিবার থেকে শুরু করে সমাজের সর্বস্তরে মানসিকতার পরিবর্তন আনতে হবে। নারীদের মধ্যে পারস্পরিক সহযোগিতা ও সংহতি নিশ্চিত করতে পারলে তাদের উন্নয়ন ত্বরান্বিত হবে। ফরিদা শিরিন খান বলেন, নারীর উন্নয়ন মানে শুধু অর্থনৈতিক স্বাধীনতা নয়, বরং পারিবারিক, সামাজিক ও সাংস্কৃতিক প্রতিটি স্তরে তাদের সম্মান নিশ্চিত করা জরুরি। আলোচনা সভা শেষে ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

## সম্প্রীতির বন্ধনে সোসাইটির ইফতার অনুষ্ঠিত

১ পৃষ্ঠার পর

বাংলাদেশি কমিউনিটির সর্বস্তরের মানুষ অংশগ্রহণ করে। এক ছাদের নিচে সব ধর্মের মানুষের আন্তরিক উপস্থিতি কমিউনিটির সুদৃঢ় ভ্রাতৃত্বের বন্ধন ও সৌহার্দ্য-সম্প্রীতির উজ্জ্বল নজির।

বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিমের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ আলীর সঞ্চালনায় ইফতার মাহফিলের মঞ্চে শুভেচ্ছা বক্তব্য দেন নিউইয়র্কে বাংলাদেশের কনসাল জেনারেল মোহাম্মদ নাজমুল হুদা, সাপ্তাহিক আজকাল সম্পাদক ও বিশিষ্ট ব্যবসায়ী শাহনেওয়াজ, ঠিকানা গ্রুপের চেয়ারম্যান ও সাবেক সংসদ সদস্য এম এম শাহীন, কমিউনিটি এক্টিভিস্ট জ্যাকব মিল্টন।

বাংলাদেশ সোসাইটির সদস্য ইফতার আয়োজন উপলক্ষে জ্যা হলের অনুষ্ঠানস্থল সাজানো হয় ইসলামিক আবহে। আনন্দ মুখর পরিবেশে নতুন প্রজন্মের শিশু-কিশোরদের কোরআন তেলাওয়াত উপস্থিত সবাইকে মুগ্ধ করে। নারী-পুরুষ, যুবক ও নতুন প্রজন্মের উপস্থিতিতে পুরো হল ছিল কানায় কানায় পূর্ণ।

অনুষ্ঠানের শুরুতে ছিল পবিত্র কোরআন তেলাওয়াত প্রতিযোগিতার ফাইনাল পর্ব। বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন অনুষ্ঠানের অতিথিরা। ক্বেরাত প্রতিযোগিতা পরিচালনা করেন মোহাম্মদ শহিদুল্লাহ। বিচারক হিসাবে ছিলেন শেখ রফিক আহমদ রেফায়ী, ইব্রাহিম কামারা, হাফিজ আবু তাহের।

প্রতিযোগিতায় বালক গ্রুপে বিজয়ী হয়েছে আব্দুর রহমান সালেহ চ্যাম্পিয়ন, ওয়াসি রাহিম প্রথম রানার আপ এবং আহিল মাহফুজুল ইসলাম দ্বিতীয় রানার আপ।

বালিকা গ্রুপে বিজয়ী হয়েছে সহ্যান তহরা ভূঁইয়া চ্যাম্পিয়ন, সাবিহা আনসারী ফারিহা প্রথম রানার আপ এবং সাদিয়া সানজিদা দ্বিতীয় রানার আপ ।

এছাড়া হাফেজ গ্রুপে বিজয়ীরা হলেন, মেহেরুন মারিয়াম মুনাওয়ারা চ্যাম্পিয়ন, মুশাররফ আলম প্রথম রানার আপ এবং ইয়াহিয়া মিকদাদ দ্বিতীয় রানার আপ।

অনুষ্ঠানে অতিথি হিসাবে উপস্থিত ছিলেন- বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি ও ট্রাস্টি বোর্ড চেয়ারম্যান ডা. মিয়া মহিদুল ইসলাম, ডা. ওয়াদুদ ভূঁইয়া, আকতার হোসেন, নার্গিস আহমেদ ও মোহাম্মদ রব মিয়া, সাবেক ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহিম হাওলাদার, সাবেক সাধারণ সম্পাদক মো. রুহুল আমিন সিদ্দিকী, সোসাইটির ট্রাস্টি মোস্তফা কামাল পাশা বাবুল, বিশিষ্ট ব্যবসায়ী ও মূলধারার রাজনীতিক ফাহাদ সোলায়মান, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি মো. ফখরুল ইসলাম দেলোয়ার, বিশিষ্ট ব্যবসায়ী সাজ্জাদ হোসাইন, বিশিষ্ট রিয়েল এস্টেট ব্যবসায়ী নুরুল আজিম, সোসাইটির সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মহিউদ্দীন দেওয়ান, কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম ভূঁইয়া রুমী, সাংগঠনিক সম্পাদক ডিউক খান, ভাইস প্রেসিডেন্ট ও ইফতার মাহফিলের আহ্বায়ক কামরুজ্জামান কামরুল ও সমাজকল্যাণ সম্পাদক ও ইফতার মাহফিলের সদস্য সচিব জামিল আনসারী, সাহিত্য সম্পাদক বাবুল আক্তার, প্রচার সম্পাদক রিজু মোহাম্মদ, সাংস্কৃতিক সম্পাদক মোস্তফা আলিফ রাজ, স্কুল ও শিক্ষা সম্পাদক হাসান জিলানী, প্রধান সমন্বয়কারী ও কার্যকরী সদস্য সিদ্দিক পাটোয়ারী, জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, হাসান খান, আবুল কাশেম চৌধুরী, কমিউনিটি এক্টিভিস্ট ফিরোজ আহমেদ, রাকি মোহাম্মদ,জসিম ভূঁইয়া, কাজী আজম, আশরাফুজ্জামান, মোহাম্মদ আকন্দ,ফারহানা চৌধুরী, নুর আলম জিকু, শাহান সাইফুল ইসলাম ও মাওলানা আহমেদ রশীদ প্রমুখ।

অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- জালালাবাদ অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি মহবুল হক চৌধুরী হেলাল, বর্তমান সভাপতি বদরুল খান ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম, কোষাধ্যক্ষ আলিম মিয়া, বিয়ানীবাজার সমিতির সভাপতি মো. আব্দুল মান্নান ও সাধারণ সম্পাদক রেজাউল আলম অপু, কমিউনিটি নেতা কাজী আজম, ফিরোজ আহমেদ, জসিম ভূঁইয়া প্রমুখ।

ইফতারের আগে মুসলিম উম্মাহ শান্তি ও সমৃদ্ধি কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়। অনুষ্ঠানের গ্র্যান্ড স্পনসর ছিল গোল্ডেন এজ হোম কেয়ার।

## যুক্তরাষ্ট্রে বিদ্যুৎ বন্ধের হুমকি কানাডার

১ পৃষ্ঠার পর

এই পদক্ষেপের ফলে যুক্তরাষ্ট্রের মিনেসোটা, নিউইয়র্ক এবং মিশিগান অঙ্গরাজ্যের প্রায় ১৫ লাখ আমেরিকান গ্রাহক প্রভাবিত হতে পারেন। ফোর্ড বলেছেন, 'বিশ্বাস করুন, আমি এটা করতে চাই না। আমি মার্কিন জনগণের জন্য খারাপ বোধ করছি। কারণ এই বাণিজ্য যুদ্ধের জন্য তারা দায়ী নয়। এর জন্য একজনই দায়ী। তিনি হলেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।'

কানাডার এই শুল্ক বৃদ্ধির ফলে আমেরিকান গ্রাহকদের মাসিক বিদ্যুৎ বিল প্রায় ১০০ ডলার পর্যন্ত বেড়ে যেতে পারে। এই পদক্ষেপের ফলে উভয় পক্ষেরই ক্ষতি হতে পারে। কানাডা এবং যুক্তরাষ্ট্রের মধ্যে বিদ্যুৎ ও গ্যাস সরবরাহ সীমাবদ্ধ করা হলে উভয় দেশের গ্রিড স্থিতিশীলতা ঝুঁকিতে পড়তে পারে বলে সতর্ক করেছে নর্থ আমেরিকান ইলেকট্রিক রিলায়েবিলিটি করপোরেশন (এনইআরসি)। এছাড়া শুল্কারোপের ফলে ভোক্তাদের জন্য উল্লেখযোগ্য বিঘ্ন এবং মূল্যবৃদ্ধিও হতে পারে।

এদিকে কানাডার অন্টারিও সরকার আশা করছে, এই শুল্ক বৃদ্ধি প্রতিদিন তাদের ৩ থেকে ৪ লাখ কানাডিয়ান ডলার বাড়তি রাজস্ব আনবে। এই অর্থ রাজ্যটির অর্থনীতিকে সহায়তা করবে।

সম্প্রতি কানাডা এবং মেক্সিকো থেকে আমদানি করা পণ্যের ওপর ২৫ শতাংশ শুল্কারোপ করেছিলেন ট্রাম্প। তবে ট্রাম্প সাময়িকভাবে তা স্থগিত করলেও কানাডা তাদের প্রতিশোধমূলক শুল্ক বজায় রাখবে বলে জানিয়েছে। অন্টারিওর শুল্ক বৃদ্ধি এই প্রতিক্রিয়ারই অংশ। এই বাণিজ্য যুদ্ধের ফলে উভয় দেশের অর্থনীতিতে ভয়াবহ প্রভাব পড়ার আশঙ্কা করছেন বিশেষজ্ঞরা। বিষয়টি দ্রুত সমাধানের প্রয়োজন বলেই জানিয়েছেন তারা।

786
শেফ আবশ্যক
Taste of Bengal
(Indian halal Cuisine)
Up state NY এ ইন্ডিয়ান হালাল রেষ্টুরেন্টে
শেফ আবশ্যক,
ভালো বেতন ও থাকা-খাওয়ার সুব্যবস্থা আছে।
ঃ যোগাযোগ ঃ
মনির ঃ 929-206-9520
শফিক ঃ 646-684-0637

# BEST TAX EXPRESS INC.

# নিয়োগ বিজ্ঞপ্তি

## CPA / IRS Enrollment Agent / Tax Filling

এ দীর্ঘ অভিজ্ঞতা সম্পূর্ণ ব্যক্তিদের আবেদন করার জন্য অনুরোধ করা হলো : বেতন $ 30/Hour

সপ্তাহে : Minimum-40 ঘণ্টা

যোগাযোগ:
**929 -206-9520**

Best Tax Express Inc.
Jamaica, NY
929 -206-9520
besttaxexpress@gmail.com

## সিলেট ট্রাভেলস্ এন্ড ট্যুরস্
## SYLHET TRAVELS & TOURS

বাংলাদেশসহ পৃথিবীর যেকোন দেশে ভ্রমণের জন্য আপনি আপনার টিকেট সংগ্রহ করতে পারেন।



ওমরাহ্ ভিসা ও টিকেটের জন্য বিশ্বস্থ প্রতিষ্ঠান

আমেরিকার যেকোন জায়গায় ট্যুরের জন্য আপনার টিকেট সংগ্রহ করুনঃ
(৫০০ এর অধিক স্থানে)

১) নায়াগ্রা ফলস্ .................... ২ দিন/৩ দিন/৫ দিন
২) ওয়াশিংটন ডিসি (চেরি ব্লুজম) .................... ১ দিন
৩) পেনসিলভেনিয়া (আমিষ গ্রাম) .................... ১ দিন
৪) নিউইয়র্ক সাইটসিং .................... ১ দিন
৫) মেট্রোপলিটান মিউজিয়াম .................... ১ দিন

**Call: 862-262-6116**

## জবহেল্প এন্ড এপ্লিকেশন প্রসেসিং সার্ভিসেস
## JOB HELP & APPLICATION PROCESSING SERVICES

### জবহেল্প ট্রেনিং প্রোগ্রাম

পোস্টাল জব (USPS) একটি ফেডারেল জব
ট্রেনিংঃ রবিবার-বৃহস্পতিবারঃ সকাল ১০টা-বিকাল ৩টা

ট্রাফিক এনফোর্সমেন্ট এজেন্ট (NYPD)
ট্রেনিংঃ প্রতি রবিবার, দুপুর ১২টা-বিকাল ২টা

৬ ঘন্টা ডি.ডি.সি ক্লাস (Defensive Driving Course)
ট্রেনিংঃ শনিবার-বৃহস্পতিবারঃ দুপুর ১২টা-সন্ধ্যা ৬টা

বেসিক কম্পিউটার কোর্স
প্রতি শনিবার বেলা ১:০০ থেকে ২:০০ পর্যন্ত

গ্রীষ্মকালীন ট্যুর / ট্রাভেলস ২০২৪
(১) ১ দিনের ট্যুর - ম্যানহাটন সিটিবাস (২) ফেলাডেলফিয়া চেরিব্লুজম
(৩) ওয়াশিংটন ডিসি চেরিব্লুজম (৪) নায়াগ্রাফলস / ওয়াশিংটন ডিসি ২ দিনের ট্যুর

| সরকারি জব | বেসরকারি জব | এপ্লিকেশন প্রসেসিং |
|---|---|---|
| ১. পোস্টাল জব | ১. কাস্টমার সার্ভিস | ১. নিউ পাসপোর্ট/নবায়ন |
| ২. সিটি জব | ২. অফিস অ্যাডমিন | ২. ডুয়েল সিটিজেনশীপ |
| ৩. সিভিল সার্ভিস জব | ৩. ম্যানুফ্যাকচারিং জব | ৩. পাসপোর্ট কারেকশন |
| ৪. ইউ.এস.এ জব | ৪. ডেলিভারি জব | ৪. ফুড স্ট্যাম্প |
| ৫. এম.টি.এ জব | ৫. রেস্টুরেন্ট জব | ৫. NYC হাউজিং/এফোর্ডেবল |
| ৬. আই.টি ইঞ্জিনিয়ার | ৬. ট্রান্সপোর্টেশন জব | ৬. রেজুমি/কভার লেটার |

**MD. ALI** B.Sc., LL.B.
Rtd. Govt. Officer Bangladesh



Cell: 917-500-3937 | Phone/Fax: 917-300-6160
148-45 Hillside Ave, Suite # 203A, Jamaica, NY 11435
'F' Train or Bus: Q20A, Q20B, Q40, Q43, Q44 to Sutphin Blvd

## বিশ্বকাপ ফুটবল নিয়ে ট্রাম্পের নেতৃত্বে টাস্কফোর্স

৬২ পৃষ্ঠার পর

পর ট্রাম্প বলেন, 'বিশ্বকাপের আয়োজন করার বিষয়টি আমাদের দেশের জন্য গর্বের।' একই সঙ্গে তিনি এটাও জানিয়ে দেন, আরও খেলাধুলার আয়োজন করতে চায় যুক্তরাষ্ট্র।

টাস্কফোর্স নিয়ে ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনো বলেন, এই টাস্ক ফোর্স নিশ্চিত করবে যে, সারাবিশ্ব থেকে যে সব ভ্রমণকারী এই অঞ্চলে আসবে, প্রতিটি দর্শনার্থী যাতে নিরাপদ বোধ করেন এবং অনুভব করেন যে, আমরা বিশেষ কিছু করছি। এ কারণে আমরা এখানে (আমেরিকায়) এসেছি যেন বিশ্বের সর্বকালের সেরা একটি বিশ্বকাপ আয়োজন করতে পারি।'

ফুটবল ইতিহাসে এই প্রথমবারের মতো বিশ্বকাপে খেলবে ৪৮টি দেশ। আর প্রথমবারের মতো নকআউট পর্ব শুরু হবে ৩২ দল নিয়ে। খুব স্বাভাবিকভাবেই বাড়ছে বিশ্বকাপের ব্যাপ্তি ও ম্যাচের সংখ্যাও। ৩০-৩২ দিনের বদলে আগামী বিশ্বকাপ হবে ৩৯ দিনের, ম্যাচের সংখ্যা ৬৪ থেকে বেড়ে দাঁড়াচ্ছে ১০৪টিতে।

আগামী ১১ জুন মেক্সিকোর আজতেকা স্টেডিয়ামে উদ্বোধনী ম্যাচের মধ্য দিয়ে মাঠে গড়াবে বিশ্বকাপ ফুটবলের ২৩তম আসর। আজতেকা স্টেডিয়ামের চেয়ে বেশি বিশ্বকাপের ম্যাচ আয়োজন করার সৌভাগ্য হয়নি বিশ্বের অন্য কোনো ভেন্যুর। ১৯৭০ সালে সেখানেই ফাইনালে ইতালিকে ৪-১ গোলে হারিয়েছিল ব্রাজিল, পেলে জিতেছিলেন তার তৃতীয় বিশ্বকাপ। এর ১৬ বছর পর এই স্টেডিয়ামেই দিয়েগো ম্যারাডোনা আর্জেন্টিনাকে বিশ্বকাপ জিতিয়ে হয়ে উঠেছিলেন ফুটবল ইতিহাসে সর্বকালের সেরাদের একজন। ১৯৭০ ও ১৯৮৬ বিশ্বকাপের ফাইনাল ছাড়াও এই দুই বিশ্বকাপ মিলিয়ে আরও ১৭টি ম্যাচ হয়েছে মেক্সিকোর এই বিখ্যাত স্টেডিয়ামে। ২০২৬ এ হবে বিশ্বকাপের ২৩তম আসরের উদ্বোধনী ম্যাচসহ মোট পাঁচটি ম্যাচ।

৩৯ দিনের এই আসরে ১০৪টি ম্যাচ হবে তিনটি আলাদা দেশে; যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডার ১৬টি শহরে। ১২ জুন লস এঞ্জেলসে হবে যুক্তরাষ্ট্রের প্রথম ম্যাচ, একই দিন টরোন্টোতে নিজেদের প্রথম ম্যাচ খেলবে কানাডা। যুক্তরাষ্ট্রের ডালাস শহরে হবে ৯টি ম্যাচ।

## সেলফ ডিপোর্টেশন অ্যাপস 'সিবিপি হোম' চালু

৬২ পৃষ্ঠার পর

বিদেশিরা তাদের নিজ উদ্যোগে দেশ ছেড়ে যাওয়ার এবং সেলফ-ডিপোর্ট হবার সুযোগ পাবে। যদি তারা না যায়, আমরা তাদের খুঁজে পাবো, তাদের ফেরত পাঠাবো এবং তারা কখনো ফিরে আসতে পারবে না।

নতুন সিবিপি হোম অ্যাপটি কারা ব্যবহার করবে তা স্পষ্ট নয়। এই ধারণাটি দীর্ঘদিন ধরে 'সেলফ-ডিপোর্ট' হিসেবে পরিচিত, যা বোঝায় যে যুক্তরাষ্ট্রে অভিবাসীদের জন্য জীবন এতটাই অসহনীয় করা যায় যে, তারা স্বেচ্ছায় দেশ ছেড়ে চলে যাবে। অ্যাটর্নি লরা ডিজেরা বলেন, অভিবাসী সম্প্রদায়ের সদস্যরা তাদের কাছে যারা 'সেলফ ডিপোর্ট' করতে উৎসাহিত করছে তাদের দেওয়া কোনো প্রতিশ্রুতিতে সতর্ক থাকা উচিত এবং পরিবর্তে বিশ্বস্ত পরামর্শদাতাদের সঙ্গে তাদের আইনি বিকল্পগুলো আলোচনাবে পরীক্ষা করা উচিত। এই পদক্ষেপ ট্রাম্পের কৌশলের একটি ঠান্ডা উদাহরণ, যা অভিবাসী সম্প্রদায়গুলোর মধ্যে ভীতি সৃষ্টির উদ্দেশ্যে এবং তার বেসের কাছে সমর্থন অর্জনের জন্য কাজ করছে।

## ট্রাম্পের বাড়ির আকাশসীমায় বেসামরিক বিমানকে ধাওয়া

৬২ পৃষ্ঠার পর

দায়িত্ব নেওয়ার পর থেকে এ নিয়ে ২৩টির বেশি নিয়ম লঙ্ঘনের ঘটনা ঘটল।

নর্থ আমেরিকান এরোস্পেস ডিফেন্স কমান্ড এক বিবৃতিতে বলেছেন, ট্রাম্পের বাসভবনের আকাশসীমায় যাওয়া বেসামরিক বিমানচালকের মনোযোগ আকর্ষণ করতে এফ-১৬ বিমান থেকে আগুনের ফ্লেয়ার নিক্ষেপ করা হয়। পরে বিমানটি তাড়া করে ট্রাম্পের বাসভবনের আকাশসীমা থেকে সরানো হয়। এ সময় পুরো ঘটনা কঠোর নজরদারিতে রাখে বিমানবাহিনী। ট্রাম্প তার ওয়েস্ট পাম বিচ গলফ কোর্সে এক দফা গলফ খেলা শেষ করার পর আকস্মিক এই ঘটনা ঘটে।

ফেডারেল কর্মকর্তারা ট্রাম্পের ক্লাবের আশপাশে বিমান চলাচলে অস্থায়ীভাবে বিধিনিষেধ জারি করে। যা ক্লাবটির ৩০ নটিক্যাল মাইল ব্যাসার্ধ জুড়ে বিস্তৃত। কর্মকর্তারা বলেছেন, দক্ষিণ ফ্লোরিডার আকাশসীমায় বিমানের অনধিকার প্রবেশের ফলে যুদ্ধবিমান তড়িঘড়ি প্রস্তুত করতে বাধ্য হয়, তবে এতে ট্রাম্পের কর্মসূচি বদলায়নি বা তার নিরাপত্তার ওপর কোন প্রভাব পড়েনি।

নিয়ম লঙ্ঘন ও বিমান প্রতিহত করার ঘটনা প্রায়শই ঘটে, তবে ট্রাম্প দায়িত্ব গ্রহণের পর থেকে বারবার অনুপ্রবেশ নিয়ে এনওআরএডি সতর্কতা জারি করেছে।

## স্বরাষ্ট্র উপদেষ্টার বাসভবনে আগুন

৬৪ পৃষ্ঠার পর

একটি প্রতিষ্ঠানকে ভাড়া দেওয়া রয়েছে।

বৃহস্পতিবার (১৩ মার্চ) সন্ধ্যা সাড়ে ছয়টার দিকে এ ঘটনা ঘটে। স্থানীয়রা বলছেন, হঠাৎ ওই ভবন থেকে ধোঁয়া দেখতে পাওয়ায় ফায়ার সার্ভিসকে খবর দেন প্রতিবেশীরা।

ফায়ার সার্ভিসের কন্ট্রোল রুমের ডিউটি অফিসার রাকিবুল হাসান আগুনের বিষয়টি নিশ্চিত করে বলেন, পাঁচতলায় রান্নাঘরে মূলত আগুন লাগে। খবর পেয়ে ফায়ার সার্ভিস পৌঁছানোর পর কোনো বেগ ছাড়াই আগুন নিভিয়ে ফেলে। রাত ৭টা ২৪ মিনিটে ঘটনাস্থল ত্যাগ করেন ফায়ার সার্ভিসের সদস্যরা।

ফায়ার সার্ভিস জানায়, ভবনটির পাঁচ তলায় একটি বায়িং হাউজ অফিস ছিল। বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়। এ ঘটনায় কোনো হতাহতের ঘটনা ঘটেনি বলেও জানায় ফায়ার সার্ভিস।

বারিধারা ডিওএইচএস ১ নম্বর রোডের ১৫১ নম্বর ওই বাসাটির দ্বিতীয় তলায় বসবাস করেন স্বরাষ্ট্র উপদেষ্টা।

## টেসলা গাড়ি কিনে বিপাকে চালাতে পারবেন না ট্রাম্প

৬৪ পৃষ্ঠার পর

১০টা ৪৫ মিনিটে শাহবাগে ইব্রাহিম কার্ডিয়াক হাসপাতালের নিউরোসায়েন্স ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭১ বছর ৪ মাস। গত কয়েক দিন হাসপাতালে লাইফ সাপোর্টে ছিলেন ড. আরেফিন সিদ্দিক। এর আগে গত ৬ মার্চ দুপুরে শাহবাগের পাশে ঢাকা ক্লাবে দাঁড়িয়ে কথা বলার সময় হঠাৎ পড়ে যান আরেফিন সিদ্দিক। তাৎক্ষণিক তাঁকে হাসপাতালে নেয়া হয়। পরীক্ষা-নিরীক্ষা করে জানা যায়, তিনি মাথায় আঘাত পেয়েছেন এবং স্ট্রোক করেছেন। তারপর থেকে তিনি আর সুস্থ হননি।

উল্লেখ্য, ২০০৯ সালে আরেফিন সিদ্দিককে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২৭তম উপাচার্য হিসেবে নিয়োগ দেওয়া হয়। ২০১৭ সালে উপাচার্যের দায়িত্ব পালন শেষে আবার গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগে অধ্যাপক হিসেবে যোগ দেন। ২০২৩ সালের জুন মাসে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকতা থেকে অবসরে যান তিনি। বাংলাদেশ সংবাদ সংস্থায়ও তিনি কিছুদিন কর্মরত ছিলেন।

অধ্যাপক আরেফিন সিদ্দিকের মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন অব ইউএস-এর গভীর শোক প্রকাশ করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন অব ইউএস-এর সভাপতি এমএস আলম, সাধারণ সম্পাদক রুহুল আমিন সরকারসহ কার্যকরী পরিষদের সকল সদস্যবৃন্দ এক যৌথ বিবৃতিতে গভীর শোক প্রকাশ করে মরহুমের স্মৃতির প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় এলামনাই এসোসিয়েশনের দুই বারের নির্বাচিত সভাপতি, বাংলাদেশ তত্ত্বাবধায়ক সরকারের দুই বারের উপদেষ্টা ,বিশিষ্ট শিল্পপতি , নিরহংকারী অতি সজ্জন ব্যক্তিত্ব সৈয়দ মঞ্জুর এলাহীর মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন অব ইউএস-এ গভীর শোক প্রকাশ করেছে।

যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের সভাপতি ডঃ নুরুন নবী ও সাধারণ সম্পাদক রানা হাসান মাহমুদ এক বিবৃতিতে জানান, বঙ্গবন্ধু পরিষদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ক অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক-এর মৃত্যুতে গভীর শোক জানাচ্ছে।

দেশের শিক্ষা, সংস্কৃতি ও সম্প্রচারে তাঁর অবদান জাতি চিরকাল শ্রদ্ধাভরে স্মরণ করবে । তাঁর দেশপ্রেম পরবর্তী প্রজন্মের কাছে অনুকরণীয় হয়ে থাকবে । ২০২৪ সালের ২৭ এপ্রিল লস এঞ্জেলসে অনুষ্ঠিত যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদ দ্বারা আয়োজিত ৭ম আন্তর্জাতিক বঙ্গবন্ধু সম্মেলনে প্রধান অতিথির আসন অলংকৃত করে তিনি নতুন প্রজন্মের কাছে বঙ্গবন্ধুর আদর্শের বিস্তারিত তুলে ধরে সবার জ্ঞান ভান্ডার সমৃদ্ধ করেছিলেন। জাতির এই ক্রান্তিলগ্নে তাঁর প্রয়াণে এক অপূরণীয় শূন্যতা সৃষ্টি হলো ।

## অবৈধদের জন্য চালু হলো সেলফ ডিপোর্টেশন অ্যাপ

৬৪ পৃষ্ঠার পর

সংস্থা রয়টার্স এবং সংবাদমাধ্যম ভয়েস অব আমেরিকা।

সংবাদমাধ্যম বলছে, যুক্তরাষ্ট্রে অবৈধভাবে থাকা অভিবাসীদের কেউ যদি নিজে থেকে ফেরত যাওয়ার অভিপ্রায় ব্যক্ত করতে চায়, তাহলে সিবিপি হোম নামে পরিচিত যুক্তরাষ্ট্রের কাস্টমস অ্যান্ড বর্ডার প্রোটেকশন অ্যাপটি তাকে সেই বিকল্প বেছে নেওয়ার সুযোগ দেবে।

হোমল্যান্ড সিকিউরিটি মন্ত্রী ক্রিস্টি নোয়েম এক বিবৃতিতে বলেছেন, "সিবিপি হোম অ্যাপটি অনাকাঙ্ক্ষিতদের এখনই চলে যাওয়ার এবং স্বেচ্ছায় ফেরত যাওয়ার সুযোগ দেবে, যাতে তারা ভবিষ্যতে বৈধভাবে ফিরতে পারে এবং আমেরিকান স্বপ্ন বাঁচাতে পারে। যদি তারা সেটি না করে তবে আমরা তাদের খুঁজে বের করব, বিতাড়িত করব এবং তারা আর কখনও ফিরে আসতে পারবে না।"

রিপাবলিকান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্রে রেকর্ড সংখ্যক অভিবাসীকে অবৈধভাবে বহিষ্কারের অঙ্গীকার করেছেন। তবে বাইডেনের তুলনায় তার প্রথম মেয়াদে বহিষ্কারের হার ছিল কম। যদিও ট্রাম্প প্রশাসন অন্যান্য পদক্ষেপও নিয়েছে যা অবৈধ অভিবাসীদের যুক্তরাষ্ট্র ছাড়তে চাপ দিতে পারে।

এদিকে ট্রাম্প প্রশাসনের একটি নিয়ম আগামী ১১ এপ্রিল কার্যকর হতে যাচ্ছে, যা অবৈধ অভিবাসীদের ফেডারেল সরকারের সঙ্গে নিবন্ধন করতে বাধ্য করবে, অন্যথায় তাদের জরিমানা বা কারাদণ্ডের সম্মুখীন হতে হবে। সিবিপি হোম অ্যাপটি আগে সিবিপি ওয়ান নামে পরিচিত ছিল এবং সেটি বাইডেন প্রশাসনের অধীনে চালু করা হয়েছিল।

সেটির পরিবর্তন আর পরিবর্ধন করেই এই নতুন অ্যাপ্লিকেশনটি চালু করা হয়েছে। বাইডেনের সময় মেক্সিকোর প্রায় ১০ লাখ অভিবাসীকে আইনগত ভাবে সীমান্ত পারাপারের জন্য অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণের সুযোগ করে দিয়েছিল এই অ্যাপটি।

রিপাবলিকানরা বাইডেন কর্মসূচির সমালোচনা করে বলেছিল, এটি যুক্তরাষ্ট্রে গণঅভিবাসনকে সহজতর করেছে এবং অভিবাসীদের যথাযথ যাচাই-বাছাই করা হয়নি। তবে গত ২০ জানুয়ারি ট্রাম্প ক্ষমতা গ্রহণের এক ঘণ্টা পর সিবিপি বন্ধ করে দেন, যার ফলে পূর্বনির্ধারিত অ্যাপয়েন্টমেন্ট থাকা অভিবাসীরা অনিশ্চয়তার মধ্যে পড়ে যান।

## স্যানচুয়ারি সিটির বিরুদ্ধে রিপাবলিকানদেন অবস্থান

৬২ পৃষ্ঠার পর

শহরগুলোকে বাধ্য করা যাতে তারা আইসের সঙ্গে আরো সহযোগিতা করে। রিপাবলিকানরা আশা করছে, এই শহরগুলির অভিবাসন নীতির পরিবর্তন হলে ট্রাম্প প্রশাসন তার বড় আকারের বিতাড়ন কার্যক্রম করতে পারবে। যুক্তরাষ্ট্রের হাউস কমিটি অন ওভারসাইট অ্যান্ড গভর্নমেন্ট রিফর্মের সামনে গত ৫ মার্চ চারটি স্যানচুয়ারি শহরের মেয়র- বস্টনের মিশেল উ, শিকাগোর ব্র্যান্ডন জনসন, ডেনভারের মাইক জনস্টন এবং নিউ ইয়র্কের এরিক অ্যাডামস উপস্থিত ছিলেন। আইসই তাদের অভিবাসন কার্যক্রম পরিচালনা করতে রাজ্য ও স্থানীয় কর্মকর্তাদের সহযোগিতা চায় এবং এটি বিশেষত বড় আকারে বিতাড়ন কার্যক্রমের জন্য প্রয়োজন। আইস তাদের অভিবাসী আটক করার জন্য স্থানীয় পুলিশ বিভাগের সাহায্য চায় এবং তাদের কাছে 'ডিটেইনার' নামে পরিচিত অনুরোধ পাঠায়। যাতে বলা হয়, মুক্তির আগে এক ব্যক্তিকে ৪৮ ঘণ্টা আটক রাখতে হবে। যদি তা না করা হয়, তাহলে আইসকে নিজে থেকে অভিবাসীদের ধরতে হবে। তবে, অনেক শহর এবং স্টেট এই সহযোগিতা বন্ধ করার চেষ্টা করছে, তাদের যুক্তি হলো যে, আইস-এর সঙ্গে সহযোগিতা করলে অপরাধের শিকার বা সাক্ষী হিসেবে অভিবাসীরা তাদের সাহায্য চাইতে ভয় পাবেন। এর পাশাপাশি, শহরগুলোর কিছু কর্মকর্তারা বলেন যে, তারা তাদের এলাকাগুলোকে অভিবাসীদের জন্য একটি স্বাগতপূর্ণ স্থান হিসেবে দেখতে চান। এসব শহরের পক্ষে যুক্তি হলো, স্যানচুয়ারি নীতি তাদের স্থানীয় বাসিন্দাদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আদালত এসব স্যানচুয়ারি নীতির বৈধতা বহাল সমর্থন করেছে, তবে ট্রাম্প প্রশাসন তার দ্বিতীয় মেয়াদে স্যানচুয়ারি নীতির বিরুদ্ধে তীব্র আক্রমণ করছে। ট্রাম্প প্রশাসন ইতোমধ্যে শিকাগো, ইলিনয় এবং নিউ ইয়র্ক স্টেইটে বিভিন্ন অভিবাসন আইন নিয়ে মামলা করেছে।

ন্যায্য মূল্যে অল্প সময়ে সর্বোচ্চ মানের সেবা
স্টুডেন্ট, স্পাউস, ডিপেন্ডেন্ট ভিসা,
পাসপোর্ট ও অনলাইন ফরম
ফিলাপের বিশ্বস্ত প্রতিষ্ঠান

আমাদের সেবাসমূহ
- পাসপোর্ট সাইজ ছবি প্রিন্ট
- ফটোকপি
- পাসপোর্ট ফর্ম পূরণ
- যে কোন অনলাইন ফর্ম পূরণ
- নো ভিসা রিকোয়ার্ড (NVR) সেবা
- লিগাল ডকুমেন্ট ড্রাফটিং
- অনুবাদ ও নোটারি
- পাওয়ার অব অর্টনি
- স্টুডেন্ট ভিসা ও ভর্তি পরামর্শ
- সকল ধরণের ভিসা আবেদন সেবা
- EB1 ভিসা, ইমিগ্রেশন, অ্যাসাইলাম (এটর্নি কর্তৃক সহায়তা)
- ডিজিটাল মার্কেটিং
- ওয়েব ডিজাইন ও হোস্টিং সেবা
- এয়ার টিকেটিং
- বিজনেস কার্ড, বার্থডে কার্ড, ওয়েডিং কার্ড, ইনভাইটেশন কার্ড, পোস্টার, ব্যানার ডিজাইন ও ছাপানো হয়।

DURONTO BANGLADESH LLC

দুরন্ত বাংলাদেশ এলএলসিতে স্বাগতম। পাসপোর্ট সাইজ ছবি প্রিন্ট, ফটোকপি, পাসপোর্ট ফর্ম পূরণ, যে কোন অনলাইন ফর্ম পূরণ, EB1 ভিসা, ইমিগ্রেশন, অ্যাসাইলাম এবং যে কোন সমস্যা সমাধানের জন্য আপনার বিশ্বস্ত প্রতিষ্ঠান। আমাদের অফিস বাংলাদেশ কনস্যুলেট অফিসের মাত্র ১৫০ গজ দূরে, অ্যাস্টোরিয়া, নিউইয়র্ক ১১৩৭৭ এ অবস্থিত। আমরা ভিসা সহায়তা, ডিজিটাল মার্কেটিংসহ বিভিন্ন সেবা প্রদান করে থাকি। আপনি ব্যক্তি/প্রতিষ্ঠান যেই হোন না কেন স্বল্পতর সময়ে, ন্যায্য মূল্যে সর্বোচ্চ মানের কাজ প্রদান করা ও আপনার সন্তুষ্টি আমাদের একমাত্র লক্ষ্য। আপনার সন্তুষ্টিই আমাদের সফলতা ও চলমান বিজ্ঞাপন এবং ভবিষ্যতের পথ চলা...

পাসপোর্ট, নো ভিসা রিকোয়ার্ড, EB1 VISA এর জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

আমাদের অফিস বাংলাদেশ কনস্যুলেট অফিসের কাছে মাত্র ১৫০ গজ দূরে, অ্যাস্টোরিয়া, নিউইয়র্ক। ১১৩৭৭

929 708 4213
929 708 5167
347 788 9063
Jalalabad Bhaban
1st Floor , 3607 31st Street, Astoria, NY 11106, USA
info@durontobangladesh.com
www.durontobangladesh.com

MARRIAGE REGISTRY OFFICE
(Certified By City)
MUFTI ABDUL ALIM
Imam: Baitul Ahad Islamic Center Inc
We provide Marriage Services with Islamic Sariah and Issue Marriage Certificate According to New York's Law
107-58 Sutphin Blvd, Jamaica, NY 11435
Contact: 917-463-6918

কাজী অফিস
(সিটি কর্তৃক রেজিস্ট্রিকৃত)
মুফতি আব্দুল আলীম
ইমাম: বাইতুল আহাদ ইসলামিক সেন্টার ইনক
ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়
১০৭-৫৮ সাটফিন বুলবার্ড, জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫
যোগাযোগ: ৯১৭-৪৬৩-৬৯১৮



## স্তম্ভিত বাংলাদেশ

১ পৃষ্ঠার পর

শিশুটির মরদেহের সঙ্গে হেলিকপ্টারে শিশুটির মা এবং মৎস্য ও প্রাণিসম্পদ উপদেষ্টা ফরিদা আখতার মাগুরায় যান। প্রায় একই সময়ে আলাদা একটি হেলিকপ্টারে মাগুরায় যান জাতীয় নাগরিক পার্টির নেতা হাসনাত আব্দুল্লাহ, সারজিস আলম ও খেলাফত মজলিসের আমির মামুনুল হক। সন্ধ্যা সাতটার দিকে শহরের নোমানী ময়দানে শিশুটির জানাজা অনুষ্ঠিত হয়। এরপর মরদেহ শিশুটির গ্রামে নেয়া হয়।

ধর্ষণের শিকার ৮ বছর বয়সী শিশুটিকে বাঁচাতে গত কয়েকদিন ধরে চিকিৎসকদের কোনো চেষ্টাই কাজে এলো না। বৃহস্পতিবার দুপুর ১টায় ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শিশুটির মৃত্যু হয় বলে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর- আইএসপিআর জানিয়েছে। এ ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস। আসামিদের দ্রুত বিচারের আওতায় নিয়ে আসার নির্দেশ দিয়েছেন তিনি। এদিকে, শিশু ধর্ষণ মামলার বিচারকাজ আগামী 'সাত দিনের' মধ্যে শুরু করার প্রতিশ্রুতি দিয়েছেন আইন উপদেষ্টা আসিফ নজরুল। এছাড়া শিশু ধর্ষণের ঘটনায় করা মামলার তদন্ত দ্রুততম সময়ের মধ্যে শেষ করার কথা জানিয়েছেন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) বাহারুল আলম। বৃহস্পতিবার পুলিশ সদর দপ্তর থেকে পাঠানো এক ক্ষুদে বার্তায় এ তথ্য জানানো হয়।

বৃহস্পতিবার সকালে প্রধান উপদেষ্টার দপ্তরের এক বার্তায় বলা হয়, 'বৃহস্পতিবার সে আরও দু'বার কার্ডিয়াক অ্যারেস্টের শিকার হয়েছে। দ্বিতীয়বার প্রায় ৩০ মিনিট সিপিআর দেয়ার পর স্পন্দন ফিরেছে, তবে তার মস্তিষ্ক কোনো প্রতিক্রিয়া দেখাচ্ছে না। 'কোমা স্কেলে (জিসিএস) মাত্রা ৩, যা গভীর অচেতন অবস্থার ইঙ্গিত দেয়। শিশুটির রক্তচাপ ও অক্সিজেনের মাত্রাও বিপজ্জনকভাবে কম।' এরপর দুপুরে শিশুটির মৃত্যুর খবর দেয় আইএসপিআর। সেখানে সেনাবাহিনীর তরফে শোক প্রকাশ করা হয়। আইএসপিআরের বিবৃতিতে বলা হয়, 'সম্মিলিত সামরিক হাসপাতালের (সিএমএইচ) সর্বাধুনিক চিকিৎসা ব্যবস্থা প্রয়োগ এবং বিশেষজ্ঞ চিকিৎসকদের সর্বোচ্চ প্রচেষ্টা সত্ত্বেও তাকে বাঁচানো সম্ভব হয়নি। শিশুটির সকালে তিনবার কার্ডিয়াক অ্যারেস্ট হয়েছে, দুইবার স্থিতিশীল করা গেলেও তৃতীয়বার আর স্পন্দন ফিরে আসেনি।'

মাগুরা শহরতলীর নিজনান্দুয়ালী গ্রামে বোনের বাড়ি বেড়াতে গিয়ে গত ৬ মার্চ শিশুটি ধর্ষণের শিকার হয় বলে অভিযোগ করে তার পরিবার। সেই খবরে সারাদেশে তৈরি হয় ক্ষোভ। ধর্ষকের সর্বোচ্চ শাস্তির দাবিতে প্রায় প্রতিদিনই দেশের কোথাও না কোথাও মিছিল, মানববন্ধনের মতো কর্মসূচি চলছে। শিশুটির মা গত ৮ মার্চ মাগুরা সদর থানায় চারজনের বিরুদ্ধে ধর্ষণ ও হত্যাচেষ্টার মামলা করেন। মামলার আসামিরা হলেন শিশুটির ভগ্নিপতি সজীব হোসেন (১৮) ও বোনের শ্বশুর হিটু মিয়া (৪২), সজীবের অপ্রাপ্তবয়স্ক ভাই (১৭) এবং তাদের মা জাবেদা বেগম (৪০)। তাদের চারজনকেই গ্রেপ্তার করা হয়েছে।

মামলার নথিতে বলা হয়, সজীবের সহায়তায় তার বাবা হিটু মিয়া শিশুটিকে 'ধর্ষণ' করেন। বিষয়টি জাবেদা ও তার ছোট ছেলেও জানতেন। ঘটনা ধামাচাপা দিতে শিশুটিকে হত্যার চেষ্টা চালান তারা। মামলার এজাহারে শিশুটির মা অভিযোগ করেন, মেয়ের স্বামীর সহায়তায় তার বাবা (শ্বশুর) শিশুটিকে ধর্ষণ করেন। বিষয়টি মেয়ের শাশুড়ি ও ভাশুর জানতেন। তারা ঘটনা ধামাচাপা দিতে শিশুটিকে হত্যাচেষ্টা চালান। শনিবার সকালে বড় বোন ও বাবাকে দিয়ে মাগুরা সদর থানায় এজাহার পাঠান শিশুটির মা। সেই অনুযায়ী বেলা তিনটার দিকে মামলা রেকর্ড হয়। মামলায় নারী ও শিশু নির্যাতন দমন আইনের ৯ (৪) এর ক/ ৩০ ধারায় ধর্ষণ ও ধর্ষণের মাধ্যমে আহত করার অভিযোগ করা হয়। মামলায় শিশুটির বোনের স্বামী, শ্বশুর, শাশুড়ি ও ভাশুরকে আসামি করা হয়েছে। ৮ বছরের শিশু 'ধর্ষণের' ঘটনায় করা মামলার তদন্তের স্বার্থে কারাগারের থাকা চার আসামির মধ্যে তিনজনের ডিএনএ নমুনা সংগ্রহ করা হয়েছে।

এদিকে শিশুটির মৃত্যুর খবর পাওয়ার পর বাড়িতে মাতম চলছে। খবর পেয়ে এলাকাবাসী ও আত্মীয়স্বজন শিশুটির বাড়িতে গিয়ে ঘটনার দৃষ্টান্তমূলক বিচার দাবি করেছেন। বৃহস্পতিবার দুপুরে জেলার শ্রীপুর উপজেলায় শিশুটির বাড়িতে দেখা যায়, তার বাবা ও ছোট বোন বাড়িতে আছেন। মা ও বড় বোন শিশুটির সঙ্গে ঢাকায় আছেন। শিশুটির মৃত্যুর খবরে বাড়িতে আত্মীয়স্বজন, এলাকাবাসী ও গণমাধ্যমকর্মীরা ভিড় করছেন। ঘটনার পর শিশুটির বাবা মানসিকভাবে অসুস্থ হয়ে পড়েছেন। শিশুটি মৃত্যু নিয়ে শোকের পাশাপাশি ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন মাগুরার বিশিষ্টজনেরা। সাধারণ মানুষ দাবি তুলেছেন আসামিদের প্রকাশ্যে সর্বোচ্চ শাস্তি। শিশুটির মৃত্যুর সংবাদে জেলায় শোকাতুর-শান্ত পরিবেশ বিরাজ করছে। এখনও শহরে কোনো বিক্ষোভ দেখা যায়নি। তবে মাগুরা জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট শাহেদ হাসান টগর ক্ষোভ প্রকাশ করে বলেন, 'ঘটনাটি অত্যন্ত দুঃখজনক। মাগুরায় এ ধরনের ঘটনা এটাই প্রথম। কোনোভাবেই এ ধর্ষণ-মৃত্যুর বিষয়টি মেনে নিতে পারছি না।'

তিনি বলেন, 'আমরা আইনজীবী সমিতির পক্ষ থেকে সিদ্ধান্ত নিয়েছি ধর্ষকদের পক্ষে কোনো আইনি সহায়তা দেয়া হবে না। দ্রুততম সময়ের মধ্যে ধর্ষকদের দৃষ্টান্তমূলক শাস্তির জন্য আইনজীবী সমিতি সব ধরনের সহায়তা করবে।' জেলা মহিলা পরিষদের সাধারণ সম্পাদক শাহনী জামান বলেন, 'সারাদেশে নারীর প্রতি সহিংসতা বেড়ে চলেছে। সে কারণে মাগুরায় এ ধরনের মর্মান্তিক ঘটনা ঘটেছে। 'আমরা মহিলা পরিষদের পক্ষ থেকে শিশুটির ধর্ষকের অবিলম্বে ফাঁসির দাবি জানাচ্ছি। বিচারকাজ সম্পন্ন না হওয়া পর্যন্ত জেলা মহিলা পরিষদ সবসময় শিশুটির পরিবারের পাশে থাকবে।'

**জানাজায় লাখো মানুষের কান্না :** মাগুরায় পরিবারের সদস্যদের হাতে জঘন্যতম ধর্ষণ ও পৈশাচিকতার শিকার ৮ বছরের শিশু আছিয়া খাতুনকে বাঁচানো যায়নি। গত বৃহস্পতিবার বাংলাদেশ সময় দুপুর ১টায় ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) চিকিৎসাধীন অবস্থায় মারা যায় শিশু আছিয়া (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। দ্রুত এই খবর ছড়িয়ে যায় চারদিকে। তার মৃত্যুতে অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মোহাম্মদ ইউনূস গভীর শোক প্রকাশ করেছেন। ভেরিফাইড পেইজে শিশুটির বিদেহী আত্মার মাগফিরাত কামনা ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছে বাংলাদেশ সেনাবাহিনী। সিএমএইচের সর্বাধুনিক চিকিৎসা ব্যবস্থায় বিশেষজ্ঞ চিকিৎসকদের সর্বোচ্চ চেষ্টা সত্ত্বেও তাকে বাঁচানো সম্ভব হয়নি। চিকিৎসকরা জানান, শিশুটি বৃহস্পতিবার সকালে তিনবার কার্ডিয়াক অ্যারেস্ট হয়েছে। দুইবার স্থিতিশীল করা গেলেও তৃতীয়বার আর স্পন্দন ফিরে আসেনি। দেশে বিদেশে লক্ষ মানুষকে কাঁদিয়ে পরপারে চলে যায় সদা চঞ্চল আছিয়া। ধর্ষণের এই ঘটনায় শিশুটির বড় বোনের শ্বশুর, দুলাভাই এবং দেবরকে গ্রেপ্তার করেছে পুলিশ।

মাগুরার শ্রীপুর উপজেলার বাসিন্দা শিশু আছিয়া মাগুরা শহরে বড় বোনের বাড়িতে বেড়াতে গিয়ে ধর্ষণ এবং পৈশাচিকতার শিকার হয়। প্রথমে তাকে সকাল সাড়ে ১১টার দিকে অচেতন অবস্থায় মাগুরার ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে নিয়ে যান তার বোনের শাশুড়ি। পরে শিশুটির মা হাসপাতালে যান। সেদিন দুপুরেই উন্নত চিকিৎসার জন্য শিশুটিকে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। সেখান থেকে ওইদিন রাতে পাঠানো হয় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে। এরপর গত শুক্রবার রাতে তাকে লাইফ সাপোর্টে নেয়া হয়। অবস্থার অবনতি হলে শনিবার সন্ধ্যায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের শিশু বিভাগের নিবিড় পরিচর্যা কেন্দ্র (পিআইসিইউ) থেকে সিএমএইচে স্থানান্তর করা হয়। সেখানে পিআইসিইউতে তাকে লাইফ সাপোর্টে রাখা হয়েছিল।

আছিয়ার মরদেহ ঢাকা থেকে সেনাবাহিনীর একটি হেলিকপ্টারে করে বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫টার পর মাগুরা স্টেডিয়ামে পৌঁছায়। নিহত শিশু আছিয়ার জানাজা হয়েছে শহরের নোমানী ময়দানে। সন্ধ্যা ৭টায় শিশু আছিয়ার জানাজায় অংশ নেন হাজার হাজার মানুষ। জানাজা পরিচালনা করেন মাগুরা কেন্দ্রীয় জামে মসজিদের পেশ ইমাম হাফেজ মাওলানা মুফতি যাবিবুর রহমান। জানাজা শেষে আছিয়ার লাশ দাফনের জন্য তার নিজ বাড়ি শ্রীপুর উপজেলার সব্দালপুর ইউনিয়নের জারিয়া গ্রামে নেয়া হয়। এ সময় বিচার চেয়ে শহরে বিক্ষোভ করে ছাত্র জনতা। বিক্ষোভ মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে ভায়না এলাকায় ঢাকা-খুলনা মহাসড়ক অবরোধ করে রাখে। এ সময় চরম ভোগান্তি হয় যান যাত্রীদের। শিশু আছিয়ার মৃত্যুর খবর দুপুরে মাগুরার শ্রীপুর উপজেলার সব্দালপুর ইউনিয়নের জারিয়া গ্রামে পৌঁছালে সেখানে কান্নায় ভেঙে পড়েন তার স্বজনরা। বিভিন্ন স্থান থেকে শত শত মানুষ ছুটে যায় আছিয়াদের বাড়িতে। পুরো এলাকায় বয়ে পড়ে শোকাচ্ছন্ন।

## ফিলিপাইনের সাবেক প্রেসিডেন্ট দুতের্তেকে আইসিসি'র গ্রেপ্তার

৬২ পৃষ্ঠার পর

নিয়ে যাওয়া হচ্ছে। এটি কোনো ন্যায়বিচার নয়। এটি অত্যাচার নিপীড়ন। এদিকে, এক প্রতিবেদনে ফিলিপাইনের স্থানীয় সংবাদমাধ্যম 'ফিলিপাইন স্টার' জানায়, দুতের্তেকে মঙ্গলবার বিকেলের দিকে একটি বিমানে তোলা হয়। ৭৯ বছর বয়সী দুতের্তে মঙ্গলবার গভীররাতে হংকং থেকে ফিলিপাইনে আসেন। ওই সময় রাজধানী ম্যানিলার প্রধান বিমানবন্দর থেকে তাকে আটক করে আইনশৃঙ্খলাবাহিনী।

মার্কিন সংবাদমাধ্যম সিএনএন এক প্রতিবেদনে জানায়, রড্রিগো দুতের্তে দীর্ঘ ছয় বছর ফিলিপাইনের প্রেসিডেন্ট ছিলেন। এরআগে দাভাও শহরের মেয়র ছিলেন। তিনি প্রেসিডেন্ট হওয়ার পর মাদকের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। এ যুদ্ধে ছয় হাজার মানুষকে হত্যা করা হয় বলে পুলিশের নথিতে রয়েছে। তবে সমালোচকদের ধারণা প্রকৃত সংখ্যাটি আরও বেশি। মাদকের বিরুদ্ধে যুদ্ধে যাদের হত্যা করা হয়েছে তাদের বেশিরভাগই তরুণ। এই সময়টায় দেশটিতে মাদকের ব্যবহার অনেকটা কমে যায়। এ কারণে নিজের সমর্থকদের কাছে রড্রিগো দুতের্তে খুবই জনপ্রিয়। দুতের্তে অবশ্য বিচারবহির্ভূত হত্যার অভিযোগ অস্বীকার করেছেন। সিএনএনের প্রতিবেদনে বলা হয়, মানবতাবিরোধী অপরাধ সংঘটিত করার অভিযোগ ওঠার পর ২০১৯ সালে আইসিসি থেকে ফিলিপাইনকে প্রত্যাহার করে নেন রড্রিগো দুতের্তে। তবে সংস্থাটি জানিয়েছে, তাদের নিয়ম অনুযায়ী, ফিলিপাইন সদস্য থাকাকালীন যেহেতু অপরাধ সংঘটিত হয়েছে। তাই রড্রিগো দুতের্তের বিচার তারা করতে পারবে।

## ভারতীয় দূরবীনে জাতিসংঘ মহাসচিবের সফর

১ পৃষ্ঠার পর

বাংলাদেশের বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার ক্ষমতায় আসার পর ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর যুক্তরাষ্ট্র সফর করেন। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প শপথ গ্রহণের আগেই তিনি ওয়াশিংটনে ডোনাল্ড ট্রাম্প মনোনীত পররাষ্ট্র মন্ত্রী মার্কো রোবিও'র সঙ্গে একান্তে বাংলাদেশ নিয়ে বিশেষ বৈঠক সম্পন্ন করেন। যা কোন দেশের মিডিয়ায় প্রচার করা হয়নি। তবে এস জয়শঙ্কর ডোনাল্ড ট্রাম্পের শপথ অনুষ্ঠানে আমন্ত্রিত না হওয়া সত্ত্বেও তিনি বাংলাদেশ নিয়ে এই বৈঠক সম্পন্ন করেন। বাংলাদেশ পরিস্থিতি নিয়ে ওই বৈঠকে তাঁদের একান্তে আলাপের বিষয়টি এস জয়শঙ্কর নিজেই তাঁর 'এক্সে' প্রকাশ করেছিলেন। তার কিছুদিন পরেই ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ওয়াশিংটন সফর করেন। এই সময় তাঁর সঙ্গে আসা ভারতীয় সাংবাদিকরা প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে বাংলাদেশে সরকার পরিবর্তনে যুক্তরাষ্ট্রের 'ডিপ স্টেইট'-এর ভূমিকা রয়েছে কি-না এমন প্রসঙ্গ নিয়ে প্রশ্ন করেন। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বাংলাদেশের সরকার পরিবর্তনে এসব প্রশ্নের জবাব দিয়েছিলেন কূটনৈতিক কায়দায়। তিনি প্রশ্নের উত্তরের ভার ঠেলে দেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দিকে। সেই সাংবাদিক সম্মেলনে বাংলাদেশ ইস্যুটি ভারতীয় মিডিয়া ব্যাপকভাবে ফুলিয়ে ফাঁপিয়ে প্রচারের চেষ্টা করে। সম্প্রতি ভারতের পররাষ্ট্র মন্ত্রী এস জয়শঙ্কর যুক্তরাজ্য সফরের সময় বাংলাদেশ পরিস্থিতি নিয়ে তিনি সেখানেও আলোচনা করেছেন বলে ভারতীয় মিডিয়া তথ্য প্রকাশ করেছে। এমন পরিস্থিতিতে জাতিসংঘ মহাসচিবের বাংলাদেশ সফর নানা দিক থেকে অত্যন্ত গুরুত্ব বহন করছে।

আজ শুক্রবার পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা তৌহিদ হোসেন এবং রোহিঙ্গা ইস্যু ও অগ্রাধিকারবিষয়ক প্রধান উপদেষ্টার উচ্চ পর্যায়ের প্রতিনিধি ড. খলিলুর রহমান সকাল ৯টায় হোটেলে গুতেরাসের সঙ্গে দেখা করবেন। পরে জাতিসংঘ মহাসচিব সকাল ১০টায় প্রধান উপদেষ্টার কার্যালয়ে প্রধান উপদেষ্টা ড. মোহাম্মদ ইউনূসের সাথে দেখা করবেন। এই বৈঠকের পর গুতেরাস প্রধান উপদেষ্টা ড. ইউনূসসহ রোহিঙ্গা শিবির পরিদর্শনের জন্য বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বাণিজ্যিক ফ্লাইটে কক্সবাজার যাবেন।

এদিকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র মোহাম্মদ রফিকুল আলম বলেন, জাতিসংঘ মহাসচিব তাঁর এই সফরকালে রোহিঙ্গা সংকট এবং এর সমাধানে বাংলাদেশের সঙ্গে জাতিসংঘের সহযোগিতা গুরুত্ব পাবে। সেই সঙ্গে অন্যান্য বৈশ্বিক ও আঞ্চলিক গুরুত্বপূর্ণ ইস্যু নিয়ে আলোচনা হবে।

কক্সবাজারে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ও আন্তনিও গুতেরাস প্রায় এক লাখ রোহিঙ্গার সঙ্গে ইফতারে অংশগ্রহণ করবেন। দুই নেতা অনুষ্ঠান চলাকালীন রোহিঙ্গা, ইমাম এবং বিভিন্ন সম্প্রদায়ের নেতাদের সঙ্গে মতবিনিময় করবেন। তিনি রোহিঙ্গা যুবক ও শিশুদের সঙ্গেও আলাপ করবেন। জাতিসংঘ মহাসচিব গুতেরাস একই দিন সন্ধ্যায় ঢাকায় ফিরে ইন্টারকন্টিনেন্টাল হোটেলে অবস্থান করবেন।

শনিবার জাতিসংঘ মহাসচিব ঢাকায় জাতিসংঘের কার্যালয় পরিদর্শন করবেন। সেখানে তিনি জাতিসংঘের আনুষ্ঠানিক পতাকা উত্তোলন করবেন, বাংলাদেশ-জাতিসংঘ সম্পর্কের ৫০তম বার্ষিকী উপলক্ষে একটি আলোকচিত্র প্রদর্শনী পর্যবেক্ষণ করবেন এবং জাতিসংঘের কর্মীদের সঙ্গে একটি সভায় যোগ দেবেন। বিকালে তিনি ইন্টারকন্টিনেন্টাল হোটেলে বাংলাদেশের সংস্কার প্রক্রিয়ার ওপর একটি গোলটেবিল আলোচনায় যোগ দেবেন। তিনি যুব সমাজের সঙ্গে একটি সংলাপে অংশ নেবেন এবং নাগরিক সমাজের সদস্যদের সঙ্গে মতবিনিময় করবেন বলে আশা করা হচ্ছে। পরে গুতেরেস হোটেলে পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেনের সঙ্গে যৌথ মিডিয়া ব্রিফিংয়ে ভাষণ দেবেন।

প্রধান উপদেষ্টা ড. ইউনূস একই দিনে জাতিসংঘ প্রধানের সম্মানে ইফতার এবং নৈশভোজের আয়োজন করবেন। পুরো ৪ দিন তিনি বাংলাদেশে অত্যন্ত ব্যস্ততম সময় কাটাবেন বলে সংশ্লিষ্টরা আশা করছেন।

## টেসলা গাড়ি কিনে বিপাকে চালাতে পারবেন না ট্রাম্প

৬৪ পৃষ্ঠার পর

অনুমতি নেই। যুক্তরাষ্ট্রের কোনো প্রেসিডেন্টেরই রাস্তায় গাড়ি চালানোর অনুমতি দেয়া হয় না। নিরাপত্তার কথা চিন্তা করে রাষ্ট্রের অতি গুরুত্বপূর্ণ কর্মকর্তাদের সুরক্ষার জন্য এই নিয়ম জারি করে যুক্তরাষ্ট্রের সিক্রেট সার্ভিস। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ও তাদের পরিবারের দায়িত্বে নিয়োজিত থাকে এই আইন-শৃঙ্খলা বাহিনী।

ইলন মাস্কের প্রতি আস্থা ও সমর্থন জানাতে ডোনাল্ড ট্রাম্প একটি নতুন টেসলা কেনার কথা জানিয়েছিলেন। শেয়ার বাজারে টেসলার স্টক মূল্যের পতন হওয়ার পর গাড়ি কেনার ঘোষণা দেন তিনি।

## খলিলের মুক্তির দাবিতে ট্রাম্প টাওয়ারের সামনে বিক্ষোভ

৬৪ পৃষ্ঠার পর

প্রতিবাদকর্মীদের নেতা মাহমুদ খলিলের মুক্তির জন্য সমাবেশ করে। বিক্ষোভকারীরা ট্রাম্প টাওয়ারের সামনে একটি ডাইনিং এলাকায় ইসরায়েল বিরোধী এই বিশাল প্রতিবাদ সমাবেশ করেছে। নিউইয়র্কে ট্রাম্প ক্ষমতায় আসার পর এই প্রথম ট্রাম্প টাওয়ারের সামনে হাজারেরো মাহমুদ খলিলের মুক্তির দাবিতে এই বিক্ষোভ করেছে।

ট্রাম্প গ্রিল রেস্তোরাঁর বাইরে জড়ো হওয়া ফিলিস্তিনিপন্থী গ্রুপ 'ইহুদি ভয়েস ফর পিস'-এর অন্তত শতাধিক প্রতিবাদকারী লাল শার্ট পরে 'ইসরায়েলকে অস্ত্র দেওয়া বন্ধ করো' লেখা প্লেকার্ড বহন করে। ইহুদি ভয়েস ফর পিস গ্রুপের বিক্ষোভকারীরা কলম্বিয়ার স্নাতক ছাত্র মাহমুদ খলিলের সমর্থনে ট্রাম্প টাওয়ারের ভিতরে বিক্ষোভ করে।

তারা 'ছাত্রদের বিরুদ্ধে নয়, নাৎসিদের বিরুদ্ধে লড়াই করো', 'কখনও মুসলিমদের উপর নিষেধাজ্ঞা নয়' এবং 'ফিলিস্তিনিদের স্বাধীনতার জন্য ইহুদিদের দাবি' এমন প্লেকার্ড প্রদর্শন করে।



## ব্রঙ্কসে বাকার ইফতার



৬৪ পৃষ্ঠার পর

রুবেল ও সহ সাধারণ সম্পাদক এমডি আলাউদ্দিনের যৌথ সঞ্চালনায় ৮ মার্চ অনুষ্ঠিত হয়েছে ব্রঙ্কসের পিএস ১০৬ এর হলরুমে। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করে ক্বেরাত প্রতিযোগিতায় বি গ্রুপ থেকে প্রথম স্থান অধিকারী আব্দুর রহমান সাকেব। প্রায় পাঁচ শতাধিক মানুষের উপস্থিতিতে এই আয়োজনে প্রধান অতিথি হিসেবে নিউইয়র্ক সিটি মেয়র এরিক এডামসের উপস্থিত থাকার কথা থাকলেও জরুরি কারণে উনি উপস্থিত না হতে পারায় মেয়রের প্রতিনিধি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন মেয়র অফিসের মুসলিম সিনিয়র এডভাইজার মোহাম্মদ আমীন, চিফ অফ স্টাফ মীর বাশার, মুসলিম লিয়াজো অফিসার মোহাম্মদ মেহেদী হাসান।

সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি আব্দুল হালিম হাসনুর সার্বিক তত্ত্বাবধানে অনুষ্ঠিত এই আয়োজনে সবাইকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন সংগঠনের সাবেক সভাপতি ও আয়োজন কমিটির আহবায়ক আহসান চৌধুরী খোকন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, এ্যাক্সেস্স সিডিপাপ হোম কেয়ারের পরিচালক বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ আরও বক্তব্য রাখেন শেখ আল মামুন, মাসুদ রহমান, মাওলানা আবুল কাশেম ইমামিয়া, জাকির চৌধুরী সিপিএ, সামাদ মিয়া জাফের, তরিকুল ইসলাম মিন্টু, মাওলানা আজির উদ্দিন, মাওলানা মাহফুজুর রহমান প্রমুখ।

সংগঠনের পক্ষ থেকে বক্তব্য রাখেন সহ সভাপতি কবি মাকসুদা আহমেদ, সহ সাধারণ সম্পাদক সোহেল আহমেদ, স্কুল ও সমাজ সেবা সম্পাদক সালমা সুমি। সংগঠনের পক্ষে আরও উপস্থিত ছিলেন সহ সভাপতি লোকমান হোসেন পুতু,সহ সভাপতি ফয়সল আহমেদ, সহ সাধারণ সম্পাদক শাহ কামাল উদ্দিন,অর্থ সম্পাদক মোহাম্মদ রনি, প্রচার ও গণ সংযোগ সম্পাদক লিয়াকত আলী, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক রায়হান জামান রানা, ক্রীড়া ও বিনোদন সম্পাদক শাহ ইকবাল রাজু, কার্যকরী সদস্য কবি রেজাউজ্জামান রেহান, জে মোল্লা সানী এবং চৌধুরী মোমিত আসিম। কমিউনিটির বিশিষ্টজনদের মধ্যে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা তোফাজ্জেল চৌধুরী, জুনেদ আহমেদ চৌধুরী, মোহাম্মদ এন মজুমদার, সার্জেন্ট এহসান সিদ্দিকী, মাহবুবুল আলম, ফরিদা ইয়াসমিন, রিয়াজ কামরান,মখন মিয়া,দেলুল খান মাহবুব,জামিল আনসারী, হাসান আলী, কাজী হাসান,শাহ সেলিম,কবি মামুন আহমেদ, আনোয়ার জাহিদ, সুলতান মাহমুদ ,বাকী খন্দোকার, মকন মিয়া,মুক্তাদিম বিল্লাল তুষার, সাংবাদিক শামীম আহমেদ, সাংবাদিক শাখাওয়াত হোসেন সেলিম, মিজানুর রহমান, জোবায়ের চৌধুরী, আজম চৌধুরী, আনোয়ার জাহিদ, রোকন আহমেদ, রাশেদুল হক প্রমুখ। অনুষ্ঠানের প্রথম পর্বে ক্বেরাত প্রতিযোগিতায় বিজয়ীসহ অংশগ্রহণকারী সবার মধ্যে সার্টিফিকেট ও পুরস্কার তুলে দেয়া হয়। ইফতারের পূর্বে বায়তুল আমান মসজিদের পেশ ইমাম মাওলানা আজির উদ্দিন বিশেষ দোয়া পরিচালনা করেন।

## প্রবাসী টাঙ্গাইলবাসীর ইফতার মাহফিল

৩ পৃষ্ঠার পর

অনুষ্ঠানে আগত অতিথি ও টাঙ্গাইলবাসীদের স্বাগত জানান সংগঠনের সভাপতি ফরিদ খান ও সাধারণ সম্পাদক মোহাম্মদ শরীফ শিকদার সহ কার্যকরী পরিষদের কর্মকর্তারা।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংগঠনের প্রধান উপদেষ্টা ও সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক এবং নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সাবেক সভাপতি ডা. ওয়াজেদ এ খান, উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা আব্দুর রহমান, উপদেষ্টা খন্দকার আশেক শামীম, উপদেষ্টা ও সাবেক সভাপতি ফরহাদ তালুকদার, উপদেষ্টা সোলায়মান খান, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব ও টাঙ্গাইল প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক এবিএম সালাহউদ্দিন আহমেদ, সংগঠনের সাবেক সভাপতি মোজাম্মেল হক, আকতারুজ্জামান হ্যাপি ও আব্দুল হাকিম, সাবেক সাধারণ সম্পাদক অধ্যাপক গোলাম মোস্তফা সহ কবীর চৌধুরী, তৌফিকুর রহমান, আরীফ বিন আনোয়ার, কাজী খালিদ মিঠু, আব্দুর রব, শামীম মিয়া, নামিনা খন্দকার, সানোয়ার হোসেন প্রমুখ।

## যকৃৎ সুস্থ রাখতে



২২ পৃষ্ঠার পর

হেপাটাইটিস বি এবং সি ছড়ায় মূলত রক্ত, লালা, বীর্য, যোনিরস ও গর্ভফুলের মাধ্যমে। আক্রান্ত ব্যক্তির ব্যবহৃত ইনজেকশনের সুচ, ব্লেড, ক্ষুর, এমনকি টুথ ব্রাশ থেকে জীবাণু ছড়াতে পারে। আক্রান্ত মায়ের গর্ভের সন্তান সহজেই অন্তরালে আক্রান্ত হতে পারে। অসংযত যৌনাচার, নেশার সামগ্রী নেওয়ার জন্য একটি সিরিঞ্জ একাধিক ব্যক্তির ব্যবহারে এই জীবাণু ছড়িয়ে পড়ার অন্যতম কারণ। নিরাপদ রক্ত সঞ্চালন, নিরাপদ যৌনাচারের অভ্যাস গড়ে তুলতে হবে। নেশা থেকে দূরে থাকুন। হেপাটাইটিস এ এবং বি এর প্রতিরক্ষায় টিকা আছে। টিকা নিন।

দীর্ঘদিন অতিরিক্ত অ্যালকোহল সেবনের কারণে লিভার সিরোসিস হতে পারে। এ ছাড়া ধূমপান, বিভিন্ন ধরনের রাসায়নিক পদার্থ লিভারের জন্য ক্ষতিকর। ফসল উৎপাদনে ব্যবহৃত অতিরিক্ত কীটনাশক, রাসায়নিক সার, খাদ্যের সঙ্গে ব্যবহৃত রঞ্জক পদার্থ ও প্রিজারভেটিভ লিভারের ক্ষতি ডেকে আনতে পারে।

লেখক: মেডিসিন বিশেষজ্ঞ, সিএমএইচ, ঢাকা।


সাপ্তাহিক আজকাল

বিজ্ঞাপনের মূল্য তালিকা

বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার
পাত্র/পাত্রী চাই: এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার
লোক আবশ্যক: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
বেবি সিটার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
ড্রাইভার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

যে কোন তথ্যের জন্য ফোন করুন।
৬৪৬-২৬৭-৭৭৫১ | ৯১৭-৫১৯-১১৫১
Email: ajkalnews@gmail.com



পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক
Bangladeshi Foot Specialist
Dr. Sadi Alam



পায়ের কোন সমস্যায় ভুগছেন?
নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন
ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।
We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.

Our Office Locations
01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
Phone: 347-509-4470, Fax: (646) 845-1861
আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।
Call for Appointment


## যেমন ছিল পূর্ববর্তী নবীদের রোজা



২৫ পৃষ্ঠার পর

৩. ইবরাহিম (আ.)-এর রোজা : শেষ নবী মুহাম্মদ (সা.)-এর পূর্বপুরুষ হলেন ইবরাহিম (আ.)। যার বংশ থেকে অসংখ্য নবী-রাসুল এসেছেন। ইতিহাস থেকে জানা যায়, ইবরাহিম (আ.)-ও প্রতি মাসে তিনটি রোজা রাখতেন। এ ব্যাপারে তিনি আদম (আ.)-এর অনুসরণ করতেন। (সুনানে ইবনে মাজাহ)
৪. দাউদ (আ.)-এর রোজা : দাউদ (আ.) ছিলেন একজন নবী ও ন্যায়-পরায়ণ শাসক। কোরআনে যাকে আল্লাহর প্রতিনিধি বলা হয়েছে। তাঁর ওপর অবতীর্ণ হয়েছিল আসমানি কিতাব জাবুর। তাঁর রোজার প্রশংসা করে নবীজি (সা.) বলেন, 'আল্লাহ তাআলার নিকট অধিকতর প্রিয় রোজা হচ্ছে দাউদ (আ.)-এর রোজা। তিনি এক দিন রোজা রাখতেন এবং এক দিন রোজা রাখতেন না।' (সহিহ বুখারি, হাদিস : ৩৪২০)। ৫. সুলাইমান (আ.)-এর রোজা : নবী সুলাইমান (আ.) প্রতি মাসে ৯টি করে রোজা রাখতেন। মাসের প্রথম দশকে তিনটি, মধ্যের দশকে তিনটি ও শেষ দশকে তিনটি। (কানজুল উম্মাল, হাদিস : ২৪৬২৪)। ৬. ঈসা (আ.)-এর রোজা : আল্লাহ তাআলা তাঁকে অনেক মুজিজা প্রদান করেছেন। তিনি নিজে বিভিন্ন জিনিস আহার করা থেকে বিরত থাকতেন।

যেমন-মাছ ব্যতীত পাখি, গোশত ও প্রাণ আছে এমন সব প্রাণী। আর এটাই ছিল তাঁর রোজা। (তাফসিরে তাবারি : ৩/৪১১)

## আলভারেজের পেনাল্টি বাতিল করায় ক্ষুব্ধ সিমিওনে

৫২ পৃষ্ঠার পর

আলভারেজের ওই শট নিয়ে প্রথমে অভিযোগ জানান কিলিয়ান এমবাপ্পে। রেফারিকে ইঙ্গিত করেন পেনাল্টিতে দুইবার বল স্পর্শ করা হয়েছে। তৃতীয় শট নিতে যাওয়া ফেদেরিকো ভালভার্দেকে তখন থামিয়ে দেন রেফারি সিমোন মার্লিনিয়াক। ভিএআর চেকে দেখা যায় ডান পায়ে শট নেওয়ার আগ মুহূর্তে খানিকটা নিয়ন্ত্রণ হারান আর্জেন্টাইন তারকা, এর ফলে তার বাঁ পা লেগে যায় বলে। আর 'ডাবল টাচ' হওয়ায় বল জালে জড়ালেও বাতিল হয় সেই গোল।

ম্যাচ শেষে আলভারেজের পেনাল্টি মিস নিয়ে প্রশ্ন উঠতেই ক্ষেপে যান সিমিওনে। বলেন, 'যারা এখানে আছেন, হুলিয়ানকে পেনাল্টিতে দুইবার বল স্পর্শ করতে দেখলে হাত তুলুন। কেউ হাত তুললেন না। পরের প্রশ্ন।'

এদিকে দুবার বলে স্পর্শ করার অভিযোগ নিয়ে আলভারেজ বলেন, 'আমি বলে কোনো দ্বিতীয় স্পর্শ অনুভব করিনি।'

## পাঠ্যবই কবে দেবেন

৬ পৃষ্ঠার পর

দেশের শিশুদের মৌলিক অধিকার রক্ষা করতে ব্যর্থ হয়েছে। যদি এই সমস্যা অবিলম্বে সমাধান করা না হয়, তাহলে বাংলাদেশের ভবিষ্যৎ দীর্ঘ মেয়াদে ক্ষতিগ্রস্ত হবে।

ড. ইউনূস, আপনার এখনই পদক্ষেপ নেওয়া উচিত। দুর্নীতির বিরুদ্ধে লড়াই করুন, দায়ীদের বরখাস্ত করুন এবং একটি জরুরি কর্মপরিকল্পনা গ্রহণ করুন, যাতে প্রত্যেক শিক্ষার্থী দ্রুত তাদের পাঠ্যপুস্তক পেতে পারে। শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টারা সুযোগ পেয়েছেন এবং তাঁরা ব্যর্থ হয়েছেন। এখন আপনার দায়িত্ব এই বিশৃঙ্খলা দূর করা। বাংলাদেশের শিক্ষার্থীরা আর অপেক্ষা করতে পারে না। পাঠ্যপুস্তক এখনই বিতরণ করুন।

লেখক: ওমর শেহাব, তত্ত্বীয় কোয়ান্টাম কম্পিউটার বিজ্ঞানী ও গবেষক।

## রমজানে বিএএসজের খাদ্যসামগ্রী বিতরণ

৩ পৃষ্ঠার পর

ধারাবাহিকতায় রমজান উপলক্ষে খাদ্যসামগ্রী বিতরণ করছি। আশা করি আগামীতেও এই কর্মকাণ্ড অব্যাহত থাকবে।

পবিত্র রমজান উপলক্ষে বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির বিনামূল্যে খাদ্যসামগ্রী বিতরণ স্থানীয় মহলে বেশ সাড়া ফেলেছিল। বিভিন্ন কমিউনিটির লোকজন এই খাদ্য সহায়তা গ্রহণ করেন। খাদ্য সামগ্রী বিতরণের সময় বিএএসজের ট্রাস্টি বোর্ডের সভাপতি আব্দুর রফিক, ফেরদৌস ইসলাম, গিয়াস উদ্দীন পাঠান, মো. দিদার, শাহরিয়ার আহমেদ, সিরাজুল ইসলাম, আটলান্টিক সিটি স্কুল বোর্ড সদস্য সুব্রত চৌধুরী, রফিকুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

## সেকেন্ড রিপাবলিক, একটা বাক্যবিলাস ছাড়া আর কিছু নয়

৭ পৃষ্ঠার পর

নতুন সংবিধানের জন্য যদি আমরা এটাকে দ্বিতীয় রিপাবলিক হিসেবে ঘোষণা করতে চাই, সেটা একটা বাক্যবিলাস ছাড়া আর কিছু হবে না।

এখনো আমরা যদি আবেগপ্রবণ হয়ে বাক্যবিলাসের মধ্যে থাকি, সেটা জাতির জন্য সুসংবাদ নয়। আমি আশা করব, আমাদের নতুন বন্ধুরা, যাঁরা পরিবর্তনের জন্য রাজনীতিতে এসেছেন-সমাজের পরিবর্তনের জন্য এবং একটি বৈষম্যহীন সমাজ বিনির্মাণের জন্য, একটি শক্তিশালী গণতান্ত্রিক রাষ্ট্র বিনির্মাণের জন্য-তাঁদের আমরা অনুরোধ করব, আমরা যেন সম্মিলিতভাবে ফ্যাসিবাদবিরোধী জাতীয় ঐক্যকে ঊর্ধ্বে তুলে ধরে এ জাতিকে এগিয়ে নিয়ে যাই। ঐক্যের মধ্যে যেন কোনোভাবে ফাটল সৃষ্টি হতে না পারে, সেদিকে খেয়াল রাখি।

লেখক: স্থায়ী কমিটির সদস্য, বিএনপি।


CHAUDRI CPA P.C.
FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING
Sarwar Chaudri, CPA, MBA



ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন
